ভুঙ্‌ক্তে ইতি। নিষ্কণ্টকং নিঃসপত্নং। অভেদবিবক্ষয়া শম্ভুর্ব্রহ্মা

হে নরশ্রেষ্ঠ! কপটী রাক্ষস রাবণ যে সীতাকে সমুদ্র মধ্যে অপহরণ করিয়া পলায়ন করিয়াছে, সেই সীতা তোমার সমীপে কি প্রকারে আগমন করিবে? । ২ ।

যাহার দ্বারে মর্কটযূথের ন্যায় দেবগণ সম্বদ্ধ রহিয়াছেন, এবং সুরাঙ্গনাগণ যাহার নিকট চামরধারিণী হইয়া অবস্থিতি করিতেছেন, যে মহাদেবের

ইন্দ্রজিন্নাম পুত্রো যস্তস্যাস্তীশবরোদ্ধতঃ।
তস্যাগ্রে সঙ্গরে দেবা বহুবারং পলায়িতাঃ ॥ ৫ ॥
কুম্ভকর্ণাহ্বয়ো ভ্রাতা যস্যাস্তি সুরসূদনঃ।
অন্যো দিব্যাস্ত্রসংযুক্তশ্চিরঞ্জীবী বিভীষণঃ ॥ ৬ ॥
দুর্গং যস্যাস্তি লঙ্কাখ্যং দুর্জ্জয়ং দেবদানবৈঃ।
চতুরঙ্গবলং যস্য বর্ত্ততে কোটিসংখ্যয়া ॥ ৭ ॥

শিবশ্চ তয়োর্ব্বরেণ দর্পিতোগর্ব্বিতঃ। তস্য রাবণস্য ত্বৎকর্ত্তৃকস্তৎ-কর্ম্মকোজয় ইত্যর্থঃ ॥৪॥ ইন্দ্রজিদিতি। ঈশবরেণোদ্ধতঃ গর্ব্বিতঃ। পলায়িতাঃ পলায়নং কৃতবন্ত ইত্যর্থঃ ॥ ৫ ॥ কুম্ভকর্ণেতি। সুর-সূদনোদেবানাং ক্ষোভকঃ। অন্যঃ কুম্ভকর্ণাদপরোবিভীষণঃ। চিরঞ্জীবীতি ভাবিবরদানেনোক্তং ॥ ৬ ॥

দুর্গমিতি। দুর্গং জলে বিষমস্থানং। দুর্জ্জয়ং জেতুমশক্যং। চত্বারি অঙ্গানি হস্ত্যশ্বরথপদাতিরূপাণি যস্য তৎ তথা বলং সৈন্যং কোটিসংখ্যয়া উপলক্ষিতং সৎ বর্দ্ধতে। কোট্য ইত্যেব গণনীয়ং নতু কোটিমত্রেণ পরিচ্ছেদ্যমিত্যর্থঃ ।৭। একাকিনেতি। অসহা-

---

বরদ্বারা গর্ব্বিত হইয়া নিষ্কণ্টকে সমস্ত ত্রৈলোক্য ভোগ করিতেছে, কেমন করিয়া তুমি তাহাকে জয় করিবে? । ৩ । ৪ ।

সেই রাবণের ইন্দ্রজিৎ নামক যে পুত্র আছে, সে মহাদেবের বরদ্বারা অতীব উদ্ধত হইয়াছে, তাহার সহিত যুদ্ধ করিয়া দেবগণ অনেকবার পলা-য়ন করিয়াছেন। পরন্তু কুম্ভকর্ণ নামক তদীয় ভ্রাতা দেবগণকে সংক্ষুব্ধ করিয়াছে এবং তাহার বিভীষণ নামক অন্য এক ভ্রাতা চিরজীবী হইয়া দিব্যাস্ত্র সহায়করতঃ অবস্থিত আছে। ৫ । ৬ ।

যাহার দেব দানব অজেয় লঙ্কা নামক দুর্গ আছে, এবং যাহার কোটি

একাকিনা ত্বয়া জেয়ঃ স কথং নৃপনন্দন ॥
আকাঙ্ক্ষতে করে ধর্ত্তুং বালশ্চন্দ্রমসং যথা ॥ ৮ ॥
তথা ত্বং কামমোহেন জয়ং তস্যাভিবাঞ্ছসি ॥ ৯ ॥

শ্রীরাম উবাচ।

ক্ষত্রিয়োঽহং মুনিশ্রেষ্ঠ ভার্য্যা মে রক্ষসা হৃতা।
যদি তং ন নিহন্ম্যাশু জীবনে মেঽস্তি কিং ফলং ॥১০॥

য়েন স প্রতিপক্ষোরাবণঃ সসহায়ঃ কথং কেন প্রকারেণ জেয়ঃ। ত্বদুদ্যোগস্ত্বকিঞ্চিৎকর ইত্যাহ। আকাঙ্ক্ষত ইতি। যথা বালশ্চন্দ্রমসং করে ধর্ত্তুং আকাঙ্ক্ষতে তথাত্বং কামমোহেন কামপ্রযুক্তাবিবেকেনেত্যর্থঃ ॥ ৮ ॥

তথেতি। তস্য রাবণস্য ॥৯॥ নাহং জ্ঞানাধিকারী বৈরাগ্যাভাবাদিতি লোকরীতিং বিড়ম্বয়ন্ শ্রীরাম উবাচ, অন্যেনান্যস্য বলাৎ ভার্য্যা অপহৃতা চেত্তং দস্যুং হত্বা তস্য ভার্য্যা বিমোক্ষণীয়া কিমুত স্বস্য। যতঃ ক্ষত্রিয়োঽহং ক্ষতাৎ ত্রায়ত ইতি ক্ষত্রিয়ঃ যদি তং রাবণমাশু শীঘ্রং ন হন্মি তদা মম জীবনে কিং ফলমস্তি। স বা হন্তব্যো ময়া বা মর্ত্তব্যমিতি ভাবঃ ॥ ১০ ॥ অত ইতি। তে

পরিমিত চতুরঙ্গ সৈন্য সর্ব্বদা বর্ত্তমান রহিয়াছে, তাদৃশ রাবণকে তুমি একাকী কেমন করিয়া জয় করিতে পারিবে? বালক যে প্রকার হস্ত দ্বারা চন্দ্রমাকে গ্রহণ করিতে ইচ্ছা করে তুমিও তদ্রূপ কাম মোহবশতঃ সেই রাবণের জয়াকাঙ্ক্ষী হইতেছ। ৭। ৮। ৯।

শ্রীরাম বলিলেন, হে মুনিশ্রেষ্ঠ! আমি ক্ষত্রিয়, আমার ভার্য্যা রাবণ কর্ত্তৃক অপহৃতা হইয়াছেন, এখন যদি তাহাকে বিনষ্ট করিতে না পারি,

অতস্তে তত্ত্ববোধেন ন মে কিঞ্চিৎ প্রয়োজনং।
কামক্রোধাদয়ঃ সর্ব্বে দহ্যন্তে তে তনুর্ম্মম ॥ ১১ ॥
অহঙ্কারোঽপি মে নিত্যং জীবনং হন্তুমুদ্যতঃ ॥১২॥
হৃতায়াং নিজকান্তায়াং শত্রুণাবমতস্য বা।
যস্য তত্ত্ববুভুৎসা স্যাৎ স লোকে পুরুষাধমঃ ॥১৩॥

তত্ত্ববোধেন তে ত্বয়া ক্রিয়মাণেনোপদেশেনেত্যর্থঃ। মে কিমপি প্রয়োজনং নাস্তি। কামক্রোধাদয়ো যে রজস্তমোবিকারাস্তৈঃ। তনুর্দেহঃ ॥ ১১ ॥

কিঞ্চ অহঙ্কার ইতি। ক্ষেত্রিয়োঽহমিত্যাদিগর্ব্বোঽপি মে মম জীবনং প্রাণধারণং হন্তুমুদ্যতস্তস্মাদলং শ্রবণাদিনেতি ভাবঃ ॥ ১২ ॥

নন্থ বিষয়দোষদর্শনেন বিরক্তঃ সন্ শ্রবণাদি কুর্য্যাৎ, বিরক্তস্যৈব তত্ত্ববুভুৎসায়ামধিকার ইতি চেন্নেত্যাহ হৃতায়ামিতি। নিজকান্তায়াং-শত্রুণা হৃতায়াং সত্যাং বা শত্রুণা অবমতস্য তিরস্কৃতস্য. যস্য তত্ত্ব-বুভুৎসা তত্ত্বং বোদ্ধুমিচ্ছা স্যাৎ স লোকে পুরুষাধমঃ। দেহাদিষ্ব-নিত্যাশুচিদুঃখরূপত্বাদিবুদ্ধ্যা বৈরাগ্যবত এব মোক্ষশাস্ত্রেঽধিকারঃ। অন্যেতু প্রতিষ্ঠার্থং তচ্ছাস্ত্রং পঠন্তীতি রামোক্ত্যা সূচিতং ॥ ১৩ ॥

তবে এই জীবনে ফল কি ? অতএব আমার তত্ত্বজ্ঞানের দ্বারা আমার কোনই প্রয়োজন নাই, কারণ কাম ক্রোধাদি সকলেই আমার শরীর দগ্ধ করিতেছে এবং অহঙ্কারও আমার জীবন নষ্ট করিতে উদ্যত হইয়াছে। ১০। ১১। ১২।

যে ব্যক্তি নিজকান্তা অপহরণ দ্বারা অবমানিত হইয়াও তত্ত্ববোধে ইচ্ছুক হয়, সে লোকমধ্যে পুরুষাধম বলিয়া পরিগণিত। অতএব সমুদ্র

তস্মাত্তস্য বধোপায়ং লঙ্ঘয়িত্বাম্বুধিং রণে। ..
ব্রূহি মে মুনিশার্দ্দূল ত্বত্তো নান্যোঽস্তি মে গুরুঃ॥ ১৪॥

অগস্ত্য-উবাচ।

এবং চেচ্ছরণং যাহি পার্ব্বতীপতিমব্যয়ং।
সচেৎ প্রসন্নো ভগবান্ বাঞ্ছিতার্থং প্রদাস্যতি॥ ১৫॥
দেবৈরজেয়ঃ শক্রাদ্যৈর্হরিণা ব্রহ্মণাপি বা।
স তে বধ্যঃ কথং বা স্যাৎ শঙ্করানুগ্রহং বিনা॥১৬॥

তস্মাদিতি। অম্বুধিং লঙ্ঘয়িত্বা রণে তস্য রাবণস্য বধে উপায়ং ত্বত্তঃ ত্বাং বিনেত্যর্থঃ॥ ১৪॥ যস্য তত্ত্বজ্ঞানমুপদেষ্টব্যমেবেতি নিশ্চয়স্তেন গুরুণাপি তচ্ছন্দানুরোধেন বর্ত্তিতব্যমিতি লৌকিকীং রীতিমনুসরন্নগস্ত্য উবাচ এবমিতি। এবং চেৎ শত্রুবধ এবাবশ্যং কর্ত্তব্যশ্চেত্তর্হি অব্যয়মবিনাশং পার্ব্বতীপতিং শরণং যাহি, স প্রসন্নশ্চেত্তর্হি॥ ১৫॥ ত্বয়ৈব প্রসাদঃ ক্রিয়তামিতি চেত্তত্রাহ দেবৈরিতি। তে ত্বয়া বধ্যঃ হন্তুং শক্যঃ কথং কেন প্রকারেণ॥১৬॥

লঙ্ঘন করিয়া তাহার বধ বিষয়ে যে উপায় আছে, তাহা আপনি বলুন। হে মুনিপুঙ্গব! আপনি ভিন্ন আমার আর অন্য গুরু নাই। ১৩। ১৪।

অগস্ত্য বলিলেন, তোমার যদি এই প্রকার দৃঢ় নিশ্চয় হয়, তবে অবিনশ্বর পার্ব্বতী বল্লভের শরণাপন্ন হও, ভগবান পার্ব্বতীশ প্রসন্ন হইলে তোমার বাঞ্ছিত ফল প্রদান করিবেন। শঙ্করের অনুগ্রহ ব্যতীত শক্রাদি দেবগণ, বিষ্ণু ও ব্রহ্মা কর্ত্তৃক অজেয় সেই রাবণ কেমন করিয়া তোমার বধ্য হইতে পারে?। ১৫। ১৬।

অতস্ত্বাং দীক্ষয়িষ্যামি বিরজামার্গমাশ্রিতঃ।
তেন মার্গেণ মর্ত্ত্যত্বং হিত্বা তেজোময়ো ভব ॥১৭॥
যেন হত্বা রণে শত্রূন্ সর্ব্বান্ কামানবাপ্স্যসি ॥
ভুক্ত্বা ভূমণ্ডলং চান্তে শিবসাযুজ্যমাপ্স্যসি ॥১৮॥

সূত উবাচ।

অথ প্রণম্য রামস্তং দণ্ডবন্মুনিসত্তমং।
উবাচ দুঃখনির্মুক্তঃ প্রহৃষ্টেনান্তরাত্মনা ॥ ১৯ ॥

অত ইতি। বিরজাগমং বিরাজাদীক্ষাপ্রতিপাদকং শাস্ত্রমাশ্রিতঃ সন্ দীক্ষয়িষ্যামি দীক্ষাবন্তং করিষ্যামি ইত্যর্থঃ। তেন মার্গেণোপায়েন মর্ত্ত্যত্বমিতরসাধারণ্যং হিত্বা তেজোময়ঃ শুদ্ধদেহোভব। আশিষি লোট্ ॥ ১৭ ॥ যেনেতি। যেন দীক্ষাসংস্কারেণ শত্রূন্ হত্বা সর্ব্বান্ কামানবাপ্স্যসি। কিঞ্চ ভূমণ্ডলং ভুক্ত্বা অনুভূয় অন্তে শিবসাযুজ্যমপরমুক্তিং প্রাপ্স্যসি। উপাসনাভির্মুক্তয়স্ত সারূপ্যাদয় এব ভবন্তি, জ্ঞানেন কৈবল্যরূপা মুক্তিরিতি ভাবঃ ॥ ১৮ ॥

সূত উবাচ অথেতি। অগস্ত্যবাক্যশ্রবণানন্তরং ॥ ১৯ ॥

অতএব বিরজাদীক্ষা প্রতিপাদক শাস্ত্র অবলম্বন করিয়া আমি তোমাকে দীক্ষিত করিব, তুমি সেই পন্থা অনুসরণকরতঃ মর্ত্ত্যত্ব পরিহার পূর্ব্বক বিশুদ্ধ দেহবান্ হও। পরন্ত এই দীক্ষা প্রভাবে যুদ্ধে শত্রুজয়ী হইবে এবং পৃথিবীমণ্ডল ভোগকরতঃ অন্তে শিবসাযুজ্য প্রাপ্ত হইবে। ১৭। ১৮।

সূত বলিলেন, অনন্তর রাম সেই মুনিসত্তমকে দণ্ডবৎ প্রণাম করিয়া দুঃখ বিমোচন বশতঃ প্রহৃষ্টান্তঃকরণে বলিতে লাগিলেন। ১৯।

শ্রীরাম উবাচ।

কৃতার্থোঽহং মুনে জাতো বাঞ্ছিতার্থো মমাগতঃ।
পীতাম্বুধিঃ প্রসন্নস্ত্বং যদি মে কিমু দুর্ল্লভং।
অতস্ত্বং বিরজাদীক্ষাং ব্রূহি মে মুনিসত্তম॥ ২০ ॥

অগস্ত্য উবাচ।

শুক্লপক্ষে চতুর্দ্দশ্যামষ্টম্যাং বা বিশেষতঃ।
একাদশ্যাং সোমবারে আর্দ্রায়াং বা
সমারভেৎ॥ ২১ ॥
যং বামমাহুর্যং রুদ্রং শাশ্বতং পরমেশ্বরং।
পরাৎপরংপরং চাহুঃ পরাৎপরতরং শিবম্॥
ব্রহ্মণো জনকং বিষ্ণোর্বহ্নের্বায়োঃ সদাশিবং॥২২॥

কৃতার্থ ইতি। আগতঃ সিদ্ধঃ। তস্য মাহাত্ম্যমাহ পীতাম্বুধিরিতি। চুলকিতসিন্ধুঃ। তবানুগ্রহে সতি সিন্ধুতরণাদিকং সর্ব্বং মদিষ্টং সেৎস্যতীতি ভাবঃ। অতইতি। যতঃ শিবপ্রসাদহেতুর্দীক্ষা অতঃ কারণাদিত্যর্থঃ॥ ২০॥ অগস্ত্য উবাচ শুক্লপক্ষ ইতি। যস্মিন্ কস্মিন্ বা মাসে শুক্লপক্ষে চতুর্দ্দশ্যাদ্যুক্ততিথিষু আর্দ্রযুক্তসোমবারে বা দীক্ষাং সমারভেৎ। পরশ্লোকপদমার্ষং॥ ২১॥

শ্রীরাম বলিলেন, মুনে! আমি কৃতার্থ হইলাম, আমার বাঞ্ছিত বিষয় সিদ্ধ হইয়াছে। আপনি সিন্ধু পান করিতে সমর্থ হইয়াছিলেন, আপনি প্রসন্ন হইলে আমার কিছুই দুর্ল্লভ হইবে না, অতএব হে মুনিসত্তম! আপনি আমাকে বিরজা দীক্ষা বলুন। ২০।

অগস্ত্য বলিলেন, শুক্লপক্ষীয় চতুর্দ্দশী, অষ্টমী, একাদশী তিথিতে অথবা আর্দ্রানক্ষত্রযুক্ত সোমবারে দীক্ষারম্ভ করিবে। ২১।

ধ্যাত্বাগ্নিনাবসথ্যাগ্নিং বিশোধ্য চ পৃথক্ পৃথক্।
পঞ্চভূতানি সংযম্য দগ্ধ্বা গুণবিধিক্রমাৎ ॥ ২৩ ॥
মাত্রাঃ পঞ্চ চতস্রশ্চ ত্রিমাত্রা দ্বিস্ততঃ পরং।
একমাত্রমমাত্রং চ দ্বাদশান্তব্যবস্থিতং ॥ ২৪ ॥

যমিতি। যং দেবমিত্থমাহুস্তং ধ্যাত্বা ব্রতং চরেদিতি বক্ষ্যমাণেনান্বয়ঃ। বামং সুন্দরং শ্রেষ্ঠং বা। রুদ্রং রুদন্তীতি রুদঃ সংসারিণস্তান্ রাতি কৃপয়া অনুগৃহ্ণাতীতি রুদ্রস্তং পরাৎপরং জগন্নিয়ন্তারং, পরাৎপরতরং ব্রহ্মাদিবন্দ্যং। ব্রহ্মবিষ্ণ্বাদিবাচ্যানাং সকললীলাবিগ্রহাণাং মূলভূতমিত্যর্থঃ ইন্দ্রোমায়াভিঃ পুরুরূপ ঈয়তে ইত্যাদিশ্রুতেঃ। অতএব সদাশিবং পূর্ণানন্দাত্মনা ব্যবস্থিতং ॥ ২২ ॥

ধ্যাত্বেতি। এবং বিধং শিবং ধ্যাত্বেতি পূর্ব্বাগমনেনোক্তং ভবতি। ভূতশুদ্ধিপ্রকারমাহ ধ্যাত্বেত্যাদিনা। অগ্নিনা অগ্নিবীজেনেত্যর্থঃ। আবসথ্যাগ্নিং ধ্যাত্বা পঞ্চভূতানি স্বদেহারম্ভকানি পৃথক্ পৃথক্ বায়ুবীজেন বিশোধ্য বিশোষয়িত্বা তানি পঞ্চভূতাণি সংযম্য আবসথ্যাগ্নিনা গুণবিধিক্রমাৎ শব্দাদিগুণপূর্ব্বকং তেন ক্রমেণেত্যর্থঃ। দগ্ধ্বা ধ্যাত্বা স্বস্বগুণপূর্ব্বকং তানি ভূতানি দগ্ধানীতি ভাবয়িত্বা ইত্যর্থঃ ॥ ২৩ ॥

তমেব ক্রমং স্ফুটমাহ মাত্রা ইতি। রূপরসগন্ধস্পর্শশব্দতন্মাত্রা-

যাঁহাকে শ্রেষ্ঠ বলিয়া কীর্ত্তন করে, যাঁহাকে রুদ্র বলে, যাঁহাকে নিত্য, পরমেশ্বর, জগন্নিয়ন্তা এবং মঙ্গলস্বরূপ বলে, যিনি ব্রহ্মা, বিষ্ণু, অগ্নি ও বায়ুর উৎপাদক, সেই সদাশিবকে ধ্যান করতঃ অগ্নি বীজের দ্বারা অবসথ্যাগ্নিকে ধ্যান করিয়া (বায়ুবীজের দ্বারা) পঞ্চভূতকে পৃথক্‌রূপে বিশুদ্ধ ও পঞ্চভূতকে সংযত করিয়া স্ব স্ব গুণের সহিত পঞ্চভূত দগ্ধ হইয়াছে এই প্রকার ভাবনা করিবে। ২২। ২৩।

স্থিত্যাং স্থাপ্যামৃতো ভূত্বা ব্রতং পাশুপতং চরেৎ॥ ২৫॥

ইদং ব্রতং পাশুপতং করিষ্যামি সমাসতঃ।
প্রাতরেব তু সংকল্প্য নিধায়াগ্নিং স্বশাখয়া॥২৬॥

ইত্যর্থঃ। অয়ং ভাবঃ। পৃথিবী পঞ্চমাত্রা, আপশ্চতুর্মাত্রাঃ, তেজস্ত্রিমাত্রং, বায়ুর্দ্বিমাত্রঃ, আকাশ একমাত্র ইতি। তথা চ পূর্ব্ব-পূর্ব্বস্মোত্তরোত্তরং প্রত্যুৎপাদনতয়া তদীয়ানাং গুণানামপ্যুত্তরোত্তর-মন্বয়াদিতি ভাবঃ। অমাত্রমিতি। অহংকারমহত্তত্ত্বমায়ানামেক-তত্বেন গ্রহণং তচ্চামাত্র[illegible] অব্যক্তগুণভেদত্বাৎ রূপাদিতন্মাত্র-রহিতমিত্যর্থঃ। তৎ কীদৃশ[illegible]শান্তব্যবস্থিতং পঞ্চতন্মাত্ররূপাঃ শব্দাদয়ঃ পঞ্চমহাভূতানি অহংকারমহত্তত্ত্বমায়াখ্যমেকং এবমেকাদশতত্ত্বানি এষামাধারঃ পরমাত্মা দ্বাদশঃ, স এবান্তোলয়াবধিরিতি দ্বাদশান্তস্তস্মিন্ ব্যবস্থিতং প্রবিলাপেনাবস্থিতং ধ্যায়েদিত্যর্থঃ॥ ২৪॥

স্থিত্যাং স্থাপ্যেতি। তদনন্তরমমৃতবীজেন তদ্ধ্যানপূর্ব্বকং পুনঃ সর্ব্বলয়াধারাদ্ব্রহ্মণঃ সৃষ্টিক্রমেণ পঞ্চীকরণপূর্ব্বকং পূর্ব্ব-বদ্দেহস্থিত্যাং তানি তত্ত্বান্যবস্থাপ্য অমৃতোভূত্বা দিব্যদেহোভূত্বে-ত্যর্থঃ। পাশুপতং ব্রতং চরেদিতি ভূতশুদ্ধি প্রকারঃ উদাহৃতঃ॥২৫॥

কি প্রকারে পঞ্চভূত দগ্ধ করিবে, তাহার ক্রম বলিতেছেন, পৃথিবী পঞ্চ-মাত্র, জল চতুর্মাত্র, তেজ ত্রিমাত্র, বায়ু দ্বিমাত্র, আকাশ একমাত্র, অহঙ্কার বুদ্ধিতত্ত্ব ও মায়া ইহারা অমাত্র, এই সকল পদার্থ আত্মতত্ত্বে বিলীন হইয়াছে এই প্রকার ভাবনা করিবে। ২৪।

অনন্তর বিলীন পদার্থ-বর্গকে যথাস্থানে স্থাপন পূর্ব্বক দিব্য দেহ সম্পন্ন হইয়া পাশুপত নামক ব্রতের অনুষ্ঠান করিবে। ২৫।

উপোষিতঃ শুচিঃ স্নাতঃ শুক্লাম্বরধরঃ স্বয়ং।
শুক্লযজ্ঞোপবীতশ্চ শুক্লমাল্যানুলেপনঃ ॥২৭॥
জুহুয়াদ্বিরজামন্ত্রৈঃ প্রাণাপানাদিভিস্ততঃ।
অনুবাকান্তমেকাগ্রঃ সমিদাজ্যচরূন্ পৃথক্ ॥ ২৮ ॥
আত্মন্যগ্নিং সমারোপ্য যাতে অগ্নেতি মন্ত্রতঃ।
ভস্মাদায়াগ্নি রিত্যাদ্যৈ র্বিমৃজ্যাঙ্গানি
সংস্পৃশেৎ ॥ ২৯ ॥

ইদং ব্রতমিতি। সমাসতঃ সঙ্ক্ষেপেণ সঙ্কল্প্য সংকল্পং কৃত্বা স্বশাখয়া স্বশাখোক্তবিধিনা অগ্নিং প্রতিষ্ঠাপ্যেত্যর্থঃ ॥ ২৬ ॥

উপোষিত ইতি। স্পষ্টং ॥ ২৭ ॥ জুহুয়াদিতি। ততস্তদনন্তরং একাগ্রঃ স্বস্থঃ সন্ সমিদাজ্যচরূনিতি দ্রব্যত্রয়ং পৃথক্ পৃথক্ অনুবাকান্তং অনুবাকসমাপ্তিপর্য্যন্তং জুহুয়াৎ। প্রাণাপানব্যানোদানসমানা মে শুদ্ধ্যন্তাং। জ্যোতিরহংবিরজা বিপাপ্মা ভূয়াসং স্বাহা। ইত্যাদয়োবিরজামন্ত্রা অনুসন্ধেয়াঃ ॥ ২৮ ॥ আত্মনীতি। যাতে অগ্নে যজ্ঞীয়াতনূঃ ইত্যাদিমন্ত্রেণাগ্নিমাত্মনি সমারোপ্য, ততোহুতস্যাগ্নের্ভস্মাদায় গৃহীত্বা অগ্নিরিতি ভস্ম ইত্যাদিমন্ত্রৈর্বিমৃজ্য অভিমন্ত্র্য

"আমি এই পাশুপত ব্রতের অনুষ্ঠান করিব" প্রাতঃকালে সংক্ষেপে এইরূপ সংকল্প করিয়া স্বশাখোক্ত বিধানে অগ্নিস্থাপন পূর্ব্বক উপবাসী, শুচি, স্নাত, শুভ্রবস্ত্র পরিধায়ী, শুক্ল যজ্ঞোপবীতান্বিত এবং শ্বেত মাল্যানুলেপন যুক্ত হইয়া একাগ্রচিত্তে প্রাণাপানাদি বিরজামন্ত্র (টীকায় দেখুন) পাঠ পূর্ব্বক মন্ত্রের অনুবাক সমাপ্তি পর্য্যন্ত সমিধ্, ঘৃত, এবং চরুদ্বারা পৃথক্ পৃথক্‌ভাবে হোম করিবে। ২৬।২৭।২৮।

অনন্তর "যাতে অগ্নে" ইত্যাদি মন্ত্র পাঠপূর্ব্বক অগ্নিকে আত্ম-সংহিত

ভস্মচ্ছন্নো দ্বিজোবিদ্বান্ মহাপাতকসম্ভবৈঃ।
পাপৈর্ব্বিমুচ্যতে নিত্যং মুচ্যতে ন চ সংশয়ঃ ॥৩০॥
বীর্য্যমগ্নের্যতো ভস্ম বীর্য্যবান্ ভস্মসংযুতঃ।
ভস্মস্নানরতো বিপ্রো ভস্মশায়ী জিতেন্দ্রিয়ঃ ॥৩১॥
সর্ব্বপাপবিনির্ম্মুক্তঃ শিবসাযুজ্যমাপ্নুয়াৎ
এবং কুরু মহারাজ শিবনামসহস্রকং ॥ ৩২ ॥

তেন ভস্মনা অঙ্গানি ললাটাদীনি সংস্পৃশেৎ। তেষু ভস্ম ধারয়েদিত্যর্থঃ। অগ্ন ইতি বক্তব্যে অগ্নেতি সন্ধিরার্ষঃ। অগ্নিরিত্যাদিভির্মন্ত্রৈঃ শুদ্ধং ভস্মাভিমন্ত্রিতং। শিবমন্ত্রেণ বা ধার্য্যং গায়ত্র্যা প্রণবেন বা। এতচ্চ ভস্ম-ধারণং সর্ব্বকর্ম্মাঙ্গং। ন তদ্ধ্যানং ন তদ্দানং ন তজ্‌জ্ঞানং জপোন সঃ। ত্রিপুণ্ড্রেণ বিনা যেন বিপ্রেণ যদনুষ্ঠিতং ॥ ইতি। বিস্তরস্ত্বাকরে দ্রষ্টব্যঃ ॥২৯॥

ভস্মেতি। ছন্নোলিপ্তাঙ্গ আদৌ পাপৈর্ব্বিমুচ্যতে, ততোজ্ঞানেন সংসারাদপি মুচ্যতে। ন সংশয়ইতি। মহাপাপেভ্যঃ কথং প্রমুচ্যত ইতি সংশয়ো ন কার্য্যঃ ভস্মসামর্থ্যং বাচামগোচরমিতি ভাবঃ ॥৩০॥৩১॥ এবং কুর্ব্বিতি। এবং প্রাগুক্তরীত্যা ভস্মধারণং

ধ্যান করিয়া, অগ্নি হইতে ভস্ম গ্রহণ পূর্ব্বক "অগ্নিরিতি ভস্ম" ইত্যাদি মন্ত্রের দ্বারা ললাটাদি অঙ্গ বিলিপ্ত করিবে। ২৯।

যে বিদ্বান্ দ্বিজ এই প্রকারে ভস্মদ্বারা আচ্ছন্ন শরীর হয়েন, তিনি মহাপাতক সম্ভূত পাপ হইতে বিমুক্ত হইতে পারেন, তাহাতে কোন সন্দেহ নাই (৩০) কারণ ভস্ম অগ্নি-বীর্য্য স্বরূপ, সুতরাং ভস্ম-সংযুক্ত ব্যক্তি বীর্য্যবান্ হয়েন এবং ভস্ম-স্নান রত ও ভস্মশায়ী বিপ্র ইন্দ্রিয় সকল জয় করিতে পারেন। ৩১।

ইদন্তু সংপ্রদাস্যামি তেন সর্ব্বমবাপ্স্যসি ॥ ৩৩ ॥

সূত উবাচ।

ইত্যুক্ত্বা প্রদদৌ তস্মৈ শিবনামসহস্রকং।
বেদসারাভিধং নিত্যং শিবপ্রত্যক্ষকারকং ॥৩৪॥
উক্তঞ্চ তেন রাম ত্বং জপ নিত্যং দিবানিশং।
ততঃ প্রসন্নো ভগবান্ মহাপাশুপতাস্ত্রকং।
তুভ্যং দাস্যতি তেন ত্বং শত্রূন্ হত্বাপ্স্যসি
প্রিয়াং ॥ ৩৫ ॥

কুর্ব্বিত্যর্থঃ ॥ ৩২। ইদমিতি। ইদং বুদ্ধিস্থং সর্ব্বং সর্ব্বার্থপ্রয়োজনং ॥ ৩৩ ॥ সূত উবাচ ইত্যুক্ত্বেতি। বেদসার ইত্যাখ্যা নাম অস্যেতি ॥ ৩৪ ॥ উক্তঞ্চেতি। তেনাগস্ত্যেন উক্তঞ্চ। কিমুক্তং তদেবাহ। হে রাম! দিবানিশং ইদং জপ তদপি ন কস্মিংশ্চিদহোরাত্রে কিন্তু সর্ব্বেষ্বিত্যাহ। নিত্যমিতি। ততঃ সহস্রনামজপাৎ পাশুপতসংজ্ঞকমস্ত্রং তেনাস্ত্রেণ রাবণাদীন্ হত্বা প্রিয়াং ভার্য্যাং অবাপ্স্যসি ॥ ৩৫ ॥

অধিক আর কি বলিব, এই প্রকারে ভস্ম ধারণ করিলে সর্ব্বপাপ-বিমুক্ত হইয়া শিব সাযুজ্য প্রাপ্তি হয়, অতএব হে মহারাজ! উক্ত রীতিক্রমে ভস্ম ধারণ কর এবং তোমাকে শিবনাম মন্ত্র প্রদান করিব, তদ্দ্বারা সমস্তই লাভ করিতে পারিবে। ৩২।৩৩।

সূত বলিলেন, অগস্ত্য এই প্রকার বলিয়া বেদসার নামক শিব প্রত্যক্ষকারক শিবনাম সহস্র সেই রামকে প্রদান করিলেন, এবং বলিলেন, রাম! তুমি দিবানিশি এই নাম সহস্র জপ কর, তাহা হইলেই ভগবান শিব প্রসন্ন হইয়া তোমাকে মহা পাশুপত নামক অস্ত্র প্রদান করিবেন। অনন্তর সেই অস্ত্র দ্বারা শত্রুগণ নিহত করিয়া ভার্য্যা প্রাপ্ত হইবে। ৩৪।৩৫।

তস্যৈবাস্ত্রস্য মাহাত্ম্যাৎ সমুদ্রং শোষয়িষ্যসি।
সংহারকালে জগতামস্ত্রং তৎ পার্ব্বতীপতেঃ ॥ ৩৬ ॥
তদলাভে দানবানাং জয়স্তব সুদুর্লভঃ।
তস্মাল্লব্ধুং তদেবাস্ত্রং শরণং যাহি শঙ্করম্ ॥ ৩৭ ॥

ইতি শ্রীপদ্মপুরাণে শিবগীতাসূপনিষৎসু ব্রহ্মবিদ্যায়াং যোগশাস্ত্রে অগস্ত্যরাঘবসংবাদে বিরজাদীক্ষানিরূপণং নাম তৃতীয়োঽধ্যায়ঃ।

চতুর্থোঽধ্যায়ঃ।

শ্রীসূত উবাচ।

এবমুক্ত্বা মুনিশ্রেষ্ঠে গতে তস্মিন্নিজাশ্রমং।
অথ রামগিরৌ রামঃ পুণ্যে গোদাবরীতটে ॥ ১

তস্যৈবেতি। সংহারেতি। সংহারে তদেবাস্ত্রং প্রায়েণার্হমিত্যর্থঃ ॥৩৬॥ তদলাভ ইতি। কর্ত্তুঃ শেষত্ববিবক্ষায়াং তবেতি ষষ্ঠী তেন ন লোকেতি ন নিষেধঃ। উপসংহরতি তস্মাদিতি ॥৩৭॥

ইতি শ্রীশিবগীতাটীকায়াং তৃতীয়োঽধ্যায়ঃ ॥

ততঃ কিং বৃত্তমিতি শুশ্রূষূন্ মুনীন্ প্রতি সূত উবাচ এবমিতি।

তুমি এই অস্ত্রের প্রভাব বশতঃ সমুদ্র শোষণ করিতে পারিবে। পার্ব্বতীপতি জগৎ-সংহার কালে এই অস্ত্র ব্যবহার করিয়া থাকেন, তুমি এই অস্ত্র লাভ করিতে না পারিলে রাক্ষস জয় অতি সুদুর্ল'ভ হইবে, অতএব সেই অস্ত্র লাভের নিমিত্ত শঙ্করের শরণাপন্ন হও। ৩৬।৩৭।

ইতি তৃতীয় অধ্যায় সমাপ্ত।

শিবলিঙ্গং প্রতিষ্ঠাপ্য কৃত্বা দীক্ষাং যথাবিধি।
ভূতিভূষিতসর্ব্বাঙ্গো রুদ্রাক্ষাভরণৈর্যুতঃ ॥ ২ ॥
অভিষিচ্য জলৈঃ পুণ্যৈর্গৌতমীসিন্ধুসম্ভবৈঃ।
অর্চ্চয়িত্বা বন্যপুষ্পৈস্তদ্বদ্বন্যফলৈরপি ॥ ৩ ॥
ভস্মচ্ছন্নো ভস্মশায়ী ব্যাঘ্রচর্ম্মাসনে স্থিতঃ।
নাম্নাং সহস্রং প্রজপন্নক্তন্দিবমনন্যধীঃ ॥ ৪ ॥
মাসমেকং ফলাহারো মাসং পর্ণাশনঃ স্থিতঃ।
মাসমেকং জলাহারো মাসঞ্চ পবনাশনঃ ॥ ৫॥

তস্মিন্নগস্ত্যে। অথানন্তরং॥ ১॥ শিবলিঙ্গমিতি। যথাবিধি পূর্ব্বাধ্যায়োক্তবিধিমনতিক্রম্য দীক্ষাং কৃত্বা স্থিত ইতি পঞ্চমশ্লোকস্থেন সহান্বয়ঃ। কীদৃক্ রাম ইত্যাকাঙ্ক্ষায়াং বিশেষণানি ভূতিভূষিতেত্যাদীনি ॥ ২ ॥ অভিষিচ্যেতি। স্বয়ং প্রতিষ্ঠাপিতং লিঙ্গং গৌতমী গোদাবরী সা সিন্ধুঃ নদী তৎপ্রভবৈর্জ্জলৈরভিষিচ্য। বন্যানি বনজাতানি তৈঃ স্পষ্টমন্যৎ॥ ৩॥ ভস্মচ্ছন্ন ইতি। ভস্মনা ছন্নঃ দিগ্ধঃ। নক্তন্দিবমহোরাত্রং। অচতুরেতি নিপাতনাৎ সাধুঃ। অনন্যধীঃ ন বিদ্যতে অন্যস্মিন্ ধীর্যস্য স তথা শিবৈকনিষ্ঠ ইত্যর্থঃ ॥৪।৫॥

সূত বলিলেন, মুনিশ্রেষ্ঠ অগস্ত্য এই প্রকার বলিয়া নিজাশ্রমে গমন করিলে অনন্তর রাম রামগিরিস্থিত পবিত্র গোদাবরীতটে শিবলিঙ্গ প্রতিষ্ঠা করতঃ যথাবিধি দীক্ষিত হইয়া ভস্মদ্বারা সর্ব্বাঙ্গ লেপন ও রুদ্রাক্ষ ধারণ পূর্ব্বক প্রতিষ্ঠিত লিঙ্গকে গোদাবরী জলের দ্বারা অভিষিক্ত করিয়া বন্য ফল পুষ্প দ্বারা অর্চ্চনা করিতে লাগিলেন এবং ভস্ম লিপ্তাঙ্গ ও ভস্মশায়ী হইয়া অনন্যচিত্তে দিবারাত্র নাম সহস্র জপ করতঃ একমাস পর্য্যন্ত ফলাহারী, তৎপর একমাস পর্য্যন্ত পত্রাহারী, তৎপর একমাস পর্য্যন্ত জলাহারী এবং একমাস পর্য্যন্ত বাতাহারী হইয়া অবস্থিতি করিলেন।১—৫।

শান্তো দান্তঃ প্রসন্নাত্মা ধ্যায়ন্নেবং মহেশ্বরং।
হৃৎপঙ্কজে সমাসীনমুমাদেহার্দ্ধধারিণং ॥ ৬ ॥
চতুর্ভুজং ত্রিনয়নং বিদ্যুৎপিঙ্গজটাধরং।
কোটিসূর্য্যপ্রতীকাশং চন্দ্রকোটিসুশীতলং ॥ ৭ ॥
সর্ব্বাভরণসংযুক্তং নাগযজ্ঞোপবীতিনং।
ব্যাঘ্রচর্ম্মাম্বরধরং বরদাভয়ধারিণং ॥ ৮ ॥
ব্যাঘ্রচর্ম্মোত্তরীয়ঞ্চ সুরাসুরনমস্কৃতং।
পঞ্চবক্ত্রং চন্দ্রমৌলিং ত্রিশূলডমরুধরং ॥ ৯ ॥

শান্ত ইতি। শান্তোমনোনিগ্রহবান্, দান্তোবহিরিন্দ্রিয়নিগ্রহবান্। এবং নিয়মাবিষ্টঃ সন্ মহেশ্বরং ধ্যায়ন্। কীদৃশং হৃৎপঙ্কজ-ইত্যাদিবিশেষণৈর্ব্বিশিনষ্টি ॥ ৬ ॥ চতুর্ভুজমিতি। বিদ্যুৎ তড়িৎ তদ্বৎ পিঙ্গানাং জটানাং ধরং। কোটিসংখ্যকাঃ সূর্য্যাস্তৈঃ সদৃশমিত্যর্থঃ ॥৭॥ সর্ব্বাভরণমিতি। নাগএব যজ্ঞোপবীতং তদস্তীতি তং। ব্যাঘ্রচর্ম্মৈবাম্বরং তদ্ধরতীতি তং বরদাভয়মুদ্রাঙ্কিতৌ হস্তৌ ধর্ত্তুং শীলমস্তেতি তং ॥ ৮ ॥ ব্যাঘ্রেতি। ত্রিশূলঞ্চ ডমরুশ্চ ত্রিশূলডমরু তৌ ধরং ধারয়স্তং। কর্ত্তৃকর্ম্মণোঃ কৃতি ইতিসূত্রেণ কর্ম্মণি ষষ্ঠী তু ন ভবতি। আর্ষত্বাদ্বা ॥ ৯ ॥ নিত্যমিতি। শাশ্বতং শশ্বদেকস্বভাবং। শুদ্ধং কল্পিতধর্ম্মরহিতং ধ্রুবং পরিণামশূন্যং। অক্ষরং

এই প্রকারে মন ও বহিরিন্দ্রিয়গণকে নিগৃহীত করিয়া প্রসন্নচিত্তে হৃৎপদ্ম-বাসী পার্ব্বতীদেহার্দ্ধ ধারী চতুর্ভুজ, ত্রিনয়ন, বিদ্যুৎ সদৃশ-পিঙ্গলবর্ণ-জটাধারী কোটি দিবাকর সদৃশ, কোটি চন্দ্রেরন্যায় সুশীতল ব্যাঘ্রচর্ম্মাম্বর-ধারী বরাভয়হস্ত ব্যাঘ্রচর্ম্মোত্তরীয় দেব দানব কর্ত্তৃক নমস্কৃত পঞ্চানন চন্দ্র-শেখর ত্রিশূল-ডমরুধারী নিত্য অবিকৃত স্বরূপ কল্পিত ধর্ম্মাসংস্পৃষ্ট অপরিণামী

নিত্যঞ্চ শাশ্বতং শুদ্ধং ধ্রুবমক্ষরমব্যয়ং।
এবং নিত্যং প্রজপতো গতং মাসচতুষ্টয়ং ॥১০॥
অথ জাতো মহানাদঃ প্রলয়াম্বুধিভীষণঃ।
সমুদ্রমথনোদ্ভূতমন্দরাবনিভৃদ্ধ্বনিঃ ॥ ১১ ॥
রুদ্রবাণাগ্নিসন্দীপ্তভূশত্রিপুরবিভ্রমঃ।
তমাকর্ণ্যাথ সম্ভ্রান্তো যাবৎ পশ্যতি পুষ্করম্।
তাবদেব মহাতেজো রামস্যাসীৎ পুরো দ্বিজাঃ ॥১২॥

অপক্ষয়রহিতং অব্যয়ং ধ্বংসাপ্রতিযোগিনং নিত্যং প্রাগভাবাপ্রতিযোগিনং তথাচ ষড়্ভাববিকারহীনমিতিভাবঃ। এবং ধ্যায়তঃ প্রজপতো রামস্য মাসচতুষ্টয়ং গতং অত্যগাদিত্যর্থঃ ॥ ১০ ॥ অথ মাসচতুষ্টয়ানন্তরং। অম্বুধিশব্দেন তচ্ছব্দোলক্ষ্যতে। তদ্বদ্ভীষণঃ। সমুদ্রমথনে উদ্ভূতঃ পরিবর্ত্তিতোযো মন্দরাবনিভৃন্মন্দরগিরিস্তদ্ধ্বনিসদৃশঃ ॥ ১১ ॥ রুদ্রেতি। রুদ্রস্য বাণাগ্নিনা সন্দীপ্তংভৃশং সন্দীপ্তবহুলং ত্রিপুরং তস্য যোবিভ্রমঃ মহাসংরম্ভঃ তং করোতীতি তথাভূতোনাদোজাতইতি পূর্ব্বেণান্বয়ঃ। তৎ করোতীতি ণ্যন্তাৎ পচাদ্যচ্। তমিতি। অথ মহানাদোৎপত্ত্যনন্তরং তং নাদমাকর্ণ্য শ্রুত্বা সংভ্রান্তোজাতঃ। সমৌ সংবেগসম্ভ্রমৌ ইত্যমরঃ। ভয়াদিনা কর্ম্মস্বপাটবং সম্বেগ ইতি ক্ষীরস্বামী। যাবৎ পুষ্করং গোদাবরীজলং

অক্ষয় অবিনশ্বর এবং প্রাগভাবরহিত মহেশ্বরকে ধ্যান এবং তন্নাম সহস্র জপ করতঃ মাস চতুষ্টয় অতীত হইল। ৬—১০।

মাস চতুষ্টয় অতীত হইলে সেই তপস্যার স্থানে মহাশব্দ প্রাদুর্ভূত হইল উহা প্রলয় পয়োধির শব্দের ন্যায় ভীষণ, সমুদ্র মন্থন কালে মন্দর পর্ব্বত হইতে উদ্ভূত ধ্বনিরন্যায় গভীর এবং রুদ্র-বাণাগ্নি দ্বারা সন্দীপ্ত ত্রিপুরবৎ মহাভয়ঙ্কর। হে দ্বিজগণ! অনন্তর রাম সেই শব্দ শ্রবণ করতঃ অতি সম্ভ্রান্ত

তেজসা তেন সম্ভ্রান্তো নাপশ্যৎ স দিশো দশ ।
অন্ধীকৃতেক্ষণস্তূর্ণং মোহং যাতো নৃপাত্মজঃ ॥১৩॥
বিচিন্ত্য তর্কয়ামাস দৈত্যমায়াং দ্বিজেশ্বরাঃ ।
অথোত্থায় মহাবীরঃ সজ্যং কৃত্বা ধনুঃ স্বকং ॥১৪॥
অবিধ্যন্নিশিতৈর্ব্বাণৈর্দিব্যাস্ত্রৈরভিমন্ত্রিতৈঃ ।
আগ্নেয়ং বারুণং সৌম্যং মোহনংসৌরপার্ব্বতং ॥১৫॥
বিষ্ণুচক্রং মহাচক্রং কালচক্রঞ্চ বৈষ্ণবং ।
রৌদ্রং পাশুপতং ব্রাহ্মং কৌবেরং কুলিশানিলং॥১৬॥

তত্রৈব প্রক্রান্তত্বাৎ। পুষ্করং সর্ব্বতোমুখম্ ইত্যমরঃ। তজ্জলং লক্ষী-করোতি তাবৎ ॥ ১২ ॥ তেজসেতি। সম্ভ্রান্তোব্যাকুলঃ। অন্ধীকৃতে ঈক্ষণে নেত্রে যস্য স তথা। এবম্ভূতঃ সন্ তূর্ণং শীঘ্রং মোহং যাতঃ প্রাপ্তঃ ॥ ১৩ ॥ বিচিন্ত্যেতি। হে দ্বিজেশ্বরাঃ রামোবিচিন্ত্য মনসি বিচার্য্য এষা দৈত্যমায়েত্যূহিতবান্। অথ মহাবীরোরামঃ স্বক-মাত্মীয়ং ধনুঃ সজ্যং সগুণং কৃত্বা ॥ ১৪ ॥ অবিধ্যদিতি। দিব্যা-স্ত্রাণি। তান্যেবাহ আগ্নেয়মিতি। তত্তদ্দেবতাকান্যস্ত্রাণি ইত্যর্থঃ ॥১৫॥

হইয়া যেমন গোদাবরী জলের প্রতি দৃষ্টি করিলেন, তৎক্ষণাৎ তাঁহার অগ্রে মহাতেজ আবির্ভূত দেখিতে পাইলেন এবং সেই তেজের দ্বারা ব্যাকুলিত ও অন্ধীভূত হইয়া নৃপনন্দন রাম দশদিক অবলোকন করিতে পারিলেন না, তিনি তখন মোহ প্রাপ্ত হইলেন ।১১—১৩।

হে দ্বিজশ্রেষ্ঠগণ। মহাবীর রাম চিন্তা করতঃ ইহা দৈত্যগণের মায়া নিশ্চয় করিয়া অনন্তর নিজ ধনুককে জ্যাযুক্ত করিলেন এবং নিশিত বাণ ও আগ্নেয়, বারুণ, সৌম্য, মোহন, সৌর, পার্ব্বত, বিষ্ণুচক্র, মহাচক্র, কাল-চক্র, বৈষ্ণবাস্ত্র, রুদ্রাস্ত্র, পাশুপতাস্ত্র, ব্রহ্মাস্ত্র, কৌবেরাস্ত্র, বজ্র, বায়ব্যাস্ত্র এবং

ভার্গবাদিবহূন্যস্ত্রাণ্যয়ং প্রাযুঙ্‌ক্ত রাঘবঃ ॥ ১৭ ॥
তস্মিংস্তেজসি শস্ত্রাণি চাস্ত্রাণ্যস্য মহীপতেঃ।
বিলীনানি মহাভ্রস্য করকা ইব নীরধৌ ॥ ১৮ ॥
ততঃ ক্ষণেন জজ্বাল ধনুস্তস্য করাচ্চ্যুতং।
তূণীরং চাঙ্গুলিত্রাণং গোধিকাপি মহীপতেঃ ॥১৯॥
তদ্দৃষ্ট্বা লক্ষ্মণো ভীতঃ পপাত ভুবি মূর্চ্ছিতঃ।
অথাকিঞ্চিৎকরো রামো জানুভ্যামবনীঙ্গতঃ ॥২০॥
মীলিতাক্ষো ভয়াবিষ্টঃ শঙ্করং শরণং গতঃ।
স্বরেণাপ্যুচ্চরন্নুচ্চৈঃ শম্ভোর্নামসহস্রকং ॥২১॥

প্রাযুঙ্‌ক্ত প্রযুক্তবানিত্যর্থঃ ॥১৬—১৭॥ তস্মিন্নিতি। মহাভ্রস্য মহা-মেঘস্য সম্বন্ধিন্যঃ করকা বর্ষোপলা নীরধাবিবেতি দৃষ্টান্তঃ ॥ ১৮ ॥ তত ইতি। তস্য রামস্য করাচ্চ্যুতং সৎ জজ্বাল। তথা তূণীরং নিষঙ্গঃ। অঙ্গুলিত্রাণঞ্চ গোধিকাপি জ্যাঘাতবারণার্থং কৃতং চর্ম্মময়ং তলঞ্চ জজ্বালেত্যনুষজ্যতে ॥ ১৯ ॥ তদিতি। তত্তেজসা ধনুরাদি-জ্বলনং। অথানন্তরং ন কিঞ্চিৎ করোতীত্যকিঞ্চিৎকরঃ সন্ ॥২০॥ মীলিতাক্ষইতি। শরণং রক্ষিতারং গতঃ প্রাপ্তঃ। কিং কুর্ব্বন্

ভার্গবাদি বহু অস্ত্র প্রয়োগ করিতে লাগিলেন, কিন্তু মহীপতি রামের অস্ত্র শস্ত্র সমূহ জলনিধিতে মহামেঘের করকারাশির ন্যায় সেই তেজোমধ্যে বিলীন হইয়া গেল।১৪—১৮।

অনন্তর মহীপতি রামের হস্ত হইতে ধনু, তূণীর, অঙ্গুলীত্রাণ এবং গো-ধিকা (জ্যা বারণার্থ চর্ম্মময় তূণ) বিচ্যুত হইয়া জ্বলিতে লাগিল, তদ্দর্শনে লক্ষ্মণ ভীত ও মূর্চ্ছিত হইয়া পতিত হইলেন। অনন্তর রাম কিছুই করিতে না পারিয়া জানুদেশ ভূভাগে পাতিত করিলেন এবং ভীত হইয়া মীলিত

শিবঞ্চ দণ্ডবদ্ভূমৌ প্রণনাম পুনঃপুনঃ।
পুনশ্চ পূর্ব্ববচ্চাসীৎ শব্দো দিঙ্মণ্ডলং স্বনন্।
চচাল বসুধা ঘোরং পর্ব্বতাশ্চ চকম্পিরে ॥ ২২ ॥
অথ ক্ষণেন শীতাংশুশীতলং তেজ আদধৎ।
উন্মীলিতাক্ষো রামস্তু যাবদেতৎ প্রপশ্যতি ॥ ২৩ ॥
তাবদ্দদর্শ বৃষভং সর্ব্বালঙ্কারসংযুতং।
পীযূষমথনোদ্ভূতনবনীতস্য পিণ্ডবৎ ॥ ২৪ ॥

উচ্চৈঃস্বরেণাপি শম্ভোর্নামসহস্রকং উচ্চরন্ উচ্চারয়ন্নিত্যর্থঃ ॥ ২১ ॥ শিবঞ্চেতি। পুনশ্চেতি। দিশাং মণ্ডলং স্বনন্ স্বানয়ন্নিত্যর্থঃ। অন্তর্ভাবিতণ্যর্থাচ্ছতৃপ্রত্যয়ঃ। ঘোরং ভয়ঙ্করং যথা তথা ॥ ২২ ॥ অথেতি। রাম উন্মীলিতাক্ষঃ সন্ শীতাংশুশ্চন্দ্রস্তদ্বচ্ছীতলং তেজঃ আদধৎ আসমন্তাদ্বিভ্রৎ। তথাপি যাবৎ স্বচক্ষুর্গ্রাহ্যপরিমাণকং যথা স্যাত্তথা। সর্ব্বস্য গ্রহীতুমশক্যত্বাৎ যাবৎ প্রপশ্যতি। যদ্বা পূর্ব্বোক্তং তেজঃ আদধৎ অপিবৎ সাদরমদ্রাক্ষীদিত্যর্থঃ। ধেট্ পানে বিভাষা ধেট্শ্ব্যোঃ ইতি চঙ্। পুনশ্চ যাবৎ প্রপশ্যতীতি ॥২৩॥ তাবদিতি। তাবদ্বৃষভং দদর্শ। পীযূষস্যামৃতস্য মথনোদ্ভূতং যন্নবনীতং তস্য পিণ্ডবৎ স্থিতং। অতি শুদ্ধত্বসূচনায় ইদমুক্তং ॥

নয়নে উচ্চৈঃস্বরে শম্ভুর নাম সহস্র উচ্চারণ করতঃ শঙ্করের শরণাপন্ন হইলেন, এবং ভূমিতে দণ্ডবৎ পতিত হইয়া পুনঃ পুনঃ শিবকে প্রণাম করিতে লাগিলেন। পুনর্ব্বার দিঙমণ্ডল প্রতিধ্বনিত করিয়া পূর্ব্ববৎ ভয়ঙ্কর শব্দ উত্থিত হইল, সেই শব্দে পৃথিবী বিচলিতা হইল, এবং পর্ব্বত সকল কম্পিত হইতে লাগিল। ১৯—২২।

অনন্তর রাম চক্ষু উন্মীলন করিয়া শীতাংশুর কিরণের স্থায় শীতল তেজ অনুভব করিতে লাগিলেন এবং তিনি যখনই দৃষ্টি করিলেন, তৎক্ষণাৎ সর্ব্বা-

প্রোতস্বর্ণং মরকতচ্ছায়াশৃঙ্গদ্বয়াঞ্চিতং।
নীলরত্নেক্ষণং হ্রস্বকণ্ঠকম্বলভূষিতং॥ ২৫॥
রত্নপল্যাণসংযুক্তং নিবদ্ধং শ্বেতচামরৈঃ।
ঘণ্টিকাঘর্ঘরীশব্দৈঃ পূরয়ন্তং দিশো দশ॥ ২৬॥
তত্রাসীনং মহাদেবং শুদ্ধস্ফটিকবিগ্রহং।
কোটিসূর্য্যপ্রতীকাশং কোটিশীতাংশুশীতলং॥২৭॥
ব্যাঘ্রচর্ম্মাম্বরধরং নাগযজ্ঞোপবীতিনং।
সর্ব্বালঙ্কারসংযুক্তং বিদ্যুৎপিঙ্গজটাধরং॥ ২৮॥

২৪॥ প্রোতেতি। প্রোতং শৃঙ্গাগ্রে খচিতং স্বর্ণং সুবর্ণং যস্য তং তথোক্তং মরকতস্য ছায়া কান্তিঃ তদ্বৎ কান্তির্যস্য তাদৃশেন শৃঙ্গদ্বয়েনাঞ্চিতং রমণীয় মিত্যর্থঃ। নীলরত্নং ইন্দ্রনীলমণিস্তদ্বদী-ক্ষণে যস্য তং হ্রস্বেন গলকম্বলেন সাস্নয়া ভূষিতং ॥২৫॥ রত্নেতি। পল্যাণং পৃষ্ঠাস্তরণং তেন সংযুক্তং। ঘণ্টিকাঃ ক্ষুদ্রঘণ্টাঃ ঘর্ঘর্য্যঃ তদবান্তরভেদাস্তাসাং শব্দৈর্দ্দিশঃ পূরয়ন্তং ॥ ২৬॥ তত্রেতি। তত্র তস্মিন্ পূর্ব্বোক্তে বৃষভে সমাসীনং মহাদেবং দদর্শ রঘুনন্দন-

---

লঙ্কার ভূষিত অমৃত মথনোৎপন্ন নবনীত পিণ্ডের ন্যায় শুভ্রবর্ণ বৃষভ দেখিতে পাইলেন।২৩—২৪।

এই বৃষের শৃঙ্গদ্বয় স্বর্ণের দ্বারা খচিত, এবং এই বৃষ মরকত রত্নের ন্যায় কান্তিবিশিষ্ট, শৃঙ্গদ্বয়ের দ্বারা অতীব রমণীয়, ইন্দ্রনীল মনোরম নেত্র, হ্রস্বগল কম্বল ভূষিত দেহ, রত্নময় পৃষ্ঠাস্তরণ সংযুক্ত এবং শ্বেত বর্ণ চামর দ্বারা শোভিত। এই বৃষভ ক্ষুদ্র ঘণ্টিকা এবং ঘর্ঘরী (ঘণ্টাবিশেষ) শব্দের দ্বারা দশদিক্ আপূরিত করিয়াছে।২৫—২৬।

অনন্তর শুদ্ধ স্ফটিকের ন্যায় দেহকান্তিবিশিষ্ট, কোটি দিবাকরের সদৃশ জ্যোতি, কোটিচন্দ্রের ন্যায় শীতল দেহ কান্তি, ব্যাঘ্রচর্ম্মরূপ বস্ত্রধারী, সর্প-

নীলকণ্ঠং ব্যাঘ্রচর্ম্মোত্তরীয়ং চন্দ্রশেখরং।
নানাবিধায়ুধোদ্ভাসিদশবাহুং ত্রিলোচনং ॥ ২৯ ॥
যুবানং পুরুষশ্রেষ্ঠং সচ্চিদানন্দবিগ্রহং ॥ ৩০ ॥
তত্রৈব চ সুখাসীনাং পূর্ণচন্দ্রনিভাননাং।
নীলেন্দীবরদামাভামুদ্যন্মরকতপ্রভাং ॥ ৩১॥
মুক্তাভরণসংযুক্তাং রাত্রিং তারাঞ্চিতামিব।
বিন্ধ্যক্ষিতিধরোত্তুঙ্গকুচভারভরালসাং ॥ ৩২॥

ইতি বক্ষ্যমাণেনান্বয়ঃ ॥ ২৭-২৮ ॥ নীলকণ্ঠমিতি। নানাবিধান্যায়ুধানি তৈরুদ্ভাসিতুং শীলং যেষাং তে তথোক্তাঃ তাদৃশাদশসংখ্যকাবাহবোযস্য তং তথোক্তং। সুপ্যজাতৌ ইতি সুব্‌গ্রহণং প্রাদিষু প্রবৃত্ত্যর্থং তস্মাৎ প্রাত্যুপপদেপি ণিনিরিতি কৈয়টঃ॥ ২৯ ॥ যুবানমিতি। পুরুষশ্রেষ্ঠং। ঈশ্বরঃ সর্ব্বভূতানাং ইতিশ্রুতেঃ। বাস্তবস্বরূপমাহ। সচ্চিদানন্দবিগ্রহমিতি ॥ ৩০ ॥ তত্রৈবেতি। পূর্ব্ববদ্বক্ষ্যমাণেনান্বয়ঃ। নীলেন্দীবরাণাং যদ্দাম মালা তদাভাং তৎসদৃশীং। অনেন পার্ব্বত্যাঃ কৃষ্ণরূপত্বং সূচিতং। তদুক্তং মার্কণ্ডেয়ে। কালিকেতি সমাখ্যাতা হিমাচলকৃতাশ্রয়া ইতি। উদ্যন্তী মরকতপ্রভেব প্রভা যস্যাস্তাং ॥৩১॥ মুক্তেতি। মুক্তা এবা-

---

রূপ যজ্ঞোপবীত যুক্ত, সর্ব্বালঙ্কারভূষিত, বিদ্যুৎ সদৃশ পিঙ্গল জটাধারী, নীলকণ্ঠ, ব্যাঘ্রচর্ম্মোত্তরীয়, চন্দ্রমণ্ডিত শেখর, নানাবিধ আয়ুধদ্বারা উদ্‌ভাসিত দশবাহু, ত্রিলোচন, পুরুষশ্রেষ্ঠ, যুবক এবং সচ্চিদানন্দমূর্ত্তি মহাদেবকে পূর্ব্বোক্ত বৃষোপরি সমাসীন অবলোকন করিলেন।২৭—৩০

এবং এই বৃষের একদেশে সুখোপবিষ্টা, পূর্ণচন্দ্রসদৃশাননা, নীলেন্দীবরের ন্যায় কান্তি বিশিষ্টা, উদ্যৎ মরকতসদৃশ প্রভাশালিনী, মুক্তাভরণ-

সদসৎসংশয়াবিষ্টমধ্যদেশান্তরাম্বরাং।
দিব্যাভরণসংযুক্তাং দিব্যগন্ধানুলেপনাং ॥ ৩৩ ॥
দিব্যমাল্যাম্বরধরাং নীলেন্দীবরলোচনাং।
অলকোদ্ভাসিবদনাং তাম্বূলগ্রাসশোভিতাং ॥৩৪॥
শিবালিঙ্গনসঞ্জাতপুলকোদ্ভাসিবিগ্রহাং।
সচ্চিদানন্দরূপাঢ্যাং জগন্মাতরমম্বিকাং ॥ ৩৫ ॥

ভরণানি তৈঃ সংযুক্তাং তারাভিরাচিতাং ব্যাপ্তাং রাত্রিমিব স্থিতাং বিন্ধ্যক্ষিতিধরবদুত্তুঙ্গয়োরুন্নতয়োঃ কুচয়োর্যোভারস্তস্য যোভরঃ অতিশয়স্তেনালসাং মন্দগতিমিত্যর্থঃ। অথাতিশয়োভর ইত্যমরঃ ॥ ৩২ ॥ সদসদিতি। অস্তি নবেত্যেবং রূপে সন্দেহে আবিষ্টং বিষয়ভূতং মধ্যদেশস্যান্তরং অবকাশোযস্যাস্তাং বরাং সর্বোত্তমাং ॥৩৩॥ দিব্যেতি। দিব্যানাং মাল্যানাং অম্বরাণাঞ্চ ধরাং ধারয়ন্তীং। তাম্বূলস্য গ্রাসেন ভক্ষণেন শোভিতাং। গ্রস্থ অদনে ঘঞ্। অলকৈঃ কুন্তলৈরুদ্ভাসিতুং শীলং অস্য তত্তথা বদনং যস্যাস্তাম ॥ ৩৪ ॥ শিবেতি। শিবস্যালিঙ্গনেন সঞ্জাতৈঃ পুলকৈরুদ্ভাসিতুং শীলং যস্য স তথাভূতো বিগ্রহো যস্যাস্তাং সচ্চিদানন্দরূপাঢ্যাং তৎস্বরূপামিত্যর্থঃ সচ্চিদানন্দস্বরূপলক্ষণেন শিবশক্ত্যোরভেদঃ সূচিতঃ। জগন্মাতরং বিবর্ত্তোপাদানভূতা মিত্যর্থঃ। অতএবাম্বিকাং

ভূষিতা এবং নক্ষত্ররাজি বিরাজিতা রাত্রির ন্যায় শোভমানা জগজ্জননীকে দর্শন করিলেন। ইনি বিন্ধ্য পর্ব্বতবৎ উন্নত কুচ ভারাতিশয্যে অলসা হইয়াছেন, ইহার অতীব সূক্ষ্ম মধ্যদেশ বস্ত্রদ্বারা শোভিত হইতেছে, ইনি রমণীয় আভরণধারিণী, দিব্য গন্ধদ্বারা অনুলিপ্তাঙ্গী, দিব্যমাল্য ও বস্ত্রধারিণী, নীল পদ্মের ন্যায় উৎফুল্লনয়না এবং অলক শোভিতমুখী। ইঁহার মুখমণ্ডল তাম্বূলরাগে শোভিত হইতেছে, অঙ্গ সকল শিবের আলিঙ্গন-

সৌন্দর্য্যসারসন্দোহাং দদর্শ রঘুনন্দনঃ।
স্বস্ববাহনসম্বদ্ধান্নানায়ুধলসৎকরান্ ॥ ৩৬ ॥
বৃহদ্রথন্তরাদীনি সামানি পরিগায়তঃ।
স্বস্বকান্তাসমাযুক্তান্ দিক্‌পালান্ পরিতঃ
স্থিতান্ ॥৩৭॥
অগ্রগং গরুড়ারূঢ়ং শঙ্খচক্রগদাধরং।
কালাম্বুদপ্রতীকাশং বিদ্যুৎকান্তশ্রিয়া যুতং ॥৩৮॥

জগজ্জননীং ॥ ৩৫ ॥ সৌন্দর্য্যেতি। সৌন্দর্য্যসারস্য সন্দোহো-মেলনং যস্যাস্তাং বহুব্রীহে র্বিশেষ্যনিঘ্নত্বাৎ স্ত্রীত্বং ষষ্ঠীতৎপুরুষে তু পরবল্লিঙ্গতয়া পুংস্ত্বং স্যাৎ। স্বস্ববাহনৈরৈরাবতাদিভিঃ সম্বদ্ধান্ সংযুক্তান্ নানায়ুধৈর্বজ্রাদিভির্লসন্তঃ করাঃ যেষাং তান্ ॥৩৬॥ বৃহদিতি। বৃহদ্রথন্তরাদিসামানি তদ্ভেদানিত্যর্থঃ। স্বস্বকান্তাভিঃ স্ত্রীভিঃ সংযুক্তান্ পরিতঃ সমন্তাৎ স্থিতান্ ॥ ৩৭ ॥ অগ্রগমিতি। কালাম্বুজং নীলোৎপলং কালাম্বুদ ইতি বা। তৎ সদৃশং। কাল-শ্যামল-মেচকা ইত্যমরঃ। বিদ্যুৎ তড়িৎ তদ্বৎ কান্তা স্ফুরন্তী যা শ্রীঃ তয়া যুতং যুক্তং। অনেন বিশেষণেন কালাম্বুদসাদৃশ্য-

---

পুলকিত, ইনি সচ্চিদানন্দমূর্ত্তি, এবং জগতের উপাদানস্বরূপা, ইঁহাতে সমস্ত সৌন্দর্য্যরাশি সম্মিলিত হইয়া বিরাজ করিতেছে। ইঁহার চতুর্দ্দিকে স্বস্ববাহনে আরূঢ় নানা অস্ত্রধারী দিক্‌পালগণকে দেখিতে পাইলেন ৩১—৩৬

ইঁহারা স্ব স্ব কান্তার সহিত সম্মিলিত এবং বৃহৎরথন্তরাদি (সামবেদের অংশবিশেষ) সামবেদ গানে নিযুক্ত।৩৭।

ইঁহাদের অগ্রবর্ত্তী, গরুড়ারূঢ়, শঙ্খ, চক্র ও গদাধারী, কালাভ্র সদৃশ শ্যাম-বর্ণ এবং বিদ্যুতের ন্যায় কান্তি বিশিষ্ট জনার্দনকে দর্শন করিলেন, তিনি একাগ্রচিত্তে রুদ্রাধ্যায় জপ করিতেছেন। ইঁহার পৃষ্ঠদেশে দীর্ঘশ্মশ্রু, জটা-

জপন্তমেকমনসা রুদ্রাধ্যায়ং জনার্দ্দনং।
পশ্চাচ্চতুর্মুখং দেবং ব্রহ্মাণং হংসবাহনং ॥৩৯॥
চতুর্ব্বক্ত্রৈশ্চতুর্ব্বেদরুদ্রসূক্তৈর্ম্মহেশ্বরং।
স্তুবন্তং ভারতীযুক্তং দীর্ঘকূর্চ্চং জটাধরং ॥ ৪০ ॥
অথর্ব্বশিরসা দেবং স্তুবন্তং মুনিমণ্ডলং।
গঙ্গাদিতটিনীযুক্তমম্বুধিং নীলবিগ্রহং ॥ ৪১ ॥
শ্বেতাশ্বতরমন্ত্রেণ স্তুবন্তং গিরিজাপতিং।
অনন্তাদিমহানাগান্ কৈলাসগিরিসন্নিভান্ ॥ ৪২ ॥

মেবোচিত মিতি প্রতীয়তে ॥ ৩৮ ॥ জপন্তমিতি। রুদ্রাধ্যায়ং নমস্তে রুদ্রমন্যব ইতি প্রসিদ্ধং ॥৩৯॥ চতুর্ব্বক্ত্রৈরিতি। চতুর্ভির্ব্বক্ত্রৈশ্চতুর্ষু বেদেষু যানি রুদ্রসূক্তানি তৈঃ। ভারতী সরস্বতী তয়া যুক্তং তথোক্তং দীর্ঘাঃ কূর্চ্চাঃ শ্মশ্রূণি যস্য তং। কূর্চ্চোবিকথনে মধ্যে ভ্রুবোঃ শ্মশ্রূণি কৈরবে ইতি বিশ্বঃ। জটানাদ্ধরং ॥৪০॥ অথর্ব্বেতি। অথর্ব্বশিরসা উপনিষদ্বিশেষেণ ইত্যর্থঃ। দেবং মহাদেবং মুনীনাং মণ্ডলং। মণ্ডলশব্দ স্ত্রিলিঙ্গ্যাং। গঙ্গাদি তটিন্যোনদ্যঃ তাভির্যুক্তং অম্বুধিং সমুদ্রং নীলবিগ্রহং শ্যামলদেহং ॥ ৪১ ॥ শ্বেতাশ্বতর-

---

ধারী হংসবাহন ব্রহ্মাকে অবলোকন করিলেন। ইনি সরস্বতীর সহিত যুক্ত হইয়া চতুর্মুখের দ্বারা সর্ব্বদা চতুর্ব্বেদোক্ত রুদ্রসূক্ত উচ্চারণ পূর্ব্বক মহেশ্বরের স্তব করিতেছেন। ৩৮—৪০।

একদেশে মুনিগণ অথর্ব্বশির (উপনিষদ্‌বিশেষ) উচ্চারণ করতঃ মহাদেবের স্তব করিতেছেন, নীলমূর্ত্তি সমুদ্রগণ গঙ্গাদি নদীর সহিত মিলিত হইয়া শ্বেতাশ্বতরোপনিষদ্‌পাঠ পূর্ব্বক গিরিজাবল্লভকে স্তব করিতে প্রবৃত্ত হইয়াছেন, কৈলাস পর্ব্বতোপম অনন্তাদি মহানাগগণ মণিরত্নে ভূষিত

কৈবল্যোপনিষৎপাঠান্ মণিরত্নবিভূষিতান্।
সুবর্ণবেত্রহস্তাঢ্যং নন্দিনং পুরতঃ স্থিতং ॥৪৩॥
দক্ষিণে মুষকারূঢং গণেশং পর্ব্বতোপমং।
ময়ূরবাহনারূঢ়মুত্তরে ষণ্মুখং তথা ॥ ৪৪ ॥
মহাকালঞ্চ চণ্ডেশং পার্শ্বয়োর্ভীষণাকৃতিং।
কালাগ্নিরুদ্রং দূরস্থং জ্বলদ্দাবাগ্নিসন্নিভং ॥ ৪৫ ॥
ত্রিপাদং কুটিলাকারং নটভৃঙ্গিরিটিং পুরঃ ॥
নানাবিকারবদনান্ কোটিশঃ প্রমথাধিপান্ ॥৪৬ ॥

শাখিনাং মন্ত্রেণ স্তবন্তং ॥ ৪২ ॥ কৈবল্যেতি। কৈবল্যোপনিষদং পঠন্তি তে তথোক্তাস্তান্। সুবর্ণবেত্রসহিতেন হস্তেনাঢ্যং ॥ ৪৩ ॥ দক্ষিণ ইতি। মূষক ইতি ধাতুবৃত্তৌ স্ফুটং। মূষক ইতি প্রামাদিকঃ। দদর্শেতি সর্ব্বত্র সম্বন্ধো জ্ঞেয়ঃ ॥ ৪৪ ॥ মহাকালমিতি। মহাকালং চণ্ডেশঞ্চ দ্বৌ প্রমথবিশেষৌ কালাগ্নিরুদ্রং অবতারং। জ্বলন্ যোদাবাগ্নিঃ বনাগ্নি স্তেন সদৃশমিতি নিত্যসমাসত্বাদস্বপদবিগ্রহ ইতি জ্ঞেয়ং ॥ ৪৫ ॥ ত্রিপাদমিতি। নটংশ্চাসৌ ভৃঙ্গিরিটিশ্চ তং তথোক্তং অয়মপি প্রমথবিশেষঃ ॥৪৬॥

হইয়া কৈবল্য উপনিষদ পাঠ করিতেছেন। নন্দী সুবর্ণময় বেত্র হস্তে করিয়া তাঁহার পুরোভাগে অবস্থিত রহিয়াছেন। ৪১—৪৩।

ইঁহার দক্ষিণ ভাগে পর্ব্বতসদৃশ বৃহৎকায় মূষকারূঢ় গণপতিকে দর্শন করিলেন, উত্তরভাগে ময়ূরবাহন ষড়াননকে এবং উভয় পার্শ্বে ভীষণাকৃতি মহাকাল ও চণ্ডেশ নামক প্রমথদ্বয়কে দর্শন করিলেন, এবং জ্বলং দাবানলসদৃশ কালাগ্নি রুদ্রকে দূরস্থিত অবলোকন করিলেন। ৪৪—৪৫। এবং ইঁহার পুরোভাগে কুটিলাকৃতি ত্রিপাদ, নর্ত্তনশীল ভৃঙ্গিরিটি, এবং নানাপ্রকার বিকৃতমুখ কোটি কোটি প্রমথগণকে দর্শন করিতে লাগিলেন, এবং চতুর্দ্দিকে

মানাবাহনসংযুক্তং পরিতো মাতৃমণ্ডলং।
পঞ্চাক্ষরীজপাসক্তান্ সিদ্ধবিদ্যাধরাদিকান্ ॥ ৪৭॥
দিব্যরুদ্রকগীতানি গায়ৎকিন্নরবৃন্দকং।
তত্র ত্রৈয়ম্বকং মন্ত্রং জপদ্দ্বিজকদম্বকং ॥ ৪৮ ॥
গায়ন্তং বীণয়া গীতং নৃত্যন্তং নারদং দিবি।
নৃত্যতো নাট্যনৃত্যেন রম্ভাদীনপ্সরোগণান্ ॥৪৯॥
গায়চ্চিত্ররথাদীনাং গন্ধর্বাণাং কদম্বকং।
কম্বলাশ্বতরৌ শম্ভুকর্ণকুণ্ডলতাং গতৌ ॥ ৫০ ॥

নানেতি। মাতৃণাং মণ্ডলং। ব্রাহ্মীত্যাদ্যাস্ত মাতরঃ ইত্যমরঃ ॥৪৭॥ দিব্যেতি। রুদ্রাঃ কায়ন্তে উচ্চায়ন্তে ইতি রুদ্রকাণি দিব্যানি চ তানি তপোক্তানি তান্যেব গীতানি। গায়তীতি তৎ গায়ৎ কিন্নরবৃন্দকং। দ্বিজানাং ব্রাহ্মণানাং কদম্বকং ॥ ৪৮ ॥ গায়ন্তমিতি। অঙ্গবিক্ষেপমাত্রং নৃত্তং পদার্থাভিনয়ো নৃত্যং বাক্যাভিনয়োনাট্যমিতিভেদঃ ॥ ৪৯ ॥ গায়দিতি। শম্ভোঃ কর্ণৌ তত্র কুণ্ডলতাং

নানাপ্রকার বাহনে সমারূঢ় ব্রাহ্মী প্রভৃতি মাতৃগণ, ও মহেশ্বরের পঞ্চাক্ষর মন্ত্রজপে তৎপর সিদ্ধ বিদ্যাধরগণকে নিরীক্ষণ করিলেন। ৪৬—৪৭।

অপর দিকে মনোরম রুদ্রগান করিতে প্রবৃত্ত কিন্নরগণ, ত্র্যম্বকমন্ত্র জপে আসক্ত দ্বিজগণ এবং বীণাগানে প্রবৃত্ত নর্ত্তনকারী নারদকে ঊর্দ্ধদেশে অবলোকন করিলেন এবং নাট্য ও নৃত্যপ্রয়োগেপ্রবৃত্ত রম্ভা প্রভৃতি অপ্সরোগণ, এবং গীতপ্রবৃত্ত চিত্ররথাদি গন্ধর্ব্বগণকে দেখিতে পাইলেন। অপর দিকে কম্বল ও অশ্বতর নামক পন্নগদ্বয়কে দর্শন করিলেন। ইহারা শম্ভুর কর্ণদেশে কুণ্ডলের ন্যায় বিরাজ করিতেছে। অন্য দিকে গান করিতে প্রবৃত্ত কপাল ও কম্বল নামক পন্নগদ্বয়কে নিরীক্ষণ করিলেন। রাম এই প্রকার দেবসভা

গায়ন্তৌ পন্নগৌ গীতং কপালং কম্বলস্তথা ।
এবং দেবসভাং দৃষ্ট্বা কৃতার্থো রঘুনন্দনঃ ॥৫১॥
হর্ষগদ্গদয়া বাচা স্তুবন্দেবং মহেশ্বরং ।
দিব্যনামসহস্রেণ প্রণনাম পুনঃ পুনঃ ॥ ৫২ ॥

ইতি শ্রীপদ্মপুরাণে শিবগীতাসূপনিষৎসু ব্রহ্মবিদ্যায়াং যোগশাস্ত্রে শিবরাঘবসংবাদে শিবপ্রাদুর্ভাবাখ্যশ্চতুর্থোঽধ্যায়ঃ ॥ ৪ ॥

পঞ্চমোঽধ্যায়ঃ ।

শ্রীসূত উবাচ ।

অথ প্রাদুরভূত্তত্র হিরণ্ময়রথো মহান্ ।
অনেকদিব্যরত্নাংশুকির্ম্মীরিতদিগন্তরঃ ॥ ১ ॥

গতৌ ॥ ৫০ ॥ গায়ন্তাবিতি । কপালং কম্বলশ্চ এতন্নামানৌ পন্নগৌ দদর্শ । এবমুক্তপ্রকারেণ ॥ ৫১-৫২ ॥

ইতি শিবগীতা-টীকায়াং চতুর্থোঽধ্যায়ঃ সমাপ্তঃ ।

সূত উবাচ । অথেতি । অথ সহস্রনামপাঠানন্তরং । হিরণ্যপ্রচুরো হিরণ্ময়ঃ সচাসৌ রথশ্চ স তথা । কির্ম্মীরিতং চিত্রবর্ণং কৃতং ॥ ১ ॥

দর্শন করিয়া কৃতার্থম্মন্য হইলেন। ৪৮—৫১। এবং মনোহর নামসহস্র উচ্চারণপূর্ব্বক হর্ষ গদ্গদ বাক্যে মহেশ্বরকে স্তব করতঃ বার বার প্রণাম করিতে লাগিলেন। ৫২।

ইতি শিবগীতায় শিবপ্রাদুর্ভাব নামক চতুর্থ অধ্যায় সমাপ্ত।

নদ্যুপাস্তিকপঙ্কাঢ্যমহাচক্রচতুষ্টয়ঃ।
মুক্তাতোরণসংযুক্তঃ শ্বেতচ্ছত্রশতাবৃতঃ ॥ ২ ॥
শুদ্ধহেমখুরৈরাঢ্যতুরঙ্গগণসংযুতঃ।
মুক্তাবিতানবিলসদূর্দ্ধদিব্যবৃষধ্বজঃ ॥ ৩ ॥
মত্তবারণিকাযুক্তঃ পঞ্চতত্ত্বোপশোভিতঃ।
পারিজাততরূদ্ভূতপুষ্পমালাভিরঞ্জিতঃ ॥ ৪ ॥
মৃগনাভিসমুদ্ভূতকস্তূরীমদপঙ্কিলঃ।
কর্পূরাগরুধূপোত্থগন্ধাকৃষ্টমধুব্রতঃ ॥ ৫ ॥

নদীতি। নদ্যা গৌতম্যা উপান্তিকেন উপান্তভবেন পঙ্কেন কর্দ্দমেন আঢ্যং লিপ্তং মহাচক্রাণাং চতুষ্টয়ং যস্য স তথোক্তঃ। মুক্তামযেন তোরণেন সংযুক্তঃ ॥ ২ ॥ শুদ্ধেতি। শুদ্ধং যদ্ধেম তৎপ্রচুরাঃ খুরাস্তৈরাঢ্যা যে তুরঙ্গগণাস্তৈঃ সংযুক্তঃ। মুক্তাবিতানং মুক্তাফলনির্ম্মিতং বিতান মুল্লোচস্তেন বিলসন্নূর্দ্ধস্থঃ দিব্যোবৃষো যস্য স তথা এবম্ভূতোধ্বজো যস্য স তথা ॥ ৩ ॥ মত্তেতি। বারণিকাঃ করিণ্যঃ পঞ্চতত্ত্বৈস্তদধিষ্ঠাতৃদেবৈরুপশোভিতঃ অভিরঞ্জিতোভূষিতঃ ॥ ৪ ॥ মৃগেতি। পঙ্কিলঃ সঞ্জাতপঙ্কঃ আকৃষ্টা বলাদানীতা মধুব্রতাভ্রমরা

সূত বলিলেন,—রামের নামসহস্র পাঠ সমাপ্ত হইলে সেই স্থানে হিরণ্ময় এক মহারথ প্রকাশ পাইল, উহা অনেক দিব্য রত্নের অংশুমালায় দিঙ্মণ্ডল বিচিত্রীকৃত করিয়াছে, নদীর সমীপবর্ত্তী পঙ্কদ্বারা লিপ্তচক্র, মুক্তাময় তোরণালঙ্কৃত এবং শত শ্বেতছত্রদ্বারা পরিবৃত। এই রথ শুদ্ধ স্বর্ণখুরভূষিত-অশ্বগণ সংযুক্ত, ইহার উপরিভাগে মুক্তাময় বিতানে দিব্য বৃষচিহ্নিত ধ্বজ শোভিত হইতেছে। এই রথ মত্তকরিণীগণে যুক্ত, পঞ্চ তত্ত্বের অধিষ্ঠাত্রী দেবগণশোভিত এবং পারিজাত বৃক্ষের পুষ্পমালায় অলঙ্কৃত, ইহা মৃগনাভি সম্ভূত কস্তুরিকামদ-পঙ্কে পরিলিপ্ত। এই রথস্থ কর্পূর

সম্বর্ত্তঘনঘোষাঢ্যো নানাবাদ্যসমন্বিতঃ ।
বীণাবেণুস্বনাসক্তকিন্নরীগণসংকুলঃ ॥ ৬ ॥
এবং কৃত্বা রথশ্রেষ্ঠং বৃষাদুত্তীর্য্য শঙ্করঃ ।
অম্বয়া সহিতস্তত্র পট্টতল্পেঽবিশত্তদা ॥ ৭ ॥
সুরনীরজনেত্রীণাং শ্বেতচামরচালনৈঃ ।
দিব্যব্যজনপাতৈশ্চ প্রহৃষ্টো নীললোহিতঃ ॥ ৮ ॥
ক্বণৎকঙ্কণনিধ্বানৈর্মঞ্জুমঞ্জীরশিঞ্জিতৈঃ ।
বীণাবেণুস্বনৈর্গীতৈঃ পূর্ণমাসীজ্জগত্ত্রয়ং ॥ ৯ ॥

যস্মিন্ স তথা ॥ ৫ ॥ সম্বর্ত্তেতি। সম্বর্ত্তে প্রলয়ে যে ঘনাস্তেষাং ঘোষইব ঘোষস্তেনাঢ্যঃ বীণাদিস্বনাসক্তেন কিন্নরীগণেন সঙ্কুলঃ ॥৬॥ এবমিতি। পট্টতল্পে পটাস্তরণে ॥ ৭ ॥ সুরেতি। সুরাণাং নীরজনেত্র্যঃ পদ্মদৃশস্তাসাং কণ্ঠে নীলঃ কেশেষু লোহিত ইতি নীললোহিত ইত্যর্থঃ ॥ ৮ ॥ ক্বণদিতি। ক্বণতাং শব্দং কুর্ব্বতাং কঙ্কণানাং নিধ্বানৈঃ শব্দৈঃ মঞ্জীরো নূপুরোঽস্ত্রিয়ামিত্যমরঃ। শিঞ্জিতং ভূষণ-

---

ও অগরু ধূপজনিত গন্ধদ্বারা চতুর্দ্দিক্ হইতে মধুকরগণ সমাকৃষ্ট হইতেছে, ইহাতে নানাবিধ বাদ্যধ্বনি হওয়ায় প্রলয়কালীয় মেঘের ধ্বনির অনুকরণ করিতেছে, কিন্নরীগণ বীণা ও বেণু বাদ্যকরতঃ ইহাকে পরিব্যাপ্ত করিয়া রহিয়াছে। ১—৬। মহেশ্বর জগদম্বার সহিত বৃষ হইতে এই প্রকার সজ্জিত রথে আরোহণপূর্ব্বক তত্রত্য বস্ত্রনির্ম্মিত আস্তরণে উপবেশন করিলেন। ৭।

অনন্তর পদ্মাক্ষী সুরাঙ্গনাগণ শ্বেত চামর ব্যজন ও দিব্য ব্যজনদ্বারা বাতসঞ্চালন করিলে নীলকণ্ঠ অতিশয় হৃষ্ট হইলেন।৮। তখন সুরাঙ্গনাদিগের শব্দায়মান কঙ্কণধ্বনি, মনোহর নূপুর শব্দ, শুকগণের মধুরধ্বনি এবং শ্বেত পারাবতকুলের নিস্বন, বীণা বেণুরব, এবং গীতদ্বারা ত্রিজগৎ পরিপূর্ণ হইয়া

শুকবাক্যকলারাবৈঃ শ্বেতপারাবতস্বনৈঃ।
উন্নিদ্রভূষাফণিনাং দর্শনাদেব বর্হিণঃ।
ননৃতুর্দর্শয়ন্তঃ স্বাংশ্চন্দ্রকান্ কোটিসংখ্যয়া॥ ১০॥
প্রণমন্তং ততো রামমুত্থাপ্য বৃষভধ্বজঃ।
আনিনায় রথং দিব্যং প্রহৃষ্টেনান্তরাত্মনা॥ ১১॥
কমণ্ডলুজলৈঃ স্বচ্ছৈঃ স্বয়মাচম্য যত্নতঃ।
সমাচাম্যাথ পুরতঃ স্বাঙ্কে রামমুপানয়ৎ॥ ১২॥

ধ্বনিঃ। ভূষণানাস্তু সিঞ্জিতং ইতি চ কোষঃ॥ ৯॥ শুকবাক্যেতি। শুকানাং কীরাণাং বাক্যরূপা যে কলারাবাঃ অব্যক্তমধুরশব্দাস্তৈর্জগত্ত্রয়ং পূর্ণমাসেতি প্রাক্তনেনান্বয়ঃ। উন্নিদ্রাণাং হর্ষাদুল্লসতাং ভূষাফণিনাং দর্শনাদেব হেতোঃ বর্হিণোময়ূরাঃ কোটিসংখ্যয়োপলক্ষিতান্ স্বান্ আত্মীয়ান্ চন্দ্রকান্ চন্দ্রইব চন্দ্রকাস্তান্ মেচকাপরপর্য্যায়ান্ ইবে প্রতিকৃতৌ ইতিকন্। দর্শয়ন্তো ননৃতুরিত্যন্বয়ঃ॥১০॥ প্রণমন্তমিতি। রথচক্রোপরি মস্তকং নিধায় প্রণমন্তং রামং বৃষধ্বজঃ শিব উপরিস্থত্বাত্তোনম্রঃ সন্নুত্থাপ্য প্রহৃষ্টেনান্তরাত্মনা মনসা। ইদং লীলাবিগ্রহত্বাদুক্তং। অন্যথা অপ্রাণোহ্যমনাঃ শুভ্রঃ ইতিশ্রুতিবিরোধঃ স্যাৎ। দিব্যং রথং আনিনায় প্রাপয়ামাসেত্যন্বয়ঃ॥ ১১॥ কমণ্ডল্বিতি। স্বয়ং কমণ্ডলুজলৈরাচম্য রামমাচাম্যাচমনং কারয়িত্বা স্বস্যাঙ্কে উৎসঙ্গে উৎসঙ্গচিহ্নয়োরঙ্কঃ ইত্যমরঃ

উঠিল। কোটি কোটি ময়ূরকুল, হর্ষোল্লসিত মহাদেবের ভূষণস্বরূপ ফণিকুল দর্শনে চন্দ্রকরাজি প্রদর্শনপূর্ব্বক নৃত্য করিতে লাগিল। ৯।১০। অনন্তর প্রণাম পরায়ণ রামচন্দ্রকে বৃষভধ্বজ শিব উত্থাপিত করিয়া প্রহৃষ্ট অন্তঃকরণে দিব্য রথোপরি আনয়ন করিলেন। ১১। এবং কমণ্ডলুস্থ স্বচ্ছ জলে দ্বারা স্বয়ং আচমন করিয়া রামচন্দ্রকে যত্নপূর্ব্বক আচমন করাইয়া আপ

অথ দিব্যং ধনুস্তস্মৈ দদৌ তূণীরমক্ষয়ং।
মহাপাশুপতং নাম দিব্যমস্ত্রং দদৌ ততঃ॥ ১৩॥
উক্তশ্চ তেন রামোঽপি সাদরং চন্দ্রমৌলিনা।
জগন্নাশকরং রৌদ্রমুগ্রমস্ত্রমিদং নৃপ!॥ ১৪॥
অতো নেদং প্রযোক্তব্যং সামান্যসমরাদিকে।
অন্যোনাস্তি প্রতীঘাতএতস্য ভুবনত্রয়ে॥ ১৫॥
তস্মাৎ প্রাণাত্যয়ে রাম! প্রয়োক্তব্যমুপস্থিতে।
অন্যদৈতৎ প্রযুক্তঞ্চেৎ জগৎসংক্ষয়কৃদ্ভবেৎ॥১৬॥
অথাহূয় সুরশ্রেষ্ঠান্ লোকপালান্ মহেশ্বরঃ।
উবাচ পরমপ্রীতঃ স্বং স্বমস্ত্রং প্রযচ্ছত॥ ১৭॥

উপানয়ৎ গৃহীতবানিত্যর্থঃ॥ ১২॥ অথেতি। স্বাঙ্ক উপবেশানন্তরং তস্মৈ রামায়॥ ১৩॥ উক্তইতি। ইদং সূতবাক্যং মুনীন্ প্রতি। কিমুক্তস্তদেবাহ জগদিতি। রৌদ্রং রুদ্রদেবতাকং॥১৪॥ অতইতি। প্রতীঘাতঃ প্রতীকারঃ॥ ১৫॥ তস্মাদিতি। প্রাণাত্যয়ে উপস্থিতে প্রাপ্তে সতি এতৎ প্রয়োক্তব্যং। বিপক্ষে বাধক মাহ অন্যদেতি।

অঙ্কোপরি উপস্থাপিত করিলেন। ১২। অনন্তর চন্দ্রশেখর মহেশ্বর দিব্য ধনু, অক্ষয় তূণীর এবং মহাপাশুপত নামক দিব্য অস্ত্র তাঁহাকে প্রদান করিলেন এবং সাদরে বলিলেন, নৃপতে! এই যে দিব্য অস্ত্র তোমাকে প্রদান করিলাম, ইহা জগৎ-নাশকর, অতীব ভয়ঙ্কর অস্ত্র, অতএব সামান্য সমরে ইহা প্রয়োগ করিও না। এই অস্ত্র প্রযুক্ত হইলে, ইহার নিবারণের কোন উপায় ত্রিজগতে নাই, অতএব যখন নিজের প্রাণাত্যয় ঘটনা সমুপস্থিত হইবে, তখন ইহা প্রয়োগ করিবে। যদি অন্য সময়ে ইহার প্রয়োগ কর, তাহা

রাঘবোঽয়ঞ্চ তৈরস্ত্রৈ রাবণং নিহনিষ্যতি।
তস্মৈ দেবৈরবধ্যত্বমিতি দত্তো বরো ময়া ॥ ১৮ ॥
তস্মাৎ বানরতামেত্য ভবন্তো যুদ্ধদুর্ম্মদাঃ।
সাহায্যমস্য কুর্ব্বন্তু তেন সুস্থা ভবিষ্যথ ॥ ১৯ ॥
তদাজ্ঞাং শিরসা গৃহ্য সুরাঃ প্রাঞ্জলয়স্তদা।
প্রণম্য চরণৌ শম্ভোঃ স্বং স্বমস্ত্রং দদুর্ম্মুদা ॥ ২০ ॥
নারায়ণাস্ত্রং দৈত্যারিরৈন্দ্রমস্ত্রং পুরন্দরঃ।
ব্রহ্মাপি ব্রহ্মদণ্ডাস্ত্রমাগ্নেয়াস্ত্রং ধনঞ্জয়ঃ ॥ ২১ ॥

পূর্ব্বোক্তসঙ্কটাভাবকালে ॥ ১৬ ॥ অথেতি। স্বাস্ত্রোপদেশানন্তরং। যূয়ং স্বং স্বমস্ত্রং রামায়েতিশেষঃ ॥ ১৭ ॥ এতেন যুষ্মাকমেবেষ্টং ভবিষ্যতীত্যাহ রাঘব ইতি। বয়মেব তং হনিষ্যাম ইতি চেত্তত্রাহ তস্মৈ রাবণায় দেবৈরবধ্যত্বমিত্যেবং রূপোবরোময়া দত্তঃ। অতোঽয়ং রাঘব এতস্য হন্তেতি ভাবঃ ॥ ১৮ ॥ তস্মাদিতি। যস্মাৎ পূর্ব্বমেব ময়া চোদিতাঃ সন্তো যূয়ং বানরতামেত্য তত্র তত্র তিষ্ঠন্তাং। তস্মাৎ কারণাৎ ভবন্তঃ সর্ব্বে যুদ্ধদুর্ম্মদা যুদ্ধে সোৎকণ্ঠাঃ। অস্য সাহায্যং কুর্ব্বন্তু। ফলমাহ তেনেতি ॥ ১৯ ॥ তদাজ্ঞামিতি। গৃহ্য গৃহীত্বেত্যর্থঃ। ছান্দসোঽয়ং ল্যপ্ ॥ ২০ ॥ তান্যেবাস্ত্রাণি নামতোনির্দ্দিশতি নারা-

---

হইলে এই অস্ত্র জগৎ বিধ্বংস করিবে। ১৩—১৬। মহেশ্বর রামচন্দ্রকে এই প্রকার বলিয়া অনন্তর পরম প্রীতি সহকারে সুরবর্য্য লোকপালগণকে আহ্বানপূর্ব্বক বলিলেন, তোমরা স্বীয় স্বীয় অস্ত্র এই রামকে প্রদান কর, ইনি সেই সমস্ত অস্ত্রসহায়ে রাবণকে নিহত করিবেন। আমি পূর্ব্বে রাবণকে "তুমি দেবগণের অবধ্য" এই বর প্রদান করিয়াছি. অতএব তোমরা বানরত্ব অবলম্বন করিয়া যুদ্ধবিষয়ে সোৎকণ্ঠা পূর্ব্বক ইহাঁর সাহায্য কর,

যাম্যং যমোঽপি মোহাস্ত্রং রক্ষোরাজস্তথা দদৌ।
বরুণো বারুণং প্রাদাদ্বায়ব্যাস্ত্রং প্রভঞ্জনঃ ॥২২॥
কৌবেরঞ্চ কুবেরোঽপি রৌদ্রমীশান এব চ।
সৌরমস্ত্রং দদৌ সূর্য্যঃ সৌম্যং সোমশ্চ পাবকম্।
বিশ্বেদেবা দদুস্তস্মৈ বসবো বাসবাভিধং ॥ ২৩ ॥
অথ তুষ্টঃ প্রণম্যেশং রামো দশরথাত্মজঃ।
প্রাঞ্জলিঃ প্রণতো ভূত্বা ভক্তিযুক্তো ব্যজিজ্ঞপৎ ২৪॥

শ্রীরাম উবাচ।

ভগবন্! মানুষৈণৈব নোল্লঙ্ঘ্যো লবনাম্বুধিঃ।
তত্র লঙ্কাভিধং দুর্গং দুর্জ্জয়ং দেবদানবৈঃ ॥ ২৫ ॥

রণেতি। ধনঞ্জয়োঽগ্নিঃ ॥ ২১ ॥ যাম্যমিতি। রক্ষোরাজো নাম নির্ঋতিঃ। প্রভঞ্জনো বায়ুঃ ॥ ২২ ॥ কৌবেরমিতি। ঈশানোলোক-পালঃ। সূরঃ সূর্য্যঃ পাবকং বিশ্বেদেবা দদুঃ ॥ ২৩ ॥ অথেতি। ব্যজিজ্ঞপৎ বিজ্ঞাপিতবান্ ॥ ২৪ ॥ ভগবন্নিতি। এবকারঃ কাৎর্স্নে সর্ব্বৈরপি মনুষ্যৈরিত্যর্থঃ। কিঞ্চ তত্র দুর্গমস্তি তদপি ন সাধারণ-মিত্যাহ দুর্জয়মিতি ॥ ২৫ ॥ রক্ষকা অপি দুর্জয়া ইত্যাহ অনে-

---

তাহা হইলেই যুদ্ধ হইতে পারিবে। ১১—১৯। তখন সুরগণ তাঁহার আজ্ঞা শিরোধার্য্য করতঃ প্রাঞ্জলি হইয়া তাঁহার চরণে প্রণামপূর্ব্বক হৃষ্টচিত্তে স্ব স্ব অস্ত্র প্রদান করিলেন। ২০। বিষ্ণু নারায়ণ অস্ত্র প্রদান করিলেন, ইন্দ্র ইন্দ্রাস্ত্র, ব্রহ্মা ব্রহ্মদণ্ডাস্ত্র, অগ্নি আগ্নেয়াস্ত্র, যম যাম্যাস্ত্র, এবং রক্ষোরাজ মোহাস্ত্র প্রদান করিলেন। বরুণ বরুণাস্ত্র, বায়ু বায়ব্যাস্ত্র, কুবের কৌবেরাস্ত্র, লোকপাল রৌদ্রাস্ত্র, সূর্য্য সৌর, চন্দ্র সৌম্য, বিশ্বদেবগণ পাবক, এবং বসু-গণ বাসবাস্ত্র প্রদান করিলেন। ২১—২৩। অনন্তর দাশরথি রাম তুষ্ট হইয়া

অনেককোটয়স্তত্র রাক্ষসা বলবত্তরাঃ।
সর্ব্বে স্বাধ্যায়নিরতাঃ শিবভক্তা জিতেন্দ্রিয়াঃ ॥২৬॥
অনেকমায়াসংযুক্তা বুদ্ধিমন্তোঽগ্নিহোত্রিণঃ।
কথমেকাকিনা জেয়া ময়া ভ্রাত্রা চ সংযুগে ॥২৭॥

শ্রীমহাদেব উবাচ।

রাবণস্য বধে রাম! রক্ষসামপি মারণে।
বিচারো ন ত্বয়া কার্য্যস্তস্য কালোঽয়মাগতঃ ॥২৮॥
অধর্ম্মে তু প্রবৃত্তাস্তে দেবব্রাহ্মণপীড়নে।
তস্মাদায়ুঃক্ষয়ং জাতং তেষাং শ্রীরপি সুব্রত! ॥২৯॥

কেতি। শিবভক্তা ইত্যনেন শিবভক্তানাং দ্রোহো ন কল্যাণায় কল্পতইতিধ্বনিতং। নন্বেকশব্দস্য নিত্যৈকবচনান্ততয়া নঞ্-সমাসস্যোত্তরপদপ্রাধান্যতয়া অনেকশব্দোঽপি নিত্যৈকবচনান্ত এব। কিঞ্চ কোটিশব্দস্যাপি বহুবচনান্তত্বমনুপপন্নং বিংশত্যাদ্যাঃ সদৈকত্বে ইত্যমরাৎ। তথাচ অনেকাশ্চ তাঃ কোটয়শ্চেতি কথং সম্ভবতীতি চেৎ সত্যং অনেকশব্দানাং বহূনামেকশেষে তদুপ-পত্তেঃ। সংখ্যাব্যক্তিবহুত্বে চ বহুবচনোপপত্তেশ্চ ॥ ২৬।২৭।২৮।২৯ ॥

প্রাঞ্জলিপূর্ব্বক মহেশ্বরকে প্রণাম করতঃ ভক্তিবিনম্রভাবে বিজ্ঞাপিত করি-লেন। ২৪। (রাম বলিলেন) ভগবন্! মনুষ্যগণ কখনই লবণাম্বুধি উল্লঙ্ঘন করিতে সমর্থ নয়, পরন্ত লঙ্কা নামক যে দুর্গ আছে, তাহা দেব দানব সক-লেরই দুর্জ্জেয়। ২৫। এই দুর্গে অতিশয় বলশালী অনেক কোটি রাক্ষস বিদ্যমান আছে তাহারা সকলেই স্বাধ্যায়নিষ্ঠ, শিবভক্ত, সংযতেন্দ্রিয়, অত্যন্ত মায়াবী, বুদ্ধিমান্ এবং অগ্নিহোত্র যজ্ঞকারী, অতএব যুদ্ধস্থলে আমিও আমার ভ্রাতা আমরা অসহায় হইয়া কেমন করিয়া ইহাদিগকে জয় করিব। ২৬—২৭। মহেশ্বর বলিলেন,—হে রামচন্দ্র! রাবণ ও রাক্ষসগণের মারণ

রাজস্ত্রীলঙ্ঘনাসক্তং রাবণং নিহনিষ্যসি।
পানাসক্তো রিপুর্জ্জেতুং সুকরঃ সমরাঙ্গনে ॥৩০॥
অধর্ম্মনিরতঃ শত্রুর্ভাগ্যেনৈব হি লভ্যতে।
অধীতবেদশাস্ত্রোঽপি সদা ধর্ম্মরতোঽপি বা।
বিনাশকালে সংপ্রাপ্তে ধর্ম্মমার্গাচ্চ্যুতো ভবেৎ॥৩১॥
পীড্যন্তে দেবতাঃ সর্ব্বাঃ সততং যেন পাপিনা।
ব্রাহ্মণা ঋষয়শ্চৈব তস্য নাশঃ স্বয়ং স্থিতঃ ॥ ৩২ ॥
কিষ্কিন্ধ্যানগরে রাম! দেবানামংশসম্ভবাঃ।
বানরা বহবো জাতা দুর্জ্জয়া বলবত্তরাঃ ॥ ৩৩ ॥

রাজস্ত্রী সীতা তস্যালঙ্ঘনমবজ্ঞা তস্যামাসক্তম্। পানাসক্তোমদ্যপঃ সুশকঃ ॥ ৩০ ॥ ধর্ম্মিষ্ঠঃ শত্রুরেব জেতুমশক্যঃ। অয়ন্তু ন তথেত্যস্যাপদেশেনাহ অধর্ম্মেতি। অধর্ম্ম এব বিনাশহেতুরিত্যাহ অধীতেতি॥ ৩১ ॥ পীড্যন্ত ইতি। তস্য নাশঃ স্বয়মেবোপস্থিতঃ। ত্বং নিমিত্তমাত্রং ভবেতি ভাবঃ॥ ৩২ ॥ সহায়ানাহ কিষ্কিন্ধেতি ॥ ৩৩ ॥

বিষয়ে তুমি কিছুমাত্র বিচার করিও না, তাহাদের মৃত্যুকাল উপস্থিত হইয়াছে। তাহারা অধর্ম্ম কার্য্য ও দেব ব্রাহ্মণ পীড়নে প্রবৃত্ত হইয়াছে, হে সুব্রত! সেই কারণেই তাহাদিগের আয়ু ও শ্রী পরিক্ষীণ হইয়াছে। পরন্তু রাবণ রাজদারা সীতার অবজ্ঞা করিয়াছে, অতএব তাহাকে বিনাশ করিবে। অন্যান্য রাক্ষসগণও মদ্যপানে আসক্ত, সুতরাং সমরাঙ্গনে তাহাদিগকে সুখেই জয় করিতে পারিবে।২৮—৩০। অধর্ম্মনিষ্ঠ শত্রু ভাগ্যবশতই লাভ হইয়া থাকে। যাহারা বেদশাস্ত্র অধ্যয়ন করিয়াছে ও সর্ব্বদা ধর্ম্মমার্গে বর্ত্তমান, তাহারাও বিনাশকাল উপস্থিত হইলে ধর্ম্মমার্গ হইতে বিচ্যুত হইয়া থাকে। যে পাপী রাবণ সতত দেব, ব্রাহ্মণ এবং ঋষিগণের পীড়ন করিতেছে, তাহার বিনাশ স্বতই বিদ্যমান রহিয়াছে। ৩১—৩২। হে রাম!

সাহায্যং তে করিষ্যন্তি তৈর্ব্বধান পয়োনিধিং।
অনেকশৈলসম্বদ্ধে সেতৌ যান্তু বলীমুখাঃ।
রাবণং সগণং হত্বা তামানয় নিজপ্রিয়াং ॥৩৪॥
শস্ত্রৈর্যুদ্ধে জয়ো যত্র তত্রাস্ত্রাণি ন যোজয়েৎ।
নিরস্ত্রেষল্পশস্ত্রেষু পলায়নপরেষু চ।
অস্ত্রাণি মুঞ্চন্ দিব্যানি স্বয়মেব বিনশ্যতি ॥ ৩৫ ॥
অথবা কিং বহূক্তেন ময়ৈবোৎপাদিতং জগৎ।
ময়ৈব পাল্যতেনিত্যং ময়া সংহ্রিয়তেঽপি চ ॥৩৬॥

সাহায্যমিতি। বধান সমুদ্রবন্ধনং কুর্ব্বিত্যর্থঃ। বলীমুখাঃ কপয়ঃ। আনয়েত্যাশিষি লোট্ ॥ ৩৪ ॥ মহাশস্ত্রপ্রয়োগার্হানর্হশত্রুবিচারমাহ

কিষ্কিন্ধ্যা নগরীতে দেবগণের অংশস্বরূপ বহু বানর সম্ভূত হইয়াছে, তাহারা তোমার সাহায্য করিবে। তাহাদিগের দ্বারা তুমি পয়োনিধি বন্ধন করিয়া লইবে। অনেক প্রস্তর দ্বারা সেতু সম্বদ্ধ হইলে কপিগণ তথায় গমন করিতে পারিবে এবং তাহা হইলেই রাবণকে সবংশে বিনষ্ট করিয়া নিজ প্রিয়া সীতাকে আনয়ন করিতে পারিবে। ৩৩—৩৪। (এখন শস্ত্রাস্ত্রের প্রয়োগ বিষয়ে উপদেশ শ্রবণ কর) যে যুদ্ধে শস্ত্রের (হস্তে রাখিয়া যদ্দ্বারা হিংসা করা যায়, তাহার নাম শস্ত্র) দ্বারা জয় সাধিত হয়, তথায় অস্ত্রের প্রয়োগ করিবে না। শত্রুগণ যখন নিরস্ত্র বা অল্পশস্ত্র সম্পন্ন হইয়া পলায়ন করিতে উদ্যত হয়, তখন দিব্য অস্ত্র ক্ষেপণ করিবে না, করিলে সেই অস্ত্রের দ্বারা নিজেরই বিনাশ সাধিত হইয়া থাকে। ৩৫। অথবা তোমাকে আর অধিক বলিয়া ফল কি? এই জগৎ আমিই উৎপাদন করিয়াছি, আমিই সতত পালন করিতেছি, এবং আমিই ইহার সংহার করিতেছি। হে মহীপতে! এক আমিই জগতের বিনাশক, আমি মৃত্যুরও মৃত্যুস্বরূপ, অর্থাৎ আমাদ্বারা মৃত্যুও বিনাশপ্রাপ্ত হয়। এই স্থাবর জঙ্গমাত্মক নিখিল জগৎ আমিই গ্রাস করিয়া রহিয়াছি। ঐ যুদ্ধদুর্ম্মদ সমস্ত রাক্ষসই আমার

অহমেকো জগন্মৃত্যুর্মৃত্যোরপি মহীপতে !।
গ্রসেঽহমেব সকলং জগদেতচ্চরাচরং ॥ ৩৭ ॥
মম বক্ত্রগতাঃ সর্ব্বে রাক্ষসা যুদ্ধদুর্ম্মদাঃ।
নিমিত্তমাত্রং ত্বং ভূয়াঃ কীর্ত্তিমাপ্স্যসি সঙ্গরে॥৩৮॥

ইতি শ্রীপদ্মপুরাণে শিবগীতাসূপনিষৎসু ব্রহ্মবিদ্যায়াং যোগশাস্ত্রে শিবরাঘবসংবাদে রামায় বরপ্রদানং নাম পঞ্চমোঽধ্যায়ঃ ॥৫॥

ষষ্ঠোঽধ্যায়ঃ।

শ্রীরাম উবাচ।

ভগবন্নত্র মে চিত্রং মহদেতৎ প্রজায়তে।
শুদ্ধস্ফটিকসংকাশস্ত্রিনেত্রশ্চন্দ্রশেখরঃ ॥ ১ ॥

শস্ত্রৈরিতি ॥ ৩৫ ॥ চিন্তা ন কার্য্যেতি সমাশ্বাসয়ন্নুপসংহরতি অথবেতি ত্রিভিঃ ॥ ৩৬।৩৭।৩৮ ॥

ইতি শিবগীতা-টীকায়াং পঞ্চমোঽধ্যায়ঃ ॥ ৫ ॥

পূর্ব্বাধ্যায়ান্তে জগজ্জন্মাদিকর্ত্তৃত্বং প্রতিপাদিতং তন্মূর্ত্তস্য কথমুপপন্নত ইতি শঙ্কাং কুর্ব্বন্ শ্রীরাম উবাচ ভগবন্নিতি। হে ভগবন্! অত্র সৃষ্ট্যাদিকর্ত্তাহমেবেত্যেবংরূপে ত্বদুক্তেঽর্থে মে মম মহচ্চিত্রং মহাশ্চর্য্যং প্রজায়তে। আশ্চর্য্যে বীজমাহ শুদ্ধেত্যাদিনা ॥ ১ ॥

মুখমণ্ডলে বর্ত্তমান রহিয়াছে, অতএব তুমি ইহাদের বিনাশ বিষয়ে নিমিত্ত মাত্র হইয়া যুদ্ধে কীর্ত্তিলাভ করিবে। ৩৬—৩৮।

ইতি শিবগীতায় পঞ্চম অধ্যায় সমাপ্ত।

শ্রীরাম বলিলেন,—ভগবন্! আপনার বাক্য শ্রবণে আমার নিতান্তই আশ্চর্য্য বোধ হইতেছে। আপনি শুদ্ধস্ফটিকসদৃশ, ত্রিনেত্র, চন্দ্রশেখর, মূর্ত্তি-

মূর্ত্তস্ত্বন্তু পরিচ্ছিন্নাকৃতিঃ পুরুষরূপবৃক্।
অম্বয়া সহিতোঽত্রৈব রমসে প্রমথৈঃ সহ ॥২॥
ত্বং কথং পঞ্চভূতাদি জগদেতচ্চরাচরং।
তদ্‌ব্রূহি গিরিজাকান্ত! যদি তেঽনুগ্রহো ময়ি ॥৩॥

শ্রীভগবানুবাচ।

শৃণু রাম! মহাভাগ! দুর্জ্ঞেয়মমরৈরপি।
তৎ প্রবক্ষ্যামি যত্নেন ব্রহ্মচর্য্যেণ সুব্রত!।
পারং যাস্যস্যনায়াসাদ্যেন সংসারনীরধেঃ ॥৪॥

কথং তস্য বাসনামাত্রাবস্থানত্বমিতি ব্যবহার ইত্যাশঙ্ক্যাহ অত্রেতি। অত্র স্বপ্নে পূর্ব্বোক্তানাং পদার্থানাং অন্তঃকরণাদীনাং বাসনাৎ বাসনাখ্যসংস্কারপ্রভবত্বাৎ বাসনাত্মত্বং বাসনাস্বরূপত্বমিতি যাবৎ। তেন কারণেন পরাত্মনোবাসনামাত্রসাক্ষিত্বং ॥ ৪৪ ॥ বাসনাভিরিতি। বাসনাভিঃ সংস্কারৈঃ অত্র স্বপ্নে প্রপঞ্চঃ কর্ম্মণা প্রাক্তনেন চোদিতঃ সন্ দৃশ্যতে যথা জাগ্রদ্ভূমৌ তদ্বৎ। জাগ্রতি ব্যাবহারিকত্বং প্রপঞ্চস্য স্বপ্নে তু প্রাতিভাসিকত্বমিতীয়ান্ ভেদ ইতি ভাবঃ ॥ ৪৫ ॥ নিঃশেষেতি। নিঃশেষাণাং বুদ্ধীনাং বোধবিষয়াণাং। কর্ম্মণি ক্তিন্। সাক্ষীভূত আত্মা

আত্মা কেবলমাত্র বাসনারই সাক্ষী হইয়া থাকেন অর্থাৎ বিষয়াধিবাসিত বাসনাকেই প্রকাশ করিয়া থাকেন। ৪০—৪৪। জাগ্রৎ কালে যেমন কর্ত্তা, কর্ম্ম ও ক্রিয়াদিসমভিব্যাহারেই বিষয়ের উপলব্ধি হয়, স্বপ্নাবস্থায় ও তদ্রূপ প্রারব্ধকর্ম্মবশতঃ বাসনাদ্বারা বিষয়প্রপঞ্চ উপলব্ধ হইয়া থাকে অর্থাৎ বাসনাময় বিষয়রাশিই প্রতীয়মান হইতে থাকে ॥ ৪৫ ॥ এবং সমস্তবিষয়ের সাক্ষিস্বরূপ আত্মা স্বয়ংই প্রকাশমান হয়েন, অতএব আত্মা যখন বাসনামাত্রকেই প্রকাশ করেন, সেই অবস্থাকেই স্বাপ বা স্বপ্ন বলে ॥ ৪৬ ॥ জাগ্রৎ কালে যে সমস্ত বিষয় অনুভূত হয়, স্বপ্নে তাহাই পরিদৃষ্ট হইয়া থাকে, তন্মধ্যে

ভূতজন্মনি যদ্ভূতং কর্ম্ম তদ্বাসনাবশাৎ।
নেদীয়স্ত্বাদ্বয়স্যাদ্যে স্বপ্নং প্রায়ঃ প্রপশ্যতি ॥ ৪৭ ॥
মধ্যে বয়সি কার্কশ্যাৎ করণানামিহার্দ্দিতঃ।
প্রায়েণ বীক্ষতে স্বপ্নং বাসনাকর্ম্মণোর্বশাৎ ॥ ৪৮ ॥

স্বয়মেব প্রমাণজন্যবৃত্তিনিরপেক্ষঃ সন্নেব প্রকাশতে। সর্ব্বত্র প্রাতিভাসিকরজতাদিস্বপ্নস্থলে তত্তদাকারবিদ্যাবৃত্তিঃ সাম্প্রদায়িকৈ রঙ্গীকৃতা। তস্মাৎ স্বপ্নস্তু কেবলসাক্ষিভাস্য এব। কেবলসাক্ষিভাস্যত্বং নাম ইন্দ্রিয়ানুমানাদিপ্রমাণব্যাপারমন্তরেণাবিদ্যাবৃত্ত্যৈব ভাস্যত্বং। সাক্ষী তূক্তপ্রকারেণ স্বয়মেব ভাসত ইতি ভাবঃ। তদেতৎ পূর্ব্ববাসনামাত্রসাক্ষিত্বং যৎ সাক্ষিণঃ স স্বাপঃ স্বপ্ন উচ্যতে ॥ ৪৬ ॥ ভূতজন্মনীতি। ভূতানামনুভূতানাং ব্যাবহারিকাণাং জন্মনি জাগ্রৎকালে ইতি যাবৎ। যদ্ভূতং স্তন্যপানকন্দুকক্রীড়াদিকং কর্ম্ম তদ্বিষয়বাসনাপ্রাবল্যাদাদ্যে বয়সি স্বপ্নমপি প্রায়স্তদ্রূপং পশ্যতি। অত্র হেতুঃ নেদীয়স্ত্বাদিতি সন্নিহিতকালিকানুভবগোচরসজাতীয়ত্বাদিত্যর্থঃ। অতিশয়েনান্তিকং নেদীয়ঃ। অন্তিকবাঢ়কয়োর্নেদসাধৌ ইতি নেদাদেশঃ ॥ ৪৭ ॥ মধ্য ইতি। তারুণ্যে করণানামিন্দ্রিয়াণাং কার্কশ্যাৎ পাটবা-

---

প্রথম অবস্থায় অর্থাৎ বাল্য অবস্থায় স্তন্যপান কন্দুকক্রীড়াদিই স্বপ্নে প্রায় দৃষ্ট হইয়া থাকে, কারণ বাল্য কালে স্তন্য পানাদি বিষয়ক অনুভবই অতি নিকট কালবর্ত্তী, সুতরাং তদ্বিষয়ক বাসনারই প্রাবল্য, এবং মধ্যবয়সে অর্থাৎ যৌবন কালে ইন্দ্রিয়গণের পটুতা নিবন্ধন মানব বহুতরব্যাপারে লিপ্ত হইয়া থাকে, অতএব তৎকালীন বাসনা স্বযোচিত অধ্যয়ন, যুদ্ধ, কৃষি ও বাণিজ্য-প্রভৃতি জাগ্রৎকালীন অনুভব-বাসিত থাকে, তাই স্বপ্নে ও তজ্জাতীয়-

ইয়াসুঃ পরলোকস্তু কর্ম্মবিদ্যাদিসম্ভৃতম্।
ভাবিনো জন্মনো রূপং স্বপ্ন আত্মা প্রপশ্যতি ॥৪৯॥
যদ্বৎ প্রপতনাচ্ছ্যেনঃ শ্রান্তো গগনমণ্ডলে।
আকুঞ্চ্য পক্ষৌ যততে নীড়ে নিলয়নায় নীঃ ॥ ৫০ ॥

দর্দ্দিতঃ বহুতরব্যাপারপীড়িতঃ সন্ বাসনা সংস্কার স্তৎসহিতং যৎ কর্ম্ম স্বস্বোচিতাধ্যয়নযুদ্ধকৃষিবাণিজ্যাদি জাগ্রৎকালানুভূতং তৎ সজাতীয়মেব সংস্কারবশাৎ প্রায়েণ বীক্ষতে পশ্যতি ॥ ৪৮ ॥ ইয়াসুরিতি। পরলোকং স্বর্গং নরকং বা ইয়াসুঃ সম্ভাবিতপরলোকগমন ইতি যাবৎ। আশঙ্কায়াং সন্। তাদৃশোজনঃ কর্ম্মণা বিদ্যাদিভিশ্চ সম্ভৃতং লব্ধপ্রায়ং ভাবিনোজন্মনো যদ্রূপং তদ্বাসনাবশাৎ স্বপ্নে আত্মা প্রকর্ষেণ পশ্যতি। মিথ্যাভূতস্যাপি স্বপ্নস্য সূচকত্বোপপত্তেঃ। সূচকশ্চ হি শ্রুতেরাচক্ষতে চ তদ্বিদিতি ॥৪৯॥ এবং জাগ্রৎস্বপ্নাবস্থে নিরূপ্য সুষুপ্ত্যবস্থাং নিরূপয়তি। যদ্বদিতি। গগনমণ্ডলে প্রকৃষ্টপতনাৎ বহুতরাদ্গমনাৎ শ্রান্তঃ শ্যেনঃ নয়তীতি নীঃ শ্রমপরিহারোপায়ং বিচারয়ন্ সন্ পক্ষাবাকুঞ্চ্য নীড়ে নিলয়নায় সংশ্লেষায় যদ্বদ্যততে ॥ ৫০ ॥ এবং জাগ্রৎস্বপ্নভূমৌ

বিষয়েরই দর্শন হইয়া থাকে ॥ ৪৭—৪৮ ॥ অনন্তর পরলোক গমনের সম্ভাবনা হইলে অর্থাৎ শেষ বয়সে নিজ কর্ম্ম ও বিদ্যাদি বশতঃ যে প্রকার ভাবী জন্মের স্বরূপ লব্ধপ্রায় হইয়াছে, অর্থাৎ ইহ জন্মের কর্ম্মাদিদ্বারা যে রূপ ভাবী জন্ম সম্পাদিত হইবে, সেই কর্ম্মাদির বাসনা বশতঃ আত্মা স্বপ্নে তাদৃশ জন্মাদিস্বরূপ দর্শন করিয়া থাকে ॥ ৪৯ ॥ এইপ্রকারে জাগ্রৎ ও স্বপ্নাবস্থা নিরূপণ করিয়া ইদানীং সুষুপ্তি অবস্থার বিষয় বলিতেছেন, শ্যেন পক্ষী গগন মণ্ডলে অতিশয় ভ্রমণ বশতঃ যেমন শ্রান্ত হইয়া শ্রমপরিহারের উপায় অন্বেষণ করতঃ

এবং জাগ্রৎস্বপ্নভূমৌ শ্রান্ত আত্মাতিসঞ্চরন্।
আপীতকরণগ্রামঃ কারণেনৈতি চৈকতাম্ ॥ ৫১ ॥
নাড়ীমার্গৈরিন্দ্রিয়াণামাকৃষ্যাদায় বাসনাঃ।
সর্ব্বং গ্রসিত্বা কার্য্যঞ্চ বিজ্ঞানাত্মা বিলীয়তে ॥৫২ ॥

সঞ্চরন্ শ্রান্ত আত্মা জীবঃ আপীতো বিলীনঃ করণগ্রাম ইন্দ্রিয়-বর্গো যস্মিন্ এবম্ভূতঃ সন্ কারণেন ঈশ্বরেণ সহ একতামেতি প্রাপ্নোতি। যদ্যপ্যামোক্ষং জীবব্রহ্মণোরৌপাধিকোভেদোঽস্ত্যেব তথাপ্যহঙ্কারবিলয়াৎ স্বরূপসুখাংশোজাগ্রৎকালাপেক্ষয়াধিকো-ভবতি। দুঃখঞ্চ নাস্তীত্যেতাবন্মাত্রেণ একতামেতীত্যুক্তং। এতেন স তা সোম্য তদা সম্পন্নো ভবতি প্রাজ্ঞেন সম্পরিষক্তঃ ইত্যাদি শ্রুতয়োঽপি ব্যাখ্যাতাঃ ॥ ৫১ ॥ নন্বীশ্বরেণ সহৈকতাং প্রাপ্তশ্চে-ত্তর্হি পুনরনুত্থানাপত্তিরিত্যাশঙ্ক্যাহ নাড়ীতি। বিজ্ঞানাত্মা জীবো নাড়ীমার্গৈঃ ইন্দ্রিয়াণাং বাসনাঃ সংস্কারান্ সমাকৃষ্য অবিদ্যয়েতি শেষঃ। সর্ব্ব মবিদ্যাকার্য্যং জাগ্রৎস্বপ্নস্বরূপং গ্রসিত্বা বিলী-য়তে ॥ ৫২ ॥ কুত্রেত্যাকাঙ্ক্ষায়ামাহ ঈশ্বরেতি। ঈশ্বরাখ্যে অব্যা-

---

পক্ষ আকুঞ্চনপূর্ব্বক নীড় প্রাপ্তির নিমিত্ত যত্ন করে, এই প্রকার জীব ও জাগ্রৎ স্বপ্নাবস্থায় সঞ্চরণ বশতঃ অতিশয় শ্রান্ত হইয়া ইন্দ্রিয়সমূহকে মূল কারণে বিলীন করতঃ পরমাত্মার সহিত একতা প্রাপ্ত হয় ॥ ৫০—৫১ ॥ এই প্রকারে আত্মার সহিত একীভাব প্রাপ্ত হইয়াও পুনরায় ব্যুত্থিত হয় কেন, তদ্বিষয় বলিতেছেন, সুষুপ্তি অবস্থায় বিজ্ঞানাত্মা অর্থাৎ জীব নাড়ীমার্গদ্বারা সমস্ত অবিদ্যাকার্য্য জাগ্রৎস্বপ্নাদি অবস্থায় বাসনারাশি সংশ্লিষ্ট হইয়াই ঈশ্বরাখ্য মায়োপহিত চৈতন্যে বিলীন হয়। অনন্তর সুখময় হইয়া অর্দ্ধস্থিতি করে। যেমন কামামানা স্ত্রীর সম্ভোগ সময়ে অন্যান্য বৈষয়িক সুখ অপেক্ষায় অধিকতর

ঈশ্বরাখ্যেঽব্যাকৃতেঽস্মিন্ যথা সুখময়ো ভবেৎ।
কৃৎস্নপ্রপঞ্চবিলয়স্তথা ভবতি চাত্মনঃ ॥ ৫৩ ॥
যোষিতঃ কাম্যমানায়াঃ সম্ভোগান্তে যথা সুখম্।
স আনন্দময়োঽবাহ্যো নান্তরঃ কেবলস্তথা ॥ ৫৪ ॥

কৃতে মায়োপহিতচৈতন্যে বিলীয়তে। অতস্তত্র যানানন্তরং যথাসুখময়োভবতি তথা কৃৎস্নপ্রপঞ্চবিলয়ো ভবতি। নায়ং লিঙ্গভঙ্গরূপঃ। তস্যামোক্ষমবস্থানাৎ। কিন্তু সংস্কাররূপেণ অবস্থানমেব বিলীয়তে ইত্যুচ্যতে। এবমেব কার্য্যব্রহ্মণোঽপি দিনাবসানে ঈশ্বরে বিলয়ো দ্রষ্টব্যঃ ॥ ৫৩ ॥ কীদৃশং তৎ সুখ-মিত্যাকাঙ্ক্ষায়ামাহ যোষিত ইতি। কাম্যমানায়া যোষিতঃ সম্ভোগস্য অন্তে মধ্যে ইত্যর্থঃ। যথা সুখং সর্ব্বেভ্যোবৈষয়িক-সুখেভ্যোঽধিকং সুখং ভবতি তথা সুষুপ্তাবধিকং সুখং ভবতি অতএব স আনন্দময়ঃ প্রচুরানন্দ ইত্যর্থঃ। তদানীং জীবঃ অবাহ্যঃ বিষয়সম্বন্ধজনিতবৃত্তিবিশিষ্টজ্ঞানো ন ভবতীত্যর্থঃ। নান্তরঃ মোক্ষাবস্থায়ামিব নিবৃত্তমূলাচরণোঽপি নেত্যর্থঃ। নির্ব্বৃত্তিক-সুখাভিব্যক্তৌ মোক্ষঃ স্যাৎ। তস্মাত্তত্রাপ্যহঙ্কারবৃত্তিরস্তোবেতি সিদ্ধান্তঃ। তদুক্ত মাচার্য্যভগবৎপাদৈঃ সুপ্তিগতঃ সুখলেশৈ-রভিমনুতে যঃ সুখী ভবামীতি। আনন্দকোশনামা সোঽহঙ্কারঃ কথং ভবেদাত্মা। ইতি ॥ ৫৪ ॥ তদেবাহ প্রাজ্ঞেতি। প্রাজ্ঞাত্মান-

---

সুখানুভূতি হয়, তেমনি সুষুপ্তি অবস্থায় অধিক সুখের উপলব্ধি হইয়া থাকে, অতএব তখন জীব আনন্দময় হয়। তাহার বাহ্য বিষয় সম্বন্ধ বশতঃ কোন প্রকার বৃত্তি থাকে না এবং মোক্ষাবস্থার ন্যায় মূল কারণের (অভিমানের) ও নিবৃত্তি হয় না। সুতরাং আত্মা কেবলীভাব প্রাপ্ত হয়েন না ॥ ৫২—৫৪ ॥ জীব

প্রাজ্ঞাত্মানং সমাসাদ্য বিজ্ঞানাত্মা তথৈব সঃ ।
বিজ্ঞানাত্মা কারণাত্মা তথা তিষ্ঠন্নপি সঃ ॥ ৫৫ ॥
অবিদ্যাসূক্ষ্মবৃত্ত্যানুভবত্যেব সুখং যথা ।
তথাহং সুখমস্বাপ্সং নৈব কিঞ্চিদবেদিষম্ ॥ ৫৬ ॥
অজ্ঞানমপি সাক্ষ্যাদিবৃত্তিভিশ্চানুভূয়তে ।
ইত্যেবং প্রত্যভিজ্ঞাপি পশ্চাত্তস্যোপজায়তে ॥৫৭॥

মীশ্বরং সমাসাদ্য সুষুপ্তৌ প্রাপ্যাপি স সুষুপ্তঃ বিজ্ঞানাত্মা জীবঃ তথা জাগ্রদাদৌ যথা তদ্বদনপগতভেদ ইত্যর্থঃ। তথা তিষ্ঠন্ ভিন্নোঽপি সন্ স জীবঃ দুঃখরাহিত্যসাম্যাৎ কারণাত্মোচ্যতে ঈশ্বর এবেত্যুপচর্য্যতে ইত্যর্থঃ॥ ৫৫ ॥ ননু সুষুপ্তাবন্তঃকরণস্য বিলীনত্বাৎ সুপ্তোত্থিতস্য সুখমহমস্বাপ্সমিত্যনুসন্ধানং ন স্যাদিত্যাশঙ্ক্যাহ অবিদ্যেতি। অবিদ্যায়াঃ সূক্ষ্মবৃত্ত্যা যথা সুখং ভবতি তথা সুখমহমস্বাপ্সমিতি জীবোঽনুভবত্যেব অনুসন্ধত্ত ইত্যর্থঃ॥ ৫৬ ॥ ননু ন কিঞ্চিদবেদিষ মিত্যজ্ঞানানুসন্ধান মপি কথং তত্রাহ অজ্ঞান-

---

জাগ্রদাদি অবস্থায় যেমন অভেদ ভাব প্রাপ্ত হয় না, তেমনি সুষুপ্তি অবস্থায় ও প্রাজ্ঞাত্মা অর্থাৎ ঈশ্বরকে প্রাপ্ত হইলে ও তাঁহার সহিত ভেদ ভাব অপগত হয় না, কিন্তু জীব তখন দুঃখবিরহিত হয়, এই নিমিত্ত তাহাকে কারণাত্মা অর্থাৎ ঈশ্বর বলিয়া অভিহিত করা হইয়া থাকে॥ ৫৫ ॥ সুষুপ্ত অবস্থায় যদি অন্তঃকরণাদি সমস্তেরই বিলয় হইয়া যায়, তবে "সুখমহমস্বাপ্সং" অর্থাৎ আমি সুখে নিদ্রিত ছিলাম, সুপ্তোত্থিত ব্যক্তির এই প্রকার জ্ঞান কেমন করিয়া হয়, এই আপত্তি মনে করিয়া বলিতেছেন;—যেমন সুষুপ্তি অবস্থায় অবিদ্যার সূক্ষ্মবৃত্তি দ্বারা সুখানুভব হইয়া থাকে, তেমনি অবিদ্যা বৃত্তিদ্বারাই "সুখমহমস্বাপ্সং ন কিঞ্চিদবেদিষং" ইত্যাদি প্রত্যভিজ্ঞা উৎপন্ন হয়॥ ৫৬ ॥ পরন্তু,

জাগ্রৎস্বপ্নসুষুপ্ত্যাখ্যমেবেহামুত্রলোকয়োঃ।
পশ্চাৎকর্ম্মবশাদেব বিস্ফুলিঙ্গা ইবানলাৎ।
জায়ন্তে কারণাদেব মনোবুদ্ধ্যাদিকানি তু॥ ৫৮॥

মপীতি। ন কেবলং সুখমেবানুসন্ধত্তে কিন্তু অজ্ঞান মপি। সাক্ষ্যাদিবৃত্তিভিঃ স্বাপকালীনাভিঃ অবিদ্যাবৃত্তিভিঃ অজ্ঞান-মপ্যনুভূয়তে অতস্তদনুসন্ধত্তে ন কিঞ্চিদবেদিষ মিতি। উক্তঞ্চ পঞ্চ-পাদিকায়াং। সুষুপ্ত্যাদৌ চাহঙ্কারাদিবিক্ষেপঃ সংস্কারমাত্রশেষং স্থিত্বা পুনরুদ্ভবতি। ইতি॥ ৫৭॥ তদেবমবস্থাত্রয়ং নিরূপিতং। ইদঞ্চ ইহলোক পরলোকয়োঃ সাধারণ মিত্যাহ জাগ্রদিতি। দেবাদীনামপি অবস্থাত্রয় মস্ত্যেবেতি শেষঃ। অমুত্রলোকো দেবাদীনামুপলক্ষণার্থঃ। সুষুপ্ত্যনন্তরং জাগ্রৎপ্রপঞ্চঃ পুনরুদ্ভ বতীতি সদৃষ্টান্তমাহ পশ্চাদিতি। সুষুপ্ত্যনন্তরমিত্যর্থঃ। জাগ্রদ-বস্থাদৃষ্টবশাৎ কারণাৎ জীবাজ্ঞানাদেব সূক্ষ্মরূপেণাবস্থিতানি বুদ্ধ্যাদিকানি পুনর্জ্জায়ন্তে স্থূলাকারেণ পরিণমন্তীত্যর্থঃ। তত্র দৃষ্টান্তঃ অনলাৎ বিস্ফুলিঙ্গা ইব॥ ৫৮॥ দৃষ্টান্তান্তরঞ্চ পয়ঃ-

---

সুষুপ্তি অবস্থায় কেবল মাত্র "সুখমহমস্বাপ্সং" এই প্রকার প্রত্যভিজ্ঞাই যে হয়, তাহা নহে, কিন্তু স্বাপকালীন অবিদ্যা বৃত্তি দ্বারা অজ্ঞানের ও অনুভূতি হইয়া থাকে॥ ৫৭॥ এই যে জাগ্রৎ, স্বপ্ন ও সুষুপ্তি অবস্থার বিষয় বর্ণিত হইল, ইহা ইহলোক পরলোক উভয়ত্রই সমান জানিবে। এই প্রকারে অবস্থাত্রয় নিরূপণ করিয়া, সুষুপ্তি অবস্থার পর যে প্রকারে জাগ্রৎ অবস্থার বিকাশ হয়, দৃষ্টান্তসহ তাহা বলিতেছেন, যেমন অগ্নি হইতে বিস্ফুলিঙ্গরাশি নির্গত হয়, তেমনি জাগ্রৎ অবস্থায় অদৃষ্ট বশতঃ কারণ অর্থাৎ জীবাজ্ঞান হইতে সূক্ষ্মরূপে অবস্থিত বুদ্ধ্যাদি স্থূলরূপে প্রকাশিত হয়॥ ৫৮॥ দুগ্ধ পরিপূর্ণ ঘট যেমন জলাশয়ে

পয়ঃপূর্ণো ঘটো যদ্বন্নিমগ্নঃ সলিলাশয়ে।
তৈরেবোদ্ধৃত আয়াতি বিজ্ঞানাত্মা তথৈত্যজাৎ॥৫৯॥
বিজ্ঞানাত্মা কারণাত্মা তথা তিষ্ঠংস্তথাপি সঃ।
দৃশ্যতে সর্ব্বগেষ্বেব নষ্টেম্বাগাত্যদৃশ্যতাম্ ॥ ৬০ ॥
একাকারোঽর্য্যমা তত্তৎকার্য্যেষ্বেবং পরঃ পুমান্।
কূটস্থো দৃশ্যতে তদ্বদ্গচ্ছত্যাগচ্ছতীব সঃ ॥ ৬১ ॥

পূর্ণেতি। অজাৎ পরমাত্মনঃ সকাশাৎ। অনেন ভেদ এব তয়োঃ সূচিতঃ। উভয়োরপ্যুপাধিসত্বাৎ॥ ৫৯॥ অধ্যায়োপক্রমে জীবস্বরূপং কথমিতি রামেণ পৃষ্টং তত্তত্তরত্বেন সপ্রপঞ্চং তদুক্ত্বা তাৎপর্য্যং বিশদয়তি বিজ্ঞানেতি। স পরমাত্মাপি এবার্থোঽপি বিজ্ঞানাত্মা জীবঃ কারণাত্মা ঈশ্বরঃ তথা তথা তিষ্ঠন্ রূপদ্বয়েন স্থিত ইত্যর্থঃ। এষু অজ্ঞানতৎকার্য্যেষু সৎস্বেব সর্ব্বং জীবেশ্বরাদিভেদপূর্ব্বকং প্রপঞ্চজাতং দৃশ্যতে। অজ্ঞানাদিষু নষ্টেষু স্বদৃশ্যতামায়াতি॥ ৬০॥ উক্তমর্থং দৃষ্টান্তেন দ্রঢ়য়তি একেতি। একাকারোঽপি একোঽপ্যর্য্যমা সূর্য্যঃ তত্তৎকার্য্যেষু জলাদিষূপাধিষু দৃশ্যতে এবং স পরঃ পুমান্ কূটস্থোঽপি নির্ব্বিকারোঽপি

নিমগ্ন করিয়া উদ্ধৃত করিলে উহা তাদৃশ অবস্থাতেই বিদ্যমান থাকে, তেমনি পরমাত্মায় বিলীন জীব ও সুষুপ্তি অপগমে ভিন্নবৎই প্রতীয়মান হয়॥ ৫৯॥ জীব ও পরমাত্মা সুষুপ্তি অবস্থায় একীভূত অবস্থায় থাকিলে ও উহাদের অভিন্নতা হয় না, এবং যতক্ষণ অজ্ঞান ও তৎকার্য্যের সত্তা থাকে, ততক্ষণ প্রপঞ্চের ও জ্ঞান হইয়া থাকে, আর যখন উহার বিলয় হয়, তখন প্রপঞ্চ ও অদৃশ্য হইয়া যায়॥ ৬০॥ যেমন একই সূর্য্য জলাদি উপাধিভেদে ভিন্ন ভিন্ন রূপে দৃষ্ট হইয়া থাকেন, তেমনি সেই কূটস্থ পরমপুরুষ আত্মা নির্ব্বিকার হইয়া ও

মোহমাত্রান্তরায়ত্বাৎ সর্ব্বং তস্যোপপদ্যতে।
দেহাদ্যতীত আত্মাপি স্বয়ংজ্যোতিঃস্বভাবতঃ।
এবং জীবস্বরূপন্তে প্রোক্তং দশরথাত্মজ! ॥ ৬২

ইতি শ্রীপদ্মপুরাণে উপরিভাগে শিবগীতাসূপনিষৎসু ব্রহ্ম-
বিদ্যায়াং যোগশাস্ত্রে শিবরাঘবসংবাদে জীবস্বরূপ-
বর্ণনং নাম দশমোঽধ্যায়ঃ ॥ ১০ ॥

তদ্বদুপাধিবশাৎ গচ্ছত্যাগচ্ছতীতি দৃশ্যতে ॥ ৬১ ॥ নন্থ সন্দে বিরুদ্ধ ধর্ম্মাঃ কথমেকত্র স্বীকার্য্যা ইত্যাশঙ্ক্যাহ মোহেতি। মোহমাত্র এবান্তরায়ঃ স্বরূপস্ফূর্ত্তিপ্রতিবন্ধকস্তস্য ভাবস্তত্ত্বং তস্মাৎ সর্ব্বং বিরুদ্ধধর্ম্মাদিকং তস্য পরমাত্মন উপপদ্যতে। বিরুদ্ধধর্ম্মাণাং স্বরূপমানভেদপ্রয়োজকত্বং নাস্তীতি ভাবঃ। তদুক্তং। কূটস্থমনুপ-কৃত্য করোতি জগদাদিকং। দুর্ঘটৈকবিধায়িন্যাং মায়ায়াং কা চ সংকৃতিঃ ॥ মায়াখ্যায়াঃ কামধেনোর্ব্বৎসৌ জীবেশ্বরাবুভৌ। যথেচ্ছং পিবতাং দ্বৈতং তত্ত্বং ত্বদ্বৈতমেব হি ॥ ইতি ॥ ৬২ ॥

ইতি শিবগীতাটীকায়াং দশমোঽধ্যায়ঃ ॥ ১০ ॥

উপাধিবশতঃ গমনাগমনশীল বলিয়া প্রতীয়মান হয়েন ॥ ৬১ ॥ স্বভাবতঃ স্বয়ংজ্যোতি দেহাদ্যতীত আত্মা ও মোহ-প্রতিবন্ধ বশতঃ স্বরূপে প্রকাশিত হইতে পান না, তাই উপাধির বিরুদ্ধ ধর্ম্ম তাঁহার সম্বন্ধে কল্পিত হইয়া থাকে। হে দাশরথে! তোমার নিকট এই জীবস্বরূপবিষয় কীর্ত্তন করিলাম ॥ ৬২ ॥

ইতি শিবগীতার দশম অধ্যায় সমাপ্ত ॥ ১০ ॥

একাদশোঽধ্যায়ঃ।

শ্রীভগবানুবাচ।

দেহান্তরগতিস্তস্য পরলোকগতিস্তথা।
বক্ষ্যামি নৃপশার্দ্দূল! মত্তঃ শৃণু সমাহিতঃ ॥ ১ ॥
ভুক্তং পীতং যতস্তত্র তদ্রসাদামবন্ধনম্।
স্থূলদেহস্য লিঙ্গস্য তেন জীবনধারণম্ ॥ ২ ॥
ব্যাধিনা জরয়া বাপি পীড্যতে জাঠরোঽনলঃ।
শ্লেষ্মণা তেন ভুক্তান্নং পীতম্বা ন পচত্যলম্ ॥ ৩ ॥

গমনাগমনে কথমিতি প্রশ্নে লিঙ্গোপাধিবশাদিত্যুত্তরং দত্তং তদেব বিশদয়িতুমেকাদশোঽধ্যায় আরভ্যতে দেহান্তরেতি। নৃপশার্দ্দূল রাজশ্রেষ্ঠ! মত্তঃ মৎসকাশাৎ। অবহিতঃ সাবধানঃ ॥ ১ ॥ ভুক্তমিতি। যত ইতি প্রথমান্তাত্তসিঃ। ভুক্তং পীতঞ্চ যতঃ যদিত্যর্থঃ। তস্য রসাৎ পরিণামবিশেষাৎ স্থূলদেহস্য লিঙ্গস্য চ পরস্পরং আমবন্ধনং নূতনবন্ধনং ভবতীতি শেষঃ। তেন দৃঢ়বন্ধনেন জীবস্য প্রাণবায়োর্দ্ধারণং ভবতি ॥ ২ ॥ ব্যাধিনেতি।

শ্রীভগবান্ শিব বলিলেন,—হে নৃপশ্রেষ্ঠ! জীবের দেহান্তরগতি এবং পরলোকগতি বিষয় তোমার নিকট বলিতেছি, সমাহিতচিত্তে শ্রবণ কর ॥ ১ ॥ ভুক্ত পীত দ্রব্যের রস দ্বারা স্থূলদেহ ও লিঙ্গদেহের পরস্পর নূতন বন্ধন সম্পাদিত হয়, এবং দৃঢ়বন্ধন-এই দেহ দ্বারা প্রাণবায়ু বিধৃত হইয়া থাকে ॥ ২ ॥ ব্যাধি বা জরাদ্বারা শ্লেষ্মা সম্প্রযুক্ত হইয়া জঠরানল বিকৃত করিয়া দেয়, সেই

ভুক্তপীতরসাভাবাত্তদা শুষ্যন্তি ধাতবঃ।
ভুক্তপীতরসেনৈব দেহে লিম্পন্তি বায়বঃ ॥ ৪ ॥
সমীকরোতি যত্তস্মাৎসমানো বায়ুরুচ্যতে।
তদানীং তদ্রসাভাবাদামবন্ধনহানিতঃ ॥ ৫ ॥

ব্যাধিনা রোগেণ জরয়া বা প্রেরিতেন শ্লেষ্মণা জঠরঃ জঠর-সম্বন্ধী অনলঃ পীড্যতে তেন কারণেন কুণ্ঠিতশক্তিরগ্নির্ভুক্তাদং পীতঞ্চ অলং পর্য্যাপ্তং ন পচতি ॥৩॥ ভুক্তেতি। ভুক্তপীতয়োরসস্য পরিণামবিশেষস্যাভাবাৎ তদা ধাতবস্ত্বগস্থিমাংসাদয়ঃ শুষ্যন্তি। ধাতুবৃদ্ধিপ্রকারমাহ। ভুক্তপীতয়োঃ প্রদীপ্তেন জাঠরাগ্নিনা পাচিতয়ো রসেন বায়বঃ প্রাণাদয়োদেহে ধাতূন্ লিম্পন্তি উপচয়ং প্রাপয়ন্তীতি যাবৎ। অত্র ধাতুবায়ুপ্রকরণবশাৎ যথাযথং তেষাং তেষাঞ্চাধ্যাহারঃ ॥ ৪ ॥ বায়ুবিশেষস্তু লিপ্তান্ ধাতূন্ সমী-করোতি। যদ্যস্মাৎ তস্মাৎ সমানোবায়ুরুচ্যতে। এষা তারুণ্যাব স্থায়াঃ স্থিতিরুক্তা। ইদানীং জরসি জঠরানলমান্দ্যকালে ভু তেষাং ভুক্তপীতানাং রসস্যাভাবাৎ আমবন্ধনস্য পূর্ব্বোক্তস্য হানিতঃ লিঙ্গং তনোর্ব্রজেৎ ইত্যনেন বক্ষ্যমাণেন সম্বধ্যতে ॥ ৫ ॥

কারণে জঠরাগ্নি ভুক্তপীত দ্রব্যকে পর্য্যাপ্তরূপে পরিপক্ব করিতে সমর্থ হয় না ॥ ৩ ॥ ভুক্তপীত দ্রব্যের রসদ্বারাই প্রাণাদি বায়ুসমূহ দৈহিক ধাতুর বৃদ্ধি করিয়া দেয়, সুতরাং সেই ভুক্তপীত দ্রব্যের রসাভাব হইলে অর্থাৎ উক্তরূপে পরিণাম বিশেষ না হইলে ত্বগাদি ধাতু সকল বিশুষ্ক হইতে পারে ॥ ৪ ॥ পঞ্চ বায়ুর মধ্যে সমান বায়ুই প্রবৃদ্ধধাতু সমূহকে দেহে সমীকৃত করিয়া দেয়, এই নিমিত্ত "সমান বায়ু" বলিয়া কথিত হয়। কিন্তু বৃদ্ধাবস্থায় রস ধাতুর অভাব বশতঃ স্থূলদেহ ও লিঙ্গদেহের সম্বন্ধন বিশ্লথ হইতে পারে

পরিপক্করসত্বেন যথা গৌরবতঃ ফলম্।
স্বয়মেব পতত্যাশু তথা লিঙ্গংতনোর্ব্রজেৎ ॥ ৬ ॥
তত্তৎস্থানাদপাকৃষ্য হৃষীকাণাঞ্চ বাসনাঃ।
আধ্যাত্মিকাধিভূতানি হৃৎপদ্মে চৈকতাং গতঃ ॥৭॥
ততোঽধ্বগঃ প্রাণবায়ুঃ সংযুক্তো নববায়ুভিঃ।
ঊর্দ্ধোচ্ছ্বাসী ভবত্যেষ তথা তেনৈকতাং গতঃ ॥৮॥

পরিপক্কেতি। যথা কুষ্মাণ্ডাদিফলং গৌরবতঃ গুরুত্বাৎ স্বয়মেব পততি তথা লিঙ্গং তনোঃ স্থূলদেহাৎ ব্রজেৎ বিশেষং প্রাপ্নুয়াদিত্যর্থঃ ॥ ৬ ॥ তত্তদিতি। হৃষীকাণামিন্দ্রিয়াণাং বাসনাঃ। তথাধ্যাত্মিকানি জীবাত্মন্যধ্যস্তানি বুদ্ধিপ্রভৃতীনি তথাধিভৌতিকানি ভাবিদেহারম্ভকাণি সোমাদিপয়ঃপ্রভৃতীনি সূক্ষ্মরূপাণি ইত্থং ত্রিতয়মপ্যাকৃষ্য হৃৎপদ্মে একতাং গতঃ। পাংশূদকবৎ পিণ্ডিতস্বরূপ এব প্রাণবায়ুঃ। অধ্বগঃ পান্থঃ সন্ ইতরৈর্নবভির্ব্বায়ুভিঃ সংযুক্তঃ সন্ ঊর্দ্ধোচ্ছ্বাসীভবতি। তথা তেন প্রাণবায়ুনা একতাং গতস্তাদাত্ম্যাপন্নো জীবোঽপি উপসর্পতীতি বক্ষ্যমাণেন সম্বধ্যতে। অত্র ভাবিদেহারম্ভকীভূতৈঃ সহোৎক্রমণং শ্রুতিরাহ।

তখন পরিপক্ক ফল যেমন আপন গুরুত্ব নিবন্ধন বৃন্ত হইতে আপনিই পতিত হয়, তেমনি এই স্থূলদেহ হইতে লিঙ্গদেহ বিশ্লিষ্ট হইয়া যায় ॥ ৫—৬ ॥ তখন প্রাণবায়ু, ইন্দ্রিয়গণের বাসনা, জীবাত্মাতে অধ্যস্ত বুদ্ধিপ্রভৃতি অন্তঃকরণ, এবং আধিভৌতিক সোমপ্রভৃতিকে আকর্ষণ করতঃ হৃৎপদ্মে একত্রিত হইয়া অন্য নব বায়ুর সহিত সম্মিলিত ভাবে ঊর্দ্ধে নির্গত হয় এবং পথিকের ন্যায় ইতস্ততঃ বিচরণ করে। তৎকালে জীবও সেই প্রাণবায়ুর সহিত একীভাবা-

চক্ষুষো র্বাপি মূর্দ্ধ্না বা নাড়ীমার্গং সমাশ্রিতঃ।
বিদ্যাকর্ম্মসমাযুক্তো বাসনাভিশ্চ সংযুতঃ।
প্রাজ্ঞাত্মানং সমাশ্রিত্য বিজ্ঞানাত্মোপসর্পতি ॥ ৯ ॥
যথা কুম্ভো নীয়মানো দেশাদ্দেশান্তরং প্রতি।
খপূর্ণ এব সর্ব্বত্র স আকাশোঽপি তত্র তু ॥১০ ॥

পঞ্চম্যামাহুতাবাপঃ পুরুষবচসো ভবন্তীতি তদনন্তরপ্রতিপত্তৌ রংহতি সম্পরিষ্বক্তঃ প্রশ্ননিরূপণাভ্যাং ইত্যধিকরণে চ নির্ণীতং তত এব বোধ্যম্ ॥ ৭—৮ ॥ কস্মান্মার্গাদুপসর্পতি ইত্যাকাঙ্ক্ষায়ামাহ চক্ষুষো র্বেতি বিদ্যাকর্ম্মভ্যাং সমাযুক্তঃ বাসনাভিশ্চ পূর্ব্বপ্রজ্ঞানুসারিণীভিঃ সংযুতঃ। তথাচ শ্রুতিঃ। তং বিদ্যাকর্ম্মণী সমন্বারভেতে পূর্ব্বপ্রজ্ঞা চ ইতি। প্রাজ্ঞাত্মানং সমাশ্রিত্য তৎপ্রেরিতঃ সন্নিত্যর্থঃ। তথা চ শ্রুতিঃ। প্রাজ্ঞেনাত্মনান্বারূঢ় উৎসর্জ্জন্ যাতি ইতি। উৎসর্জ্জন্ হিক্কাদিশব্দং কুর্ব্বন্ উপসর্পতি ঔপাধিকগমনভাগ্ ভবতি। নহি মুখ্যং গমনং পূর্ণস্য সম্ভবতি ॥ ৯। ঔপাধিকগমনমেব দৃষ্টান্তেন দ্রঢ়য়তি যথেতি। সর্ব্বত্র স ঘটঃ খপূর্ণ এব সর্ব্বো ঘটাবচ্ছিন্নাকাশ ইতি ব্যবহ্রিয়তে। তত্র ঘট আনীতে

পন্ন হইয়া উপসর্পণ করে॥ ৭—৮। দেহের কোন কোন দ্বার অবলম্বন করিয়া নির্গত হয়, তাহা বলিতেছেন।—বিজ্ঞানাত্মা অর্থাৎ পরমাত্মা জীবাত্মাকে আশ্রয় পূর্ব্বক বিদ্যা, কর্ম্ম ও বাসনা দ্বারা সংযুক্ত হইয়া চক্ষু, ব্রহ্মরন্ধ্র ও নাড়ীমার্গ দ্বারা নির্গত হয়। এই যে আত্মার গমন বিষয় বর্ণিত হইল, ইহা মুখ্য গমন নহে, কারণ আত্মা পরিপূর্ণ পদার্থ, তাঁহার কখনই গমন সম্ভাবনা নাই। যেমন আকাশ পরিব্যাপ্ত পদার্থ, সুতরাং ঘট যেখানেই নেওয়া যায়, সর্ব্বত্রই আকাশের সম্বন্ধ থাকে, সুতরাং সকল স্থানেই ঘটাকাশ বলিয়া ব্যবহার হয়

ঘটাকাশাখ্যতাং যাতি তদ্বল্লিঙ্গং পরাত্মনঃ ॥ ১১ ॥
পুনর্দ্দেহান্তরং যাতি যথা কর্ম্মানুসারতঃ।
আমোক্ষাৎ সঞ্চরত্যেবং মৎস্যঃ কূলদ্বয়ং যথা ॥ ১২ ॥
পাপভোগায় চেদ্গচ্ছেদ্যমদূতৈরধিষ্ঠিতঃ।
যাতনাদেহমাশ্রিত্য নরকানেব কেবলম্ ॥ ১৩ ॥
ইষ্টাপূর্ত্তাদিকর্ম্মাণি যোঽনুতিষ্ঠতি সর্ব্বদা।
পিতৃলোকং ব্রজত্যেষ যামমাশ্রিত্য বর্হিসঃ ॥ ১৪ ॥

ঘটাকাশোঽয়মিতি ব্যবহ্রিয়তে তদ্বৎ পরাত্মনো জীবস্য লিঙ্গশরীর জীবপূর্ণমেব যাতি। যতোদেহাৎ যাতি তত্র ন জীবত্বব্যবহারঃ। যস্মিন্ দেহে তিষ্ঠতি তত্রৈব জীব ইতি ব্যবহার ইতি ভাবঃ ॥১০—১১॥ পুনরিতি। আমোক্ষাৎ মোক্ষপর্য্যন্তমিত্যর্থঃ। কূলদ্বয়ং তীরদ্বয়ং ॥ ১২ ॥ পাপেতি। কেবলং পাপভোগায় চেদ্গচ্ছেত্তর্হি নরকানেব গচ্ছেৎ। উভয়ভোগায় চেৎ মনুষ্যলোকং গচ্ছেদিতি ভাবঃ। উভাভ্যাং মনুষ্যলোক ইতি শ্রুতেঃ ॥ ১৩ ॥ ইষ্টেতি ইষ্টানি যজ্ঞান্ পূর্ত্তানি তড়াগারামাদীন্ যঃ সর্ব্বদানুতিষ্ঠতি এ—

তেমনি লিঙ্গশরীর যেখানেই যাউক না কেন, ব্যাপক পরমাত্মার সর্ব্বত্র বিদ্যমানতা বশতঃ লিঙ্গদেহ সর্ব্বত্রই জীব পূর্ণই থাকে ॥ ৯—১১ ॥ এই প্রকারে জীব নিজ কর্ম্মানুসারে পুনর্ব্বার দেহান্তর প্রাপ্ত হইয়া থাকে। যেমন মৎস্য নদীর এ কূল ও কূল সঞ্চরণ করিয়া থাকে, তেমনি জীব ও মোক্ষ না হওয়া পর্য্যন্ত এই প্রকারে দেহ হইতে দেহান্তরে সঞ্চরণ করিতে থাকে ॥ ১২ ॥ জীব যদি পাপভোগের নিমিত্ত গমন করে, তবে যমদূতদ্বারা আক্রান্ত হইয়া যাতনাময় দেহ গ্রহণপূর্ব্বক নরকে গমন করিয়া থাকে ॥ ১৩ ॥ যিনি সর্ব্বদা যাগ যজ্ঞাদি কর্ম্ম ও তড়াগপ্রতিষ্ঠাদি ক্রিয়ার অনুষ্ঠান করেন, তিনি অগ্নি-

ধূমংরাত্রিং গতঃ কৃষ্ণপক্ষংতস্মাচ্চ দক্ষিণম্।
অয়নঞ্চ ততো লোকং পিতৃণাঞ্চ ততঃ পরম্॥
চন্দ্রলোকে দিব্যদেহং প্রাপ্য ভুঙ্‌ক্তে পরাং শ্রিয়ম্॥১৫

সুকৃতী যামং যমসম্বন্ধিনং দূতমাশ্রিত্য তেন নীয়মানঃ সন্নিত্যর্থঃ। বর্হিষঃ শ্রৌতস্মার্ত্তাগ্নেশ্চ হেতুভূতাদিত্যর্থঃ। যাগস্তাগ্নিসাধ্যত্বাৎ সোঽপি তত্র পরম্পরয়া প্রয়োজক ইতি ভাবঃ। পিতৃলোকং ব্রজতি। কর্ম্মণা পিতৃলোক ইতি শ্রুতেঃ। বর্হিঃ শুষ্মা কৃষ্ণবর্ত্মে ত্যমরঃ। অত্র বর্হিরিতি পৃথক্ পদং। বর্হির্মুখাইতি দর্শনাদিতি ক্ষীরস্বামী॥ ১৪॥ ধূমমিতি। অথ য ইমে গ্রাম ইষ্টাপূর্ত্তে দত্ত মিত্যুপাসতে ধূমমভিসম্ভবন্তি ইত্যুপক্রম্য আকাশাৎ চন্দ্রমসং ইত্যন্তেন ধূমাদিঃ পিতৃযানঃ পন্থা ইষ্টাদিকারিণাং শ্রুতাবুক্তঃ। তদেতদাহ প্রথমং ধূমং ততোরাত্রিং ততঃ কৃষ্ণপক্ষং তস্মাদ্দক্ষিণায়নং ততঃ পিতৃণাং লোকং ততশ্চন্দ্রলোকং গতঃ সন দিব্যদেহং প্রাপ্য চন্দ্রসমানোঽসাবিষ্টাদিকারী পরাং শ্রিয়ং ভুঙ্‌ক্তে। যাবৎ কর্ম্মফলং তত্র বসেৎ। ধূমোরাত্রিঃ কৃষ্ণপক্ষো

সাধ্য যাগাদি বলে যমদূত কর্ত্তৃক নীয়মান হইয়া পিতৃলোকে গমন করেন॥ ১৪॥ এই ইষ্টাপূর্ত্তকারী ব্যক্তি প্রথমে ধূম, তৎপর রাত্রি, তৎপর কৃষ্ণপক্ষ এবং দক্ষিণায়নের * আলম্বনে পিতৃলোক প্রাপ্ত হইয়া চন্দ্রলোকে গমন করিয়া থাকেন এবং চন্দ্রলোকে একপ্রকার দিব্যদেহ ধারণ করতঃ উৎকৃষ্ট শ্রীভোগ

* ধূম, রাত্রি, কৃষ্ণপক্ষ, এবং দক্ষিণায়ন বলিতে এতদভিমানিনী আতিবাহিক দেবতা নির্দ্দিষ্ট হইয়াছে। যথা; ধূমাভিমানিনী দেবতা, রাত্র্যভিমানিনী দেবতা, কৃষ্ণপক্ষাভিমানিনী দেবতা এবং দক্ষিণায়নাভিমানিনী দেবতা ইত্যাদি।

তত্র চন্দ্রসমানোঽসৌ যাবৎ কর্ম্মফলং বসেৎ।
তথৈব কর্ম্মশেষেণ যথেতং পুনরাব্রজেৎ ॥ ১৬ ॥
বপুর্ব্বিহায় জীবত্বমাসাদ্যাকাশমেতি সঃ।
আকাশাদ্বায়ুমাগত্য বায়োরম্ভো ব্রজত্যথ ॥ ১৭ ॥

দক্ষিণায়নঞ্চেত্যাদ্যা আতিবাহিকাদেবতা নির্দ্দিশ্যন্তে তা এনমিষ্টাদিকারিণং চন্দ্রলোকং প্রাপয়ন্তি। তদুক্তং গীতায়াং। ধূমোরাত্রিস্তথা কৃষ্ণঃ ষণ্মাসা দক্ষিণায়নং। তত্র চান্দ্রমসং জ্যোতির্যোগী প্রাপ্য নিবর্ত্ততে। অগ্নির্জ্যোতিরহঃ শুক্লঃ ষণ্মাসা উত্তরায়নং। তত্র প্রয়াতা গচ্ছন্তি ব্রহ্ম বিহ্মবিদোজনাঃ ॥ ইতি। যথাচ যদা কদা বা মৃতমুপাসকমগ্ন্যাদয় আতিবাহিকা ব্রহ্মলোকং প্রাপয়ন্তীতি তথেষ্টাদিকারিণং যদা কদা বা মৃতমপি ধূমাদয় আতিবাহিকাশ্চন্দ্রমসং প্রাপয়ন্তীতি নিষ্কর্ষঃ। আতিবাহিকাস্তল্লিঙ্গাৎ। অতশ্চায়নেঽপি দক্ষিণ ইতি ন্যায়াৎ। যথেতমিতি যথাগতং। উপলক্ষণঞ্চেদং। যেন ক্রমেণ চন্দ্রলোকগত স্তদ্বিপরীতক্রমেণেম লোকমায়াতীত্যর্থঃ। ক্ষীণে পুণ্যে মর্ত্ত্যলোকং বিশন্তীতি স্মৃতেঃ ॥ ১৫—১৬ ॥ বপুর্ব্বিহায়েতি। চন্দ্রলোকে ভোগশরীরং বিহায় জীবত্বং লিঙ্গশরীরাবচ্ছিন্নত্বং প্রাপ্য অবরোহতি অবরোহক্রমমাহ আকাশমেতি স ইত্যাদিনা। আকাশং আকাশত্বমিত্যাদি ভাবপ্রধানোনির্দ্দেশঃ ॥ ১৭ ॥ ততঃ ক্রমেণাসৌ জীবোবৃষ্টিভিরেব

করেন এবং চন্দ্র সমান হইয়া কর্ম্মফল ক্ষয় পর্য্যন্ত চন্দ্রলোকেই বাস করেন। অনন্তর কর্ম্ম ফল ক্ষীণ হইলে যথাগত রূপে আবার এই লোকে আগমন করেন ॥ ১৫—১৬ ॥ তখন চন্দ্রলোকে যে ভোগদেহ প্রাপ্ত হইয়াছিলেন, তাহা পরিত্যাগপূর্ব্বক পুনরায় লিঙ্গ শরীর বিশিষ্ট হইয়া প্রথমে আকাশত্ব, তৎপর

অদ্ভ্যো মেঘং সমাসাদ্য ততো বৃষ্টির্ভবেদসৌ।
ততো ধান্যানি ভক্ষ্যাণি জায়তে কর্ম্মচোদিতঃ ॥১৮
যোনিমন্যে প্রপদ্যন্তে শরীরত্বায় দেহিনঃ।
মুক্তিমন্যে তু সংযান্তি যথাকর্ম্ম যথাশ্রুতম্ ॥ ১৯ ॥

তত্রাকাশাদিসাম্যমভিপ্রেতং নতু তদভেদঃ। সম্ভাব্যাপত্তিরুপপত্তেঃ ইতি ন্যায়াৎ। ততোধান্যানি ততোভক্ষ্যাণ্যন্নানীত্যর্থঃ। স জায়তে কর্ম্মণাপ্রারব্ধেন চোদিতঃ সন্ ॥ ১৮ ॥ ইয়ঞ্চ ধূমাদিমার্গেণ গতানাং পুনরাবৃত্তির্ন নিয়তা সর্ব্বেষাং কিন্তু প্রাচুর্য্যেণেত্যাহ যোনিমিতি। মুক্তিমিতি। অন্যে তূত্তমাধিকারিণঃ। যথাকর্ম্ম চিত্তশুদ্ধি মুদ্দিশ্যাচরিতকর্ম্মানুসারেণেত্যর্থঃ। যথাশ্রুত চন্দ্রলোকে কৃতশ্রবণাদিসাধনানুসারেণেত্যর্থঃ। মুক্তিং সংযান্তি মুক্তিমিতি ক্রমমুক্তি মিত্যর্থঃ। তদুপর্য্যপি বাদরায়ণঃ সম্ভবাদিত্যধিকরণে। স্বর্গলোকাদাবপি শ্রবণাদিসাধনেন মোক্ষো ভবতি ইতি নির্ণয়াৎ। তথা চ শ্রুতিঃ। তদ্যোদেবানাং প্রত্যবুধ্যত স তদভবত্তথর্ষীণাং তথা মনুষ্যাণাং ইতি ॥ ১৯ ॥ ততো-

বায়ুত্ব, অনন্তর জলত্ব এবং তৎপর মেঘত্ব প্রাপ্ত হইয়া অর্থাৎ আকাশাদি সাদৃশ্য প্রাপ্ত হইয়া বৃষ্টিরূপে পরিণত হয়েন। অনন্তর প্রারব্ধ কর্ম্মবশতঃ ধান্য ও বিবিধ ভক্ষ্যরূপে উৎপন্ন হইয়া থাকেন ॥ ১৭—১৮ ॥ যাঁহারা পূর্ব্বোক্ত ধূমাদি মার্গে গমন করেন তাঁহাদের মধ্যে সকলেরই যে পুনরাবৃত্তি হইবে, এইরূপ নিয়ত নাই। ইহাঁদের মধ্যে অনেকে স্থূল দেহসম্বন্ধের নিমিত্ত গর্ভে প্রবেশ করেন, এবং অনেকে চিত্তশুদ্ধিজনক কর্ম্ম ও চন্দ্রলোকে অনুষ্ঠিত শ্রবণাদি সাধন দ্বারা ক্রমে মুক্তি লাভ করিয়া থাকেন ॥ ১৯ ॥ যাঁহারা অন্নরূপে সম্প-

ততোঽন্নত্বং সমাসাদ্য পিতৃভ্যাং ভুজ্যতে পরম্।
ততঃ শুক্রং রজশ্চৈব ভূত্বা গর্ভোঽভিজায়তে ॥২০॥
ততঃ কর্ম্মানুসারেণ ভবেৎ স্ত্রীপুন্নপুংসকম্।
এবং জীবগতিঃ প্রোক্তা মুক্তিং তস্য বদামি তে॥২১॥
যস্তু শান্ত্যাদিযুক্তঃ সন্ সদা বিদ্যারতো ভবেৎ।
স যাতি দেবযানেন ব্রহ্মলোকাবধিং নরঃ ॥ ২২ ॥

ঽন্নত্বমিতি। অন্নত্বং সমাসাদ্য স্থিতোজীবঃ পিতৃভ্যাং পুনঃ স্থূল-দেহতাদাত্ম্যাধ্যাসায় ভুজ্যতে। ততঃ পিতরি শুক্ররূপেণ মাতরি রজোরূপেণ স্থিত্বা স্ত্রীপুরুষসংযোগে সতি স্ত্রিয়াং গর্ভোঽভি-জায়তে। ততঃ কর্ম্মানুসারেণেতি স্পষ্টং ॥ ২০—২১ ॥ মুক্তিং তস্য বদামি ত ইত্যুক্তং তদেবোপপাদয়তি যস্ত্বিত্যাদিনা। শমদম-তিতিক্ষাসমাধানশ্রদ্ধাযুক্তঃ সন্ সদা বিদ্যায়াং রতঃ স্ববর্ণাশ্রমকর্ম্মা-ণীশ্বরার্পণবিয়া কুর্ব্বাণশ্চেত্যাদিপদাৎ সংগ্রহঃ। স দেবযানেন পথা তেঽর্চ্চিষমভিসম্ভবন্ত্যর্চ্চিষোঽহরহ্ন আপূর্য্যমাণপক্ষং ইত্যাদ্যুপ-ক্রম্য এষ দেবপথো ব্রহ্মপথ এতেন প্রতিপাদ্যমানা ইমং মানব-মাবর্ত্তং নাবর্ত্তন্তে ইতি শ্রুত্যুক্তেন ব্রহ্মলোক এবাবধিস্তং যাতি। নরোঽধিকারী জীবঃ ॥ ২২ ॥ দেবযানং পন্থানং শ্রুত্যুক্তং শ্লোকতঃ

হয়েন, তাঁহারা পিতা মাতা কর্ত্তৃক পরিভুক্ত হইয়া শুক্র শোণিতাকারে পরি-ণত হইয়া গর্ভরূপে উৎপন্ন হয়েন (২০) এবং নিজকর্ম্মানুসারে স্ত্রী, পুরুষ ও নপুংসকাকার দেহ ধারণ করিয়া থাকেন। হে রাম! এই পর্য্যন্ত আমি তোমার নিকট জীবের গতিবিষক তত্ত্ব বর্ণনা করিলাম, কেমন করিয়া তাহার মুক্তি হইয়া থাকে, তাহা বলিতেছি, শ্রবণ কর॥ ২১॥ যে মানব

অর্চ্চির্ভূত্বা দিনং প্রাপ্য শুক্লপক্ষমথো ব্রজেৎ।
উত্তরায়ণমাসাদ্য সম্বৎসরমথো ব্রজেৎ ॥ ২৩ ॥
আদিত্যচন্দ্রলোকৌ তু বিদ্যুল্লোকমতঃপরং।
অথ দিব্যঃ পুমান্ কশ্চিদ্‌ব্রহ্মলোকাদিহৈতি সঃ॥২৪
দিব্যে বপুষি সন্ধায় জীবমেবং নয়ত্যসৌ ॥ ২৫ ॥

সংগৃহ্লাতি অর্চ্চিরিত্যাদিনা। দিব্যঃ শ্রুত্যুক্তোমানবঃ পুরুষঃ ইহ বিদ্যুল্লোক এতি তত্রাগত্য তমুপাসকং গৃহীত্বা ব্রহ্মলোকং গময়তীতি শেষঃ। তত্রৈব তস্যোপাসকস্য শ্রবণাদিজ্ঞানো- দয়ে ব্রহ্মণা সহ মুক্তিঃ নতু পুনরাবৃত্তিঃ। এতেন প্রতি- পাদ্যমানা ইমং মানবমাবর্ত্তং নাবর্ত্তন্তে ইতি শ্রুতেঃ। ব্রহ্মণা সহ তে সর্ব্বে সংপ্রাপ্তে প্রতিসঞ্চরে। পরস্যান্তে কৃতাত্মানঃ প্রবি- শন্তি পরং পদং ইতি স্মৃতেশ্চ। অত্র চ সম্বৎসরাৎ ইত্যয়োর্মধ্যে দেবলোকবায়ুলোকৌ বিদ্যুদনন্তরং বরুণেন্দ্র-প্রজাপতিলোকাঃ

সর্ব্বদা শম, দমাদি সম্পন্ন হইয়া বিদ্যানিরত থাকেন, তিনি ব্রহ্মলোক পর্যান্ত গমন করিয়া থাকেন ॥ ২২ ॥ যে পন্থার অনুসরণ পূর্ব্বক ব্রহ্মলোকে গমন করেন, তাহার নির্দ্দেশ করিতেছেন।—প্রথমে অর্চ্চিরভিমানিনী দেবতা, তৎ পর দিবসাভিমানিনী দেবতা, অনন্তর শুক্লপক্ষাভিমানিনী দেবতা, পরে উত্ত রায়ণাভিমানিনী দেবতা, তৎপর সম্বৎসরাভিমানিনী দেবতাস্বরূপ হইয়া সূর্য্য ও চন্দ্রলোকে গমন পূর্ব্বক অনন্তর বিদ্যুৎ লোক প্রাপ্ত হয়েন। অনন্তর কোন দিব্য পুরুষ ব্রহ্মলোক হইতে এই বিদ্যুৎ লোকে আগমন করতঃ এই উপাসককে দিব্য শরীরের সহিত সংযুক্ত করিয়া ব্রহ্মলোকে সন্নয়ন করিয়া থাকেন ॥ ২৩—২৫ ॥ অনন্তর উপাসক ব্রহ্মলোকে গমন পূর্ব্বক দিব্য দেহা-

ব্রহ্মলোকে দিব্যদেহে ভুক্ত্বা ভোগান্ যথেপ্সিতান্।
তত্রোষিত্বা চিরং কালং ব্রহ্মণা সহ মুচ্যতে ॥ ২৬॥
শুদ্ধব্রহ্মরতো যস্তু ন স যাত্যেব কুত্রচিৎ।
তস্য প্রাণা বিলীয়ন্তে জলে সৈন্ধবখিল্যবৎ ॥ ২৭ ॥
স্বপ্নদৃষ্টা যথা সৃষ্টিঃ প্রবুদ্ধস্য বিলীয়তে।
ব্রহ্মজ্ঞানবতস্তদ্বদ্বিলীয়ন্তে তদৈব তে।
বিদ্যাকর্ম্মবিহীনো যস্তৃতীয়ং স্থানমেতি সঃ ॥ ২৮ ॥
ভুক্ত্বা চ নরকান্ ঘোরান্ মহারৌরবরৌরবান্।
পশ্চাৎপ্রাক্তনশেষেণ ক্ষুদ্রজন্তুর্ভবেদসৌ ॥২৯ ॥

শ্রুত্যান্তরোক্তা উপসংহর্ত্তব্যা ইতি দিক্ ॥ ২৩—২৮ ॥ ইদানীং পাপ-ভোগায় চেদ্গচ্ছেদ্যমদূতৈরধিষ্ঠিত ইত্যাদি পূর্ব্বোক্তরীত্যা নরকং গতস্য পশ্চাদ্ভাবিনীমবস্থামাহ ভুক্ত্বা চেতি। ততোবহুভির্জ্জন্ম-সহস্রৈঃ কেনচিৎ পুণ্যপরিপাকেন জ্ঞানীভূত্বা মুক্তোভবতীতি ভাবঃ। মধ্বাস্তু ন স পুনরাবর্ত্ততে ইতি শ্রুতিঃ মুক্তানাং অন্ধ-

লম্বনে যথেপ্সিত ভোগ্যবস্তুর ভোগ করিয়া সেই খানেই বহুকাল বাস করতঃ ব্রহ্মের সহিত মুক্তি লাভ করিয়া থাকেন, তাঁহার আর পুনরাবৃত্তি হয় না। ২৬। পরন্তু, যিনি শুদ্ধ ব্রহ্ম নিষ্ঠ ব্যক্তি, তিনি কুত্রাপি গমন করেন না, তাঁহার প্রাণবায়ু, জলে সৈন্ধবখণ্ডের ন্যায় এই দেহেই বিলীন হইয়া যায় ॥ ২৭ ॥ যেমন স্বপ্নদৃষ্ট বস্তু প্রবুদ্ধ হইলেই আর পরিদৃষ্ট হয় না, তেমনি ব্রহ্ম-জ্ঞান বিশিষ্ট ব্যক্তির প্রাণাদি সমস্তই এই দেহে বিলীন হইয়া যায়। আর যে ব্যক্তি বিদ্যা ও ইষ্টাপূর্ত্তাদি কর্ম্ম বিহীন, সেই ব্যক্তি পূর্ব্বোক্ত স্থান দ্বয় ব্যতীত অন্য আর এক স্থান প্রাপ্ত হয় এবং সেই স্থানে মহারৌরব ও রৌরব প্রভৃতি

যূকামশকদংশাদি জন্মাসৌ লভতে ভুবি।
এবং জীবগতিঃ প্রোক্তা কিমন্যচ্ছ্রোতুমিচ্ছসি॥৩০॥

শ্রীরাম উবাচ।

ভগবন্! যত্ত্বয়া প্রোক্তং ফলন্তু জ্ঞানকর্ম্মণোঃ।
ব্রহ্মলোকে চন্দ্রলোকে ভুঙ্‌ক্তে ভোগানিতি
প্রভো! ॥ ৩১ ॥
গন্ধর্ব্বাদিষু লোকেষু কথং ভোগঃ সমীরিতঃ।
দেবত্বং প্রাপ্নুয়াৎ কশ্চিৎ কশ্চিদিন্দ্রত্বমেব চ॥৩২॥
এতৎকর্ম্মফলং বাস্তু বিদ্যাফলমথাপি বা।
তদ্বদ্ হি গিরিজাকান্ত! তত্র মে সংশয়ো মহান্॥৩৩॥

তাংযোগানাঞ্চ সর্ব্বৈবেতি জল্পন্তি তেষাং গৌতমাদিসপ্তানাং চতুরাদি-শ্রুতিব্রহ্মতর্কমূলরামায়ণাদিস্মৃতিকল্পকানাং দুর্মতং বৈদিকৈঃ কৌতুকায়াপি নাবলোকনীয়মিত্যন্যত্র বিস্তরঃ॥ ২৯—৩০॥ উপাসনায়া ইষ্টাপূর্ত্তাদিকর্ম্মণশ্চ ফলং যথাক্রমং ব্রহ্মলোকচন্দ্রলোকপ্রাপ্তিরূপমুক্তং গন্ধর্ব্বসূর্য্যেন্দ্রাদিলোকপ্রাপ্তি স্তৎ কিমি-

---

ভয়াবহ নরক ভোগ করিয়া অনন্তর অবশিষ্ট প্রাক্তন কর্ম্ম বশে ক্ষুদ্র প্রাণী হইয়া উৎপন্ন হয়। অথবা যূক মশকাদিরূপে জন্ম লাভ করিয়াথাকে। হে রাম! এই প্রকার জীবগতিবিষয়ক তত্ত্ব তোমাকে বলিলাম, অন্য আর কোন বিষয় শ্রবণ করিতে ইচ্ছা করিতেছ, তাহা বল॥ ২৮—৩০॥ রাম বলিলেন,—ভগবন্! আপনি জ্ঞান ও কর্ম্ম ফলে ব্রহ্মলোক এবং চন্দ্রলোকে বিবিধ ভোগ করিয়া থাকে, ইহা কীর্ত্তন করিলেন, কিন্তু গন্ধর্ব্বাদি লোকে যে ভোগ

শ্রীভগবানুবাচ।

তদ্বিদ্যাকর্ম্মণোরেবানুসারেণ ফলং ভবেৎ।
যুবা চ সুন্দরঃ শূরো নীরোগো বলবান্ ভবেৎ ॥৩৪॥
সপ্তদ্বীপাং বসুমতীং ভুঙ্‌ক্তে নিষ্কণ্টকং যদি।
স প্রোক্তো মানুষানন্দস্তস্মাচ্ছতগুণো মতঃ ॥ ৩৫ ॥
মনুষ্যস্তপসা যুক্তো গন্ধর্ব্বো জায়তেঽস্য তু।
তস্যাচ্ছতগুণো দেবগন্ধর্ব্বাণাং ন সংশয়ঃ ॥ ৩৬ ॥

দমুপাসনাফলং বিদ্যাফলং বেতি সন্দিহানঃ পৃচ্ছতি ভগবন্নিতি। জ্ঞানমুপাসা কর্ম্ম ইষ্টাপূর্ত্তাদি তয়োঃ ফলন্তুক্তং॥ ৩১—৩২॥ এতৎ কর্ম্মফলং বাস্তু অথবা বিদ্যায়া উপাসনায়াঃ ফলং ॥ ৩৩॥ উত্তরমাহ তদিতি। বিদ্যাকর্ম্মণোঃ পূর্ব্বোক্তয়োরেব তারতম্যানুসারেণ ফলতারতম্যং স্যাৎ। তদেব মানুষাদ্যানন্দানাং তারতম্যমাহ যুবা চেত্যাদিনা॥ ৩৪—৩৫॥ মনুষ্য ইতি। তপসা যুক্তঃ সন্ গন্ধর্ব্বো জায়তে। অস্য গন্ধর্ব্বতাং প্রাপ্তস্যানন্দঃ পূর্ব্বোক্তমানুষানন্দাচ্ছতগুণোঽধিক ইতিসম্বন্ধঃ। উক্ত গন্ধর্ব্বানন্দাদ্দেব-

---

হয়, তাহা এবং কেহ দেবত্ব প্রাপ্ত হয়েন, কেহবা ইন্দ্রত্ব প্রাপ্ত হয়েন ইত্যাদি রূপ ভিন্ন ভিন্ন ভোগ কর্ম্ম ফল অথবা জ্ঞান ফলে সম্পাদিত হয়, তৎ সমস্ত আমাকে বলুন। হে গিরিজাপতে! এই সমস্ত বিষয়ে আমার অতীব সংশয় সমুপস্থিত হইয়াছে॥ ৩১—৩৩॥ ভগবান্ শিব বলিলেন,—জ্ঞান ও কর্ম্মের তারতম্য বশতঃ পূর্ব্বোক্ত ফল তারতম্য হইয়া থাকে। যুবা, সুন্দর, বিক্রমশালী, নীরোগী এবং বলবান্ হইয়া এই সপ্তদ্বীপা পৃথিবীকে নিষ্কটক ভাবে ভোগ করাকেই মানুষানন্দ বলে, আর যে মনুষ্য তপোযুক্ত হইয়া গন্ধর্ব্বত্ব

এবং শতগুণানন্দ উত্তরোত্তরতো ভবেৎ।
পিতৃণাং চিরলোকানামাজানস্থরসম্পদাম্ ॥ ৩৭ ॥
দেবতানামথেন্দ্রস্য গুরোস্তদ্বৎ প্রজাপতেঃ।
ব্রহ্মণশ্চৈবমানন্দাঃ পুরস্তাদুত্তরোত্তরং ॥ ৩৮ ॥
জ্ঞানাধিক্যাৎ সুখাধিক্যং নান্যদস্তি সুরালয়ে।
শ্রোত্রিয়োঽবৃজিনোঽকামহতো যশ্চ দ্বিজো ভবেৎ৩৯

গন্ধর্ব্বানন্দঃ শতগুণঃ ॥ ৩৬ ॥ এবমিতি। বক্ষ্যামাণানাং পিত্রাদীনামপ্যানন্দঃ ক্রমেণোত্তরোত্তরং শতগুণোবোদ্ধব্য ইত্যর্থঃ। ষষ্ঠ্যর্থে তসিঃ। পিতৃণাং চিরলোকানাং তথা জানদেবানাং কর্ম্মণা দেবত্বং প্রাপ্তানাং। তথা দেবানাং অথেন্দ্রস্য বৃহস্পতেস্তদ্বৎ প্রজাপতেঃ ব্রহ্মণশ্চ। পুরস্তাৎ পূর্ব্বস্মাৎ উত্তরোত্তরং শতগুণ ইতি সর্ব্বত্র যোজনীয়ং ॥ ৩৭—৩৮ ॥ জ্ঞানাধিক্যাদিতি জ্ঞানশব্দঃ কর্ম্মণোঽপ্যুপলক্ষকঃ। উপাসনায়াঃ কর্ম্মণশ্চ তারতম্যাৎ স্বর্গে সুখতারতম্য মিত্যর্থঃ। অন্যৎ সুখতারতম্যং প্রতি কারণং নাস্তীত্যর্থঃ। ইদানীং শ্রুতৌ প্রতিপর্য্যায়ং শ্রোত্রিয়স্য চাকামহতস্য ইত্যাম্নাতং

প্রাপ্ত হয়েন, তাঁহার সম্বন্ধে মানুষানন্দাপেক্ষায় শতগুণ অধিক আনন্দের সম্ভূতি হইয়া থাকে এবং যাঁহারা দেবগন্ধর্ব্বত্ব প্রাপ্ত হয়েন, তাঁহাদের এতদপেক্ষায় ও শতগুণ আনন্দ সমুৎপন্ন হয় ॥ ৩৪—৩৬ ॥ এই প্রকার পিত্রাদির আনন্দ উত্তরোত্তর শতগুণ অধিক জানিবে। যথা দেবগন্ধর্ব্বাপেক্ষায় পিতৃগণের শতগুণ, কর্ম্মদ্বারা দেবত্ব প্রাপ্ত ব্যক্তিগণের তদপেক্ষায় শতগুণ, তদপেক্ষায় দেবগণের শতগুণ, তদপেক্ষায় ইন্দ্রের, তদপেক্ষায় বৃহস্পতির এবং তদপেক্ষায় প্রজাপতি ব্রহ্মার শতগুণ আনন্দ জানিবে ॥ ৩৭—৩৮ ॥ জ্ঞান ও কর্ম্মের আধিক্য বশতঃই স্বর্গে সুখাধিক্য হইয়া থাকে, এতদ্ব্যতীত অন্য কারণ নাই।

তস্যাপ্যেবং সমাখ্যাতা আনন্দাশ্চোত্তরোত্তরম্।
আত্মজ্ঞানাৎ পরং নাস্তি তস্মাদ্দশরথাত্মজ ! ॥ ৪০॥
ব্রাহ্মণঃ কর্ম্মভির্নৈব বর্দ্ধতে নৈব হীয়তে।
ন লভ্যঃ পাতকেনৈব কর্ম্মণা জ্ঞানবান্ যদি ॥ ৪১ ॥

তস্যাশয়ং সংগৃহ্নাতি। শ্রোত্রিয়ঃ ছন্দোঽধীতে ইতি নিপাতনাৎ সাধুঃ। বেদপারগ ইত্যর্থঃ। অবৃজিনোনিষ্পাপঃ অকামহতো নিষ্কামঃ এবম্ভূতোযোদ্বিজোভবেৎ। দ্বিজগ্রহণং ব্রহ্মক্ষত্রবিশাং পরিগ্রহার্থং ॥ ৩৯ ॥ তস্যাপীতি। এবম্ভূতো য আত্মজ্ঞানী দ্বিজস্তস্যাপি। অপিঃ সমুচ্চয়ে। পূর্ব্বোক্তাঃ সর্ব্বে আনন্দা এবং যুগপৎ প্রাপ্তুং ভবন্তি। সোঽশ্নুতে সর্ব্বান্ কামান্ হ ইতি শ্রুতেঃ। আপূর্য্যমাণ মচলপ্রতিষ্ঠং সমুদ্রমাপঃ প্রবিশন্তি যদ্বৎ। তদ্বৎ কামা যং প্রবিশন্তি সর্ব্বে ইতি স্মৃতেশ্চ। যস্মাদেবং তস্মাৎ আত্মজ্ঞানাৎ পরমুৎকৃষ্টং নাস্তি। নান্যঃ পন্থা অয়নায় বিদ্যতে। জ্ঞানাদেবতু কৈবল্যং ইত্যাদি শ্রুতেঃ ॥ ৪০ ॥ জ্ঞানিপ্রশংসামাহ ব্রাহ্মণ ইতি। ব্রাহ্মণো ব্রহ্মবিৎ বিধিনিষেধাববিদ্বদ্বিষয়কাবেবেতি ভাবঃ। যস্ত্বেবম্বিধোজ্ঞানী স্যাৎ স পাতকেন কর্ম্মণা নৈব লভ্যঃ প্রাপ্যঃ। পুণ্যপুঞ্জৈরেব প্রাপ্য ইতি ভাবঃ ॥ ৪১ ॥ যস্মাদেবং তস্মা-

---

যিনি বেদবিৎ, নিষ্পাপ ও নিষ্কাম দ্বিজ শব্দবাচ্য, তাঁহার সম্বন্ধে পূর্ব্বোক্ত সকল প্রকার আনন্দই একদা সমুদ্ভূত হইয়া থাকে, অতএব হে দাশরথে ! আত্মজ্ঞান অপেক্ষায় আর কিছুই শ্রেষ্ঠ বস্তু নাই জানিবে। ৩৯—৪০ ॥ ইদানীং জ্ঞানী ব্যক্তির প্রশংসা করিতেছেন।—যিনি ব্রাহ্মণ অর্থাৎ ব্রহ্মবিৎ, তিনি বিধি নিষেধের অতীত, তাদৃশ জ্ঞানবান্ ব্যক্তিকে পাপকর্ম্মদ্বারা প্রাপ্ত হওয়া যায় না, তিনি কেবল মাত্র পুণ্যপুঞ্জ বলেই সুলভ্য হইয়া থাকেন ॥ ৪১ ॥

তস্মাৎ সর্ব্বাধিকো বিপ্রো জ্ঞানবানেব জায়তে।
জ্ঞাত্বা যঃ কুরুতে কর্ম্ম তস্যাক্ষয্যফলং ভবেৎ॥৪২॥
যৎ ফলং লভতে মর্ত্যঃ কোটিব্রাহ্মণভোজনৈঃ।
তৎফলং সমবাপ্নোতি জ্ঞানিনং যস্তু ভোজয়েৎ॥৪৩।
জ্ঞানবন্তং দ্বিজং যস্তু দ্বিষ্যতে চ নরাধমঃ।
স শুষ্যমাণো ম্রিয়তে যস্মাদীশ্বর এব সঃ॥ ৪৪॥

দেষ্যাজ্ঞানবান্ বিপ্রঃ স এব সর্ব্বাধিকো ভবতীত্যর্থঃ। জ্ঞানী ত্বাত্মৈব মে মতং ইতি স্মৃতেঃ। তস্য সেবায়াং ফলমাহ জ্ঞাত্বেতি। যঃ সুকৃতী জ্ঞানিনং জ্ঞাত্বা তস্য কর্ম্ম সেবাং কুরুতে তস্য সুকৃতিনঃ অক্ষয্যং ফলং ভবেৎ। পরম্পরয়া মোক্ষপর্য্যবসায়ি স্যাদিতি ভাবঃ॥ ৪২॥ যৎ ফলমিতি স্পষ্টং॥ ৪৩॥ জ্ঞানবন্তমিতি। দ্বিষ্যতে দ্বেষ্টি স শুষ্যমাণঃ ক্ষয়রোগী সন্ ম্রিয়তে। যস্মাৎ জ্ঞানী ঈশ্বর এব তস্মাৎ। প্রিয়োহি জ্ঞানিনোঽত্যর্থ মহং স চ মম প্রিয়ঃ। ইতি স্মৃতেঃ। মম তস্য চ ভেদোন'স্বাত্মত্বেন কিন্তু লোকদৃষ্ট্যৈ-বেতি তদর্থঃ। তদেবমধিগতপরমার্থঃ কৃতকৃত্য এবেতি ব্যবস্থা-পিতং॥ ৪৪॥ নির্গুণব্রহ্মচিন্তনমসুকরং চেন্মন্যসে তর্হি মম

অতএব জ্ঞানবান্ ব্রাহ্মণই সর্ব্বাপেক্ষায় অধিক জানিবে। কিন্তু যিনি জ্ঞানী ব্যক্তিকে জানিয়া তাঁহার সেবাদি ক্রিয়ার অনুষ্ঠান করেন, তাঁহার অক্ষয় ফল হইয়া থাকে॥ ৪২॥ মানব কোটি ব্রাহ্মণ ভোজন করাইয়া যে ফল লাভ করিতে পারে, একটী জ্ঞানী ভোজনেই সেই ফল লাভে সমর্থ হয়॥ ৪৩॥ যে নরাধম ব্যক্তি জ্ঞানিপুরুষের প্রতি দ্বেষ করে, সে ক্ষয়রোগগ্রস্ত হইয়া মৃত্যুদশা প্রাপ্ত হয়। কারণ জ্ঞানী ঈশ্বরস্বরূপ, তাঁহাকে দ্বেষ করিলে ঈশ

উপাসকো ন যাত্যেব যস্মাৎ পুনরধোগতিম্ ।
উপাসনরতো ভূত্বা তস্মাদাস্ব সুখী নৃপ ! ॥ ৪৫ ॥

ইতি শ্রীপদ্মপুরাণে শিবগীতাসূপনিষৎসু ব্রহ্মবিদ্যায়াং
যোগশাস্ত্রে শিবরাঘবসংবাদে জীবস্বরূপকথনং
নাম একাদশোঽধ্যায়ঃ ॥ ১১ ॥

দ্বাদশোঽধ্যায়ঃ ।

শ্রীরাম উবাচ ।

ভগবন্দেবদেবেশ ! নমস্তেঽস্তু মহেশ্বর ! ।
উপাসনবিধিং ব্রূহি দেশং কালঞ্চ তস্য তু ॥ ১ ॥

সগুণস্যোপাসনং কুর্ব্বিত্যাহ উপাসক ইতি। কৌন্তেয় ! প্রতি জানীহি ন মে ভক্তঃ প্রণশ্যতি ইতি স্মৃতেঃ। আস্ব বর্ত্তস্ব সুখী- সংসারভয়রহিতঃ ॥ ৪৫ ॥

ইতি শিবগীতাটীকায়াং একাদশোঽধ্যায়ঃ ॥ ১১ ॥

পূর্ব্বাধ্যায়ান্তে উপাসকঃ অর্চ্চিরাদিমার্গেণ উর্দ্ধগতিমেব

রের প্রতিই দ্বেষ করা হয় ॥ ৪৪ ॥ হে নৃপতে ! উপাসক ব্যক্তি কখনই অধোগতি প্রাপ্ত হয়েন না, অতএব উপাসননিরত হইয়া সংসারভয় পরিহার পূর্ব্বক বিরাজ কর ॥ ৪৫ ॥

ইতি শিবগীতার একাদশ অধ্যায় সমাপ্ত ॥ ১১ ॥

শ্রীরাম বলিলেন, হে ভগবন্ দেবদেব মহেশ্বর। আপনাকে নমস্কার। আপনি এখন উপাসনাবিধি এবং তাহার দেশ ও কাল নির্দ্দেশ করিয়া আমায়

ঈশ্বর উবাচ।

শৃণু রাম ! প্রবক্ষ্যামি দেশকালমুপাসনং।
মদংশেন পরিচ্ছিন্না দেহাঃ সর্ব্বদিবৌকসাম্ ॥ ২ ॥
যে ত্বন্যদেবতাভক্তা যজন্তে শ্রদ্ধয়ান্বিতাঃ।
তেঽপি মামেব রাজেন্দ্র ! যজন্ত্যবিধিপূর্ব্বকম্ ॥ ৩ ॥

গচ্ছতি ততোমুক্তিং। অধোগতিং পুনর্ন গচ্ছতি তস্মাত্ত্বমুপাসনরতো ভবেত্যুক্তং। তত্রোপাসনাবিধিং জিজ্ঞাসুঃ রামঃ পৃচ্ছতি ভগবন্নিতি। উপাসনস্য বিধিমনুষ্ঠানপ্রকারং তু পুনঃ দেশকালয়োঃ সমাহারঃ দেশকালস্তু অপি তদপীত্যর্থঃ ব্রূহি ॥১॥ শৃণ্বিতি। উপাসনবিধিমিত্যর্থঃ। সর্ব্বদিবৌকসাং দেহাঃ মদংশেনাহঙ্কারেণ পরিচ্ছিন্নাঃ পৃথক্ কৃতাঃ। যদ্বা মদংশেন প্রতিবিম্বচৈতন্যেনোপলক্ষিতা অতএব পরিচ্ছিন্নাঃ তত্তদন্তঃকরণপ্রতিবিম্বিতচৈতন্যভেদাত্ভিন্না নতু পরমার্থত ইতিভাবঃ ॥ ২ ॥ ততঃ কিন্তত্রাহ যে ত্বিতি। যে ভক্তা অন্যদেবান্ যজন্তে তেঽপি মামেব যজন্তি কিন্তু অবিধিপূর্ব্বকং অহমেব সর্ব্বান্তর্যামী ফলপ্রদ ইতি মৎস্বরূপমজ্ঞাত্বেত্যর্থঃ। অতএব ফলাল্পতেতি ভাবঃ। অন্তবত্তু ফলং তেষাং তদ্ভবত্যল্পমেধসাং ইতি স্মৃতেঃ ॥ ৩ ॥ যস্মাৎ কারণাৎ

বলুন। ১ ॥ মহেশ্বর বলিলেন,—হে রাম। উপাসনার দেশ, কাল ও উপাসনা বিধি শ্রবণ কর।—সমস্ত দেবগণের দেহই মদংশদ্বারা অর্থাৎ প্রতিবিম্ব চৈতন্য দ্বারা উপলক্ষিত অতএব উহা পরিচ্ছিন্ন অর্থাৎ তত্তৎ অন্তঃকরণ প্রতিবিম্বিত চৈতন্যভেদে ভিন্ন ভিন্ন, সুতরাং যাহারা অন্য দেবতার প্রতি ভক্তি সম্পন্ন হইয়া শ্রদ্ধা পূর্ব্বক তাঁহাদিগকে ভজনা করে, তাঁহারা প্রকৃত পক্ষে আমারই

যস্মাৎ সর্ব্বমিদং বিশ্বং মত্তো ন ব্যতিরিচ্যতে।
সর্ব্বক্রিয়াণাং ভোক্তাহং সর্ব্বস্যাহং ফলপ্রদঃ॥ ৪ ॥
যেনাকারেণ যে মর্ত্ত্যা মামেবৈকমুপাসতে।
তেনাকারেণ তেভ্যোঽহং প্রসন্নো বাঞ্ছিতং দদে॥৫॥
বিধিনাঽবিধিনা বাপি ভক্ত্যা যে মামুপাসতে।
তেভ্যঃ ফলং প্রযচ্ছামি প্রসন্নোঽহং ন সংশয়ঃ॥৬॥

মত্তঃ মৎসকাশাৎ ন ব্যতিরিচ্যতে তস্মাৎ অহমেব ফলপ্রদঃ॥ ৪ ॥ যেনেতি। উক্তলক্ষণেন বিষ্ণ্বাকারেণ শিবাকারেণ গণেশসূর্য্যাদ্যাকারেণ বা একমেব মাং য উপাসতে তেভ্যস্তেনৈবাকারেণ বাঞ্ছিতং দদে প্রযচ্ছামি প্রসন্নঃ সন্॥ ৫ ॥ বিধিনেতি। বিধিনা সর্ব্বান্তর্যামিদৃষ্ট্যা অবিধিনা তত্তদ্দেবতাদৃষ্ট্যা বাপি। অত্র বিধিশব্দস্যায়মেবার্থঃ। যজন্ত্যবিধিপূর্ব্বক মিত্যুক্তত্বাৎ॥ ৬ ॥ ভক্তের্মাহাত্ম্য

উপাসনা করিয়া থাকে। কিন্তু আমিই যে সর্ব্বান্তর্যামী, এবং সর্ব্বফল প্রদ ইত্যাদি আমার স্বরূপ জানিতে পারে না, তাই তাদৃশ ভজনা অবিধিপূর্ব্বক. সম্পাদিত হয়॥ ২—৩॥ এই নিখিল ব্রহ্মাণ্ড আমা হইতে অতিরিক্ত বস্তু নহে, আমিই সমস্ত ক্রিয়ার ভোক্তা, আমিই সমস্ত ক্রিয়ার ফলদাতা অতএব বিষ্ণ্বাকার, শিবাকারাদি যে রূপেই যে উপাসনা করুক না কেন, একমাত্র আমাকেই সকলে উপসনা করিয়া থাকে, সুতরাং তত্তদাকারে আমিই প্রসন্ন হইয়া বাঞ্ছিত ফল প্রদান করিয়া থাকি॥ ৪—৫॥ যাঁহারা ভক্তিপূর্ব্বক আমাকে উপাসনা করে, তাঁহারা ঐ উপাসনা বিধি পূর্ব্বকই করুক অথবা অবিধিপূর্ব্বকই করুক, আমি প্রসন্ন হইয়া তাঁহাদিগকে অভীষ্ট ফল প্রদান করি, ইহাতে সন্দেহ নাই॥ ৬॥ পূর্ব্বে দুরাচার থাকিয়া ও যে ব্যক্তি একনিষ্ঠ হইয়া

অপি চেৎ সুদুরাচারো ভজতে মামনন্যভাক্।
সাধুরেব স মন্তব্যঃ সম্যগ্‌ব্যবসিতো হি সঃ ॥ ৭ ॥
স্বজীবত্বেন যো বেত্তি মামেবৈকমনন্যধীঃ।
তং ন পশ্যন্তি পাপানি ব্রহ্মহত্যাদিকান্যপি ॥ ৮
উপাসাবিধয়স্তত্র চত্বারঃ পরিকীর্ত্তিতাঃ।
সম্পদারোপসম্বর্গাধ্যাসা ইতি মনীষিভিঃ ॥ ৯ ॥

মাহ অপি চে দিতি। পূর্ব্বং সুতরাং দুরাচারোঽপি পশ্চাত্তাপেন তপ্তঃ সন্ মাং ভজতে। অনন্যভাক্ একনিষ্ঠঃ স সাধুরেব পুণ্য বানেব মন্তব্যঃ। যতঃ কারণাৎ স সম্যগ্ ব্যবসিত উত্তমনিশ্চয় বান্ জাতইত্যর্থঃ ॥ ৭ ॥ স্বজীবত্বেনেতি। ত্বমেবাহং ত্বংপ্রতি- বিম্বত্বাদিতি মামেবৈকং পরিচ্ছেদত্রয়শূন্যং যো বেত্তি জানাতি। এবং বেদ তমেব ভজকমিতিবার্থঃ। যদ্বা শোধিতত্বংপদার্থা- ভেদেন শোধিততৎ পদার্থং বোধ্যায়তীতি। ব্রহ্মহত্যাদিকান্যপি পাপানি তং জ্ঞানসম্পন্নং ন পশ্যন্তি দ্রষ্টুমসমর্থানি যদা তদা তৎকৃতোলেপঃ ক্বেতি ভাবঃ। জ্ঞানাগ্নিঃ সর্ব্বকর্ম্মাণি ভস্মসাৎ কুরুতে তথা। ইতি স্মৃতেঃ ॥ ৮ ॥ উপাসেতি। তত্র ব্রহ্মসাক্ষাৎ কারে তদর্থমিতি যাবৎ। নিমিত্তাৎ কর্ম্মযোগে ইতি সপ্তমী

আমাকে ভজনা করে, তাহাকে সাধু বলিয়া জানিবে। কারণ সেই ব্যক্তি পূর্ব্বে দুরাচার থাকিলেও সম্প্রতি উত্তম বিষয়েই নিশ্চয়বান্ হইয়াছে ॥ ৭ ॥ যে ব্যক্তি অনন্যচিত্ত হইয়া আমাকে জীবাত্মরূপে জানিতে পারে, সেই জ্ঞান সম্পন্ন ব্যক্তিকে ব্রহ্মহত্যাদি পাপসমূহও দর্শন করিতে পারেনা অর্থাৎ তাদৃশ জ্ঞানী ব্যক্তি ব্রহ্মহত্যাদি পাপেও লিপ্ত হয়েন না। ৮। ইদানীং উপাসনার প্রকারভেদ বলিতেছেন।—মনীষিগণ উপাসনাকে চার প্রকারে বিভক্ত

অল্পস্য চাধিকত্বেন গুণযোগাদ্বিচিন্তনম্ ।
অনন্তং বৈ মন ইতি সম্পদ্বিধিরুদীরিতঃ ॥ ১০ ॥
বিধাবারোপ্য যোপাসা সারোপঃ পরিকীর্ত্তিতঃ ।
যদ্বদোঙ্কারমুদ্গীথমুপাসীতেত্যুদাহৃতঃ ॥ ১১ ॥
আরোপো বুদ্ধিপূর্ব্বেণ য উপাসাবিধিশ্চ সঃ ।
যোষিত্যগ্নিমতির্যদ্বদধ্যাসঃ স উদাহৃতঃ ॥ ১২ ॥

উপাসাবিধয়ঃ প্রকারাঃ ইত্যর্থঃ। চত্বারঃ মনীষিভিঃ পরিকীর্ত্তিতাঃ বর্ণিতাঃ। সম্পৎ আরোপঃ সম্বর্গঃ অধ্যাস ইত্যুপাসনা শ্চতুর্ব্বিধা ইতি নিষ্কর্ষঃ ॥৯॥ অল্পস্যেতি। অল্পস্য পরিচ্ছিন্নস্য মনসঃ অনন্তবৃত্তিরূপ গুণযোগাদধিকত্বে সাদৃশ্যেন অনন্তা বিশ্বেদেবা ইতি যচ্চিন্তনমসৌ সম্পদ্বিধিঃ। তথা চ প্রতীকোপাসনা দ্বিবিধা। সম্পৎ অধ্যাসশ্চেতি। তত্রারোপ্যপ্রধানা সম্পৎ। যথা সগুণমূর্ত্তিচিন্তনং। অধিষ্ঠানপ্রধানোঽধ্যাসঃ। অধিষ্ঠানমুদ্দিশ্য আরোপিতস্যাপি ধ্যানং। যথা সগুণচিন্তনেপি নির্গুণব্রহ্মানুসন্ধানং ॥ ১০ ॥ বিধাবিতি। বিধীয়তে প্রধানবিধিনেতি বিধিঃ অঙ্গমিত্যর্থঃ। তস্মিন্নারোপ্য যা উপাসনা সা আরোপঃ অঙ্গাববদ্ধাধ্যাস ইতি যাবৎ। উদ্গীথসাম্নঃ প্রথমভক্তিঃ। ওঙ্কারমুদ্গীথমুপাসীত ইতি ॥ ১১ ॥ আরোপ ইতি।

করিয়াছেন। যথা,—সম্পদ, আরোপ, সম্বর্গ ও অধ্যাস ॥ ৯ ॥ পরিচ্ছিন্ন মনের অনন্ত বৃত্তিরূপ গুণযোগবশতঃ অধিকত্ব সাদৃশ্য প্রযুক্ত "বিশ্বেদেবগণ অনন্ত" এই প্রকার যে চিন্তন, তাহাকে সম্পৎ উপাসনা বলে ॥ ১০ ॥ অঙ্গে আরোপ পূর্ব্বক যে উপাসনা করা হয়, তাহাকে আরোপোপাসনা বলে। যেমন শ্রুতিতে উদ্গীথ শব্দবাচ্য ওঁ কারের উপাসনা নির্দ্দিষ্ট হইয়াছে ॥১১॥ বুদ্ধি পূর্ব্বক আরোপ করিয়া যে উপাসনা করা হয়, তাহাকে অধ্যাস বলে।

ক্রিয়াযোগেন চোপাসাবিধিঃ সম্বর্গ উচ্যতে।
সম্বর্ত্তবায়ুঃ প্রলয়ে ভূতান্যেকোঽবসীদতি॥ ১৩॥
উপসঙ্গম্য বুদ্ধ্যা যদাসনং দেবতাত্মনা।
তদুপাসনমন্তঃ স্যাত্তদ্বহিঃ সম্পদাদয়ঃ॥ ১৪॥

বুদ্ধিপূর্ব্বেণ বুদ্ধিপূর্ব্বকং জ্ঞাত্বেতি যাবৎ। য আরোপঃ সোঽসৌ উপাসাবিধিরধ্যাস ইত্যুদাহৃতঃ। যথা যোষিতি অগ্নিমতিঃ। যোষা বাব! গৌতমাগ্নিঃ। ইতি শ্রুত্যুক্তোঽর্থঃ। যদ্যপি প্রাগুক্তাঙ্গাববদ্ধোপাসনাপ্যধ্যাস এবান্তর্ভবতি তথাপি কিঞ্চিদ্ভেদাদ্ভেদঃ॥ ১২॥ ক্রিয়াযোগেনেতি। ক্রিয়াযোগেন সম্বৃঙ্‌ক্তে ভূতানি ইতি সম্বর্গঃ। সর্ব্বভূতবশীকরণধুরীণইত্যর্থঃ। ইয়ং সম্বর্গোপাসা। তত্র দৃষ্টান্তঃ প্রলয়ে সম্বর্ত্তনামা বায়ুর্যথা ভূতান্যবসীদতি অবসাদয়তি স্বাধীনানি করোতীতি তদ্বদয়ং সম্বর্গ ইতি ভাবঃ॥১৩॥ উপসঙ্গম্যেতি। বুদ্ধ্যা গুরূপলব্ধেন জ্ঞানেন দেবতায়াঃ স্বস্য চাভেদরূপেণ উপসঙ্গম্য দেবতাসমীপং গত্বা যদাসনং অবস্থানং পূজার্থমিতি শেষঃ তৎ অন্তঃ অন্তরঙ্গভূতমুপাসনং বোদ্ধব্যং। সম্পদাদয়স্তু প্রাগুক্তা স্ততো বহির্ব্বহিরঙ্গভূতাঃ। ব্রহ্মজ্ঞানপক্ষে তু বুদ্ধ্যা শ্রবণাদিজন্যয়া দেবতাত্মনোপসঙ্গম্য ব্রহ্মাহমস্মীতি বিষয়ীকৃত্য যদাসনং ধ্যানং তদন্তরঙ্গমুপাসনমিতি যোজনীয়ং॥১৪॥

যেমন শ্রুতিতে স্ত্রীসম্বন্ধে অগ্নিজ্ঞানে উপাসনা বিধি কথিত হইয়াছে॥ ১২। ক্রিয়া যোগের দ্বারা যে উপাসনা করা হয়, তাহার নাম সম্বর্গ উপাসনা। যেমন প্রলয় কালে এক সম্বর্ত্ত নামক বায়ু সমস্ত ভূতকে অবসন্ন করে, সেই প্রকার এই সম্বর্গ উপাসনাতেও সমস্ত ভূত বশীকৃত হয়, তাই ইহাকে সম্বর্গ বলে॥ ১৩। গুরুপলব্ধ জ্ঞানবলে উপাস্য দেবতা এবং নিজের যে অভেদ ভাবে

জ্ঞানান্তরানন্তরিতসজাতিজ্ঞানসন্ততেঃ।
সম্পন্নদেবতাত্মত্বমুপাসনমুদীরিতম্ ॥ ১৫ ॥
সম্পদাদিষু বাহ্যেষু দৃঢ়বুদ্ধিরুপাসনম্।
কর্ম্মকালে তদঙ্গেষু দৃষ্টিমাত্রমুপাসনম্।
উপাসনমিতি প্রোক্তং তদঙ্গানি ব্রুবে শৃণু ॥ ১৬ ॥

কিয়ৎকালমুপাসনং বিধেয়মিত্যাকাঙ্ক্ষায়াং তদবধিমাহ জ্ঞানেতি। জ্ঞানান্তরেণ বিজাতীয়জ্ঞানেন শিবধ্যানকালে কামিনীধ্যান-রূপেণেত্যর্থঃ। অনন্তরিতানি মধ্যে বিচ্ছিন্নানি ন ভবন্তীত্যেবং রূপাণি অব্যবহিতানীতি যাবৎ। যানি সজাতীয়জ্ঞানানি তেষাং সন্ততেঃ নিদিধ্যাসনস্যেত্যর্থঃ। উপাসনং ভাবপ্রধানোনির্দ্দেশঃ উপাসনত্বং। সম্পন্নঃ স্বাভেদেন সাক্ষাৎকৃতঃ দেবতাত্মা যেন তথাত্বং উদীরিতং কথিতং। সাক্ষাৎকারপর্য্যন্তং নিদিধ্যাসনং কর্ত্তব্যং। আবৃত্তিরসকৃদুপদেশাৎ ইত্যধিকরণে স্পষ্টমেতৎ ॥ ১৫ ॥ সম্পদাদিম্বিতি। তত্র বুদ্ধের্দার্ঢ্যমেবাবধিরিত্যর্থঃ। সগুণ-নির্গুণোভয়বিষয়িণীরুপাসনাঃ প্রাগুক্তা উপসংহরতি উপাসন-মিতি ॥ অবধ্যুপসংহাররূপবিষয়ভেদাদুপাসনশব্দাবৃত্তিঃ। তদঙ্গানি উপাসনাঙ্গানি ॥ ১৬ ॥ উপাসনবিধিং ব্রূহি দেশকালস্থিতি রামেণ

অবস্থান, তাহাকেই অন্তরঙ্গ ভূত উপাসনা বলে। পূর্ব্বে যে সম্পদাদি উপা-সনার বিষয় বলা হইল, ইহারা বহিরঙ্গ উপাসনা বলিয়া গণ্য ॥ ১৪ ॥ চিত্তের অন্য জ্ঞানপ্রবাহ বিদূরিত করিয়া অবিচ্ছিন্ন ভাবে কেবলমাত্র উপাস্য বিষ-য়িণী চিন্তাকেই উপাসনা বলে। এতাদৃশ উপাসনায়ই দেবতা ও জীবাত্মার অভেদ ভাব সম্পন্ন হয় ॥ ১৫ ॥ সম্পদাদি পূর্ব্বোক্ত বহিরঙ্গ উপসনায় যখন দৃঢ় বুদ্ধি হইবে তখন তাহা পরিত্যাগ পূর্ব্বক অন্তরঙ্গ উপাসনার অনুষ্ঠান

তীর্থক্ষেত্রাদিগমনং শ্রদ্ধাং তত্র পরিত্যজেৎ।
স্বচিত্তৈকাগ্রতা যত্র তত্রাসীত সুখং দ্বিজঃ ॥ ১৭ ॥
কম্বলে মৃদুতল্পে বা ব্যাঘ্রচর্ম্মণি বাস্থিতঃ।
বিবিক্তদেশে নিয়তঃ সমগ্রীবশিরস্তনুঃ ॥ ১৮ ॥
অত্যাশ্রমস্থঃ সকলানীন্দ্রিয়াণি নিরুধ্য চ।
ভক্ত্যাথ স্বগুরুংনত্বাযোগং বিদ্বাংশ্চ যোজয়েৎ ॥১৯॥

পৃষ্টং তত্রোপাসনং সবিস্তরমুক্তং ইদানীং উপাসনাযোগ্যং দেশমাহ তীর্থেতি। শুদ্ধচিত্তস্য কিং তীর্থেনেতি ভাবঃ। তর্হি কুত্রোপাসনং বিধেয়ং তত্রাহ স্বচিত্তেতি। স্বচিত্তস্য যত্রৈবৈকাগ্রতা তত্রৈবাসীতেতি। যত্রৈকাগ্রতা তত্র বিশেষাদাসীনঃ সম্ভবাৎ ইত্যধিকরণেষু স্পষ্টমেতৎ ॥ ১৭ ॥ কম্বলে শুভ্রকম্বলে চিত্রকম্বলে বা। মৃদুতল্পে কার্পাসপূর্ণবস্ত্রাসনে ব্যাঘ্রচর্ম্মণি বা স্থিত উপবিষ্টঃ। বিবিক্তদেশে প্রাকৃতজনবর্জ্জিতস্থলে নিয়তোবশীত্যর্থঃ। সমা গ্রীবা শিরশ্চ তনুশ্চ যস্য স তথা। সমং কায়শিরোগ্রীবং ধারয়ন্নচলং স্থিরঃ ইতি স্মৃতেঃ ॥ ১৮ ॥ অত্যাশ্রমস্থ ইতি। বিধ্যুক্তভস্মধারণমত্যাশ্রমঃ তেন যুক্তঃ সন্ য স্তিষ্ঠতি সোঽত্যাশ্রমস্থ ইত্যু-

---

করিবে। এই পর্য্যন্ত উপাসনাবিষয় বলিলাম, এখন উপাসনাঙ্গ সকল শ্রবণ কর ॥ ১৬ ॥ তীর্থ ও পুণ্য ক্ষেত্রাদিতে গমন এবং তাহার প্রতি শ্রদ্ধা পরিত্যাগ করিবে। যেখানে নিজ চিত্তের একাগ্রতা সম্পাদিত হয়, সেই স্থানেই সুখে উপবেশন করিবে ॥ ১৭ ॥ নির্জ্জন প্রদেশে কম্বল, মৃদুবস্ত্রনির্ম্মিত আসন, অথবা ব্যাঘ্র চর্ম্মোপরি গ্রীবা, শিরোদেশ ও অন্যান্য অঙ্গ গুলি সরলভাবে রাখিয়া সংযতচিত্তে উপবেশন করিবে ॥ ১৮ ॥ বিধিপূর্ব্বক ভস্মধারণ

যস্ত্ববিজ্ঞানবান্ ভবত্যব্যক্তমনসা সদা।
তস্যেন্দ্রিয়াণ্যবশ্যানি দুষ্টাশ্বা ইব সারথেঃ॥ ২০ ॥
বিজ্ঞানিনস্তু ভবতি যুক্তেন মনসা সহ।
তস্যেন্দ্রিয়াণি বশ্যানি সদশ্বা ইব সারথেঃ॥ ২১ ॥

চ্যতে। তদুক্তং স্কান্দে ব্রহ্মগীতায়াং। অগ্নিরিত্যাদিভির্মন্ত্রৈর্ভস্মনোদ্ধূলনন্তথা। ত্রিপুণ্ড্রধারণঞ্চাপি বদন্ত্যত্যাশ্রমং বুধাঃ। অত্যাশ্রমস্থঃসকলেন্দ্রিয়াণি নিরুধ্য ভক্ত্যা স্বগুরুং প্রণম্য ইতি কৈবল্যোপনিষদর্থএব সংগৃহীতোঽস্তি। বিদ্বান্ গুরুমুখাদধীতযোগশাস্ত্রঃ সন্ যোগং চিত্তবৃত্তিনিরোধপ্রয়োজকীভূতপ্রাণবায়ুনিরোধং যোজয়েৎ অভ্যসেৎ। যথা চ পতঞ্জলিসূত্রে যোগশ্চিত্তবৃত্তিনিরোধ ইতি। তদঙ্গানি—আসনং প্রাণসংরোধঃ প্রত্যাহারশ্চ ধারণা। ধ্যানং সমাধিরেতানি যোগাঙ্গানি বদন্তি ষট্॥ ইতি। বিস্তরস্তু পতঞ্জলিসূত্রভাষ্যাদবগন্তব্যঃ ॥ ১৯ ॥ ইত আরভ্য কঠবল্ল্যুপনিষদর্থঃ সংগৃহীতঃ। যস্ত্ববিজ্ঞানবানিত্যাদিনা। অবিজ্ঞানবান্ বিবেকশূন্যঃ। অতএবাব্যক্তেন মূঢ়েন মনসোপলক্ষিতঃ॥ ২০ ॥ বিজ্ঞানিনস্তু পুরুষস্য যত্নেন বক্ষ্যমাণং ভবতি। যদ্ভবতি তদেবাহ। মনসা সহেন্দ্রিয়াণি তস্য বশ্যানীতি॥ ২১ ॥ যস্ত্বিতি। অমনস্কঃ চঞ্চলচিত্তঃ। সদা শুচির্বাহ্যা-

---

করতঃ সমস্ত ইন্দ্রিয় বর্গকে নিরুদ্ধ করিয়া ভক্তিপূর্ব্বক নিজ গুরুকে প্রণাম করতঃ বিদ্বান্ ব্যক্তি যোগানুষ্ঠান প্রয়োগ করিবেন॥ ১৯॥ যেমন দুষ্ট অশ্বগণ সারথির বশীভূত হয় না, তেমনি যে ব্যক্তি বিবেক শূন্য এবং মুগ্ধচিত্ত, তাহার ইন্দ্রিয়গণ কদাপি বশীকৃত হয় না॥২০॥ যিনি বিজ্ঞানবান্ পুরুষ, তাঁহার সম্বন্ধে সাধু অশ্বগণ সারথির ন্যায় বশীভূত হইয়া থাকে॥ ২১॥ যে ব্যক্তি বিবেকশূন্য

যস্ত্ববিজ্ঞানবান্ ভবত্যমনস্কঃ সদা শুচিঃ।
ন স তৎপদমাপ্নোতি সংসারমপি গচ্ছতি ॥ ২২ ॥
বিজ্ঞানী যস্তু ভবতি সমনস্কঃ সদা শুচিঃ।
স তৎপদমবাপ্নোতি যস্মাদ্ভূয়ো ন জায়তে ॥ ২৩ ॥
বিজ্ঞানসারথির্যস্তু মনঃপ্রগ্রহ এব চ।
সোঽধ্বনঃ পারমাপ্নোতি মমৈব পরমং পদম্ ॥ ২৪ ॥
হৃৎপুণ্ডরীকং বিরজং বিশুদ্ধং বিশদং তথা।
বিশোকঞ্চ বিচিন্ত্যাত্র ধ্যায়েন্মাং পরমেশ্বরম্ ॥ ২৫ ॥

ভ্যন্তরশৌচবানপি বিজ্ঞানরহিতো ন তৎপদমাপ্নোতি। কিন্তু সংসারমেব গচ্ছতি প্রাপ্নোতি। এবার্থস্ত্বপিঃ ॥ ২২ ॥ বিজ্ঞানীতি যস্তু বিবেকী সমনস্কঃ স্থিরচিত্তো ভবতি সদা শুচিঃ শুদ্ধঃ স তৎপদমবাপ্নোতি। যস্মাৎ পদাচ্চ্যুতঃ সন্ ভূয়োন জায়তে সংসারী ন ভবতীত্যর্থঃ ॥ ২৩ ॥ বিজ্ঞানং সারথির্যস্য মনঃ প্রগ্রহঃ রশ্মির্যস্য অর্থাৎ ইন্দ্রিয়াণি হয়া যস্য শরীরং রথোযস্য এবম্ভূতঃ পুমান্ অধ্বনঃ সংসারমার্গস্যৈব পারং পারভূতং মম পদং স্বরূপমাপ্নোতি ॥ ২৪ ॥ হৃৎপুণ্ডরীকমিত্যাদয়ঃ শ্লোকাঃ প্রায়ঃ স্ফুটার্থা এব। বিরজং

ও চঞ্চলচিত্ত সেই ব্যক্তি সর্ব্বদা বাহ্যাভ্যন্তর শৌচ সম্পন্ন হইলেও সেই পরম পদ প্রাপ্ত হইতে পারে না, পরন্তু পুনঃ পুনঃ সংসারেই প্রবর্ত্তমান হইয়া থাকে ॥ ২২ ॥ যিনি বিবেকবান্, স্থিরচিত্ত, এবং সর্ব্বদা শৌচপরায়ণ পুরুষ, তিনি সেই পরম পদ লাভ করিয়া পুনরায় আর সংসারী হয়েন না ॥ ২৩ ॥ যাঁহার বিবেকই সারথি এবং মনই রথ রজ্জু, তিনি এই সংসার মার্গের পারভূত আমারই পরম পদ অর্থাৎ মৎস্বরূপতা প্রাপ্ত হয়েন ॥ ২৪ ॥ রজোগুণকার্য্য

অচিন্ত্যরূপমব্যক্তমনন্তমমৃতং শিবম্।
আদিমধ্যান্তরহিতং প্রশান্তং ব্রহ্ম কারণম্॥ ২৬॥
এবং বিভুং চিদানন্দমরূপমজমদ্ভুতম্।
শুদ্ধস্ফটিকসঙ্কাশমুমাদেহার্দ্ধধারিণম্॥ ২৭॥
ব্যাঘ্রচর্ম্মাম্বরধরং নীলকণ্ঠং ত্রিলোচনম্।
জটাধরং চন্দ্রমৌলিং নাগযজ্ঞোপবীতিনম্॥ ২৮॥

রজোগুণকার্য্যকামাদিরহিতং অতএব বিশুদ্ধং সত্বগুণকার্য্যশমাদি-যুক্তং অতএব বিশদং নির্ম্মলং বিশোকং তমোগুণকার্য্যরহিতং। এবং হৃদয়াম্ভোজং বিচিন্ত্য তত্রাস্মিন্ হৃৎপুণ্ডরীকে পরমেশ্বরং মায়ালীলাবতারং মাং ধ্যায়েৎ॥ ২৫॥ অচিন্ত্যরূপং অপ্রতর্ক্য-স্বরূপং অব্যক্তমপরিচ্ছিন্নং অনন্তং নিরতিশয়ং প্রশান্তং ক্ষোভ-রহিতং অমৃতং নাশরহিতং শিবং কল্যাণরূপং কারণং বিবর্ত্তরূপ-কার্য্যস্যেতি শেষঃ॥ ২৬॥ এবং উক্তলক্ষণং বিভুং ব্যাপকং চিদা-নন্দং জ্ঞানসুখস্বরূপং অরূপং রূপরহিতং অজং উৎপত্তিশূন্যং

কামাদি রহিত, সত্বগুণকার্য্য শমাদিগুণ যুক্ত, নির্ম্মল, তমোগুণকার্য্যবির হিত হৃদয় পুণ্ডরীকের চিন্তা করতঃ, এই হৃৎপুণ্ডরীকে পরমেশ্বর আমাকে ধ্যান করিবে॥ ২৫॥ আমাকে কিরূপে ধ্যান করিবে, তাহা বলিতেছি, অপ্র-তর্ক্যস্বরূপ, অপরিচ্ছিন্ন, অনন্ত, বিনাশ রহিত, কল্যাণ স্বরূপ, নিখিল কার্য্যের কারণ ব্রহ্ম স্বরূপ, পরিব্যাপক, জ্ঞান ও সুখস্বরূপ, রূপপরিশূন্য, উৎপত্তিবির হিত হইয়া ও যখন মায়োপহিত হয়েন, তখন নির্ম্মল স্ফটিক সদৃশ, উমাদে হার্দ্ধধারী ব্যাঘ্রচর্ম্মরূপ বস্ত্রপরীধান, নীলকণ্ঠ, ত্রিনয়ন, জটাধারী, চন্দ্রশেখর, নাগ যজ্ঞোপবীতধর, ব্যাঘ্রচর্ম্মোত্তরীয়, সর্ব্বশ্রেষ্ঠ এবং অভয় প্রদ, ঊর্দ্ধস্থিত হস্তদ্বয়ে পরশু ও মৃগধারী, ভস্ম ভূষিতসর্ব্বাঙ্গ, এবং সর্ব্বালঙ্কারশোভিত

ব্যাঘ্রচর্ম্মোত্তরীয়ঞ্চ বরেণ্যমভয়প্রদম্।
পরাভ্যামূর্দ্ধহস্তাভ্যাং বিভ্রাণং পরশুংমৃগম্।
ভূতিভূষিতসর্ব্বাঙ্গং সর্ব্বাভরণভূষিতম্ ॥ ২৯ ॥
এবমাত্মারণিং কৃত্বা প্রণবঞ্চোত্তরারণিম্।
ধ্যাননির্ম্মথনাভ্যাসাৎ সাক্ষাৎ পশ্যতি মাং জনঃ ॥৩০॥
বেদবাক্যৈরলভ্যোঽহং ন শাস্ত্রৈর্নাপি চেতসা।
ধ্যানেন বৃণুতে যোমাং সর্ব্বদাহং বৃণোমি তং ॥৩১॥

অদ্ভুতং মায়াশ্চর্য্যতাদাত্ম্যাপন্নং সৎ শুদ্ধস্ফটিকেত্যাদিধর্ম্মবিশিষ্টং ন পরমার্থতঃ ॥ ২৭—২৯ ॥ এবম্ভূতস্যাত্মনঃ সাক্ষাৎকারে শ্রুত্যুক্তং ধ্যানমুপপাদয়ন্নাহ এবমিতি। আত্মৈবারণিঃ তং কৃত্বা তথা প্রণবমুত্তরারণিঞ্চ কৃত্বা ধ্যানমেব নির্ম্মন্থনং তস্যাভ্যাসাৎ সাক্ষান্মাং পশ্যতি ॥ ৩০ ॥ সগুণস্য নিগুণস্য সাক্ষাৎকারোধ্যানং বিনা শাস্ত্র-পাণ্ডিত্যমাত্রেণ ন ভবতীত্যাহ বেদবাক্যৈরিতি। চেতসা বক-বন্নিগৃহীতেন মনসা ॥ ৩১ ॥ তস্মাৎ শ্রবণাদিসধ্রীচীনং ধ্যানমেব কারণ মিত্যাহ নাবিরত ইতি। দুশ্চরিতাৎ পাপাচরণাৎ অবি-

---

আমাকে ধ্যান করিবে ॥ ২৬—২৯ ॥ এই প্রকারে আত্মাকে অরণি (অগ্নি চয়নার্থ দণ্ডবিশেষ) এবং প্রণবকে উত্তরারণি করিয়া ধ্যানরূপ মন্থনের অভ্যাস বশতঃ মানব আমাকে সাক্ষাৎরূপে দর্শন করিতে পারে ॥ ৩০ ॥ আমি বেদবাক্য বা শাস্ত্রদ্বারা অলভ্য বস্তু, আমাকে অসংযত চিত্ত দ্বারা ও লাভ করিতে পারে না। যিনি ধ্যানের দ্বারা আমাকে প্রপন্ন হয়েন, আমি তাঁহাকে সর্ব্বদাই প্রপন্ন হইয়া থাকি ॥ ৩১ ॥ যে ব্যক্তি পাপাচরণ হইতে বিরত নয়, যে ব্যক্তি সর্ব্বদা অশান্ত, শ্রবণাদি বিষয়ে অসমাহিত এবং চঞ্চলচিত্ত,

নাবিরতো দুশ্চরিতান্নাশান্তো নাসমাহিতঃ।
নাশান্তমানসো বাপি প্রজ্ঞানেন লভেত মাম্ ॥৩২॥
জাগ্রৎস্বপ্নসুষুপ্ত্যাদি প্রপঞ্চো যঃ প্রকাশতে।
তদ্‌ব্রহ্মাহমিতি জ্ঞাত্বা সর্ব্ববন্ধৈঃ প্রমুচ্যতে ॥ ৩৩ ॥
ত্রিষু ধামসু যদ্ভোগ্যং ভোক্তা ভোগশ্চ যদ্ভবেৎ।
তজ্জ্যোতির্লক্ষণঃ সাক্ষী চিন্মাত্রোঽহং সদাশিবঃ ॥৩৪॥

রতোঽনলং বুদ্ধির্মাং ন লভেতেতি প্রত্যেকং সম্বন্ধঃ। অশান্তো বিতৃষ্ণঃ অসমাহিতঃ শ্রবণাদাবিতি শেষঃ। অশান্তমানসশ্চ-ঞ্চলচিত্তঃ। প্রজ্ঞানেন শাস্ত্রজ্ঞানমাত্রেণেতি সর্ব্বত্র যোজনীয়ং। প্রত্যুত শাস্ত্রজ্ঞানবত এতে দুর্গুণাঃ প্রায়ঃ প্রাদুর্ভবন্তীতি সূচিতং ॥ ৩২ ॥ জাগ্রদিতি। জাগ্রৎস্বপ্নসুষুপ্ত্যাদিঃ প্রপঞ্চোযস্মি-ন্নিতি বহুব্রীহিঃ। অবস্থাত্রয়েঽপি সাক্ষিতয়া যঃ প্রকাশমানঃ ইতি যাবৎ। তদ্ব্রহ্মাহমিতি ভাগত্যাগলক্ষণয়া অখণ্ডার্থং জ্ঞাত্বাঽ-বস্থিতঃ সন্ সর্ব্ববন্ধৈঃ প্রমুচ্যতে। প্রপঞ্চতাদাত্ম্যাপন্নো ন ভব-তীতি ভাবঃ ॥ ৩৩ ॥ ত্রিম্বিতি। ত্রিষু ধামসু জাগ্রৎস্বপ্নসুষুপ্তিষু যদ্ভোগ্যং যশ্চ ভোগঃ যশ্চ ভোক্তা ইদং ত্রয়ং ব্রহ্মণি কল্পিতং। তথাহি যদনুবিদ্ধানি যান্যবভাসন্তে তত্র তানি পরিকল্পিতানি। যথায়ং সর্পঃ অয়ং দণ্ডঃ ইয়ং ধারেতি রজ্জ্বা ইদমংশেনানুবিদ্ধতয়া

তাদৃশ ব্যক্তি কেবলমাত্র শাস্ত্রজ্ঞানদ্বারা কদাপি আমাকে লাভ করিতে সমর্থ হয় না ॥ ৩২ ॥ যিনি জাগ্রৎ স্বপ্ন সুষুপ্তি অবস্থায় সাক্ষিরূপে প্রকাশমান থাকেন; সেই, ব্রহ্মস্বরূপ আমাকে জানিয়া মানব সকল প্রকার সংসার বন্ধন হইতে বিমুক্ত হইয়া থাকে ॥ ৩৩ ॥ জাগ্রৎস্বপ্ন সুষুপ্তি এই তিন অবস্থারই যিনি ভোগ্য, ভোক্তা ও ভোগরূপে অবস্থিত থাকেন, সেই জ্যোতিঃস্বরূপ, সাক্ষী,

কোটিমধ্যাহ্নসূর্য্যাভং চন্দ্রকোটিসুশীতলং।
সূর্য্যচন্দ্রাগ্নিনয়নং স্মেরবক্ত্রসরোরুহং ॥ ৩৫ ॥

ভাসমানাঃ সর্পাদয়স্তত্র পরিকল্পিতাঃ। সদনুবিদ্ধশ্চেদং ভোক্তৃ-ভোগ্যভোগাত্মকং জগৎ অবভাসতে অতোব্রহ্মণি সন্মাত্ররূপে পরিকল্পিতং। ন চ তস্য সন্মাত্রস্যানবভাসে তদনুবন্ধেন কল্পিতাবভাসঃ সম্ভবতি। অতঃ স্বপ্রকাশতয়া তদেব চিন্মাত্রস্বরূপং তদেব বস্তু। তথা চ শ্বেতাশ্বতরশ্রুতিঃ। ভোক্তা ভোগ্যং প্রেরিতারঞ্চ মত্বা সর্ব্বং প্রোক্তং ত্রিবিধং ব্রহ্মমেতৎ ইতি। যাবদ্ব্রহ্ম ন জানাতি তাবৎ প্রেরয়িতা ভোগপ্রদঈশ্বরঃ ভোক্তা জীবঃ ভোগ্যং জগদিতি বিভাগঃ। ব্রহ্ম মত্বা তু স্থিতস্য এতত্ত্রিবিধং ব্রহ্মৈব ভবতীতি তদর্থঃ। এবং যশ্চিন্মাত্রঃ সাক্ষী স্বয়ং প্রকাশঃ সদাশিবঃ সোঽহমিতি যোজনা ॥ ৩৪ ॥ এবং তত্ত্বমস্যাদিশ্রুতিসিদ্ধমখণ্ডার্থং প্রতিপাদ্য সোপাধিকস্য নিরুপাধিকেন সহ ভেদামন্দাধিকারিণমুদ্দিশ্য পুনঃ সোপাধিকস্য ধ্যানায় তমেব বিশিনষ্টি কোটিমধ্যাহ্নেতি। স্মেরং বিকসন্মুখকমলং যস্যেত্যর্থঃ। কোটিমধ্যাহ্নসূর্য্যাভমিত্যনেন তাপকারিত্বং প্রাপ্তং ব্যাবর্ত্তয়তি। চন্দ্রকোটীতি। এবম্বিধং ধ্যাত্বা সর্ব্ববন্ধৈঃ প্রমুচ্যত ইতি পূর্ব্বেণান্বয়ঃ ॥ ৩৫ ॥ যদুক্তং সোপাধিকস্য নিরুপাধিকেন সহাভেদ ইতি

চিন্ময় সদাশিব রূপে আমাকে জানিবে ॥ ৩৪ ॥ যিনি আমাকে কোটি মধ্যাহ্নকালীয় সূর্য্যের ন্যায় প্রদীপ্ত, কোটি চন্দ্রের ন্যায় সুশীতল অর্থাৎ ত্রিতাপহারী, সূর্য্যচন্দ্রাগ্নিনয়ন, এবং স্মেরাননকমল রূপে ধ্যান করেন, তিনি সর্ব্ব বন্ধন হইতে বিমুক্ত হয়েন ॥ ৩৫ ॥ পূর্ব্বোক্ত এই বিষয়টী শ্রুতি সংগ্রহের দ্বারা প্রতিপাদন করিতেছেন। যিনি এক অদ্বিতীয়, দ্যোতনস্বভাব, সর্ব্বভূতে গূঢ়-

একো দেবঃ সর্ব্বভূতেষু গূঢ়ঃ
সর্ব্বব্যাপী সর্ব্বভূতান্তরাত্মা।
সর্ব্বাধ্যক্ষঃ সর্ব্বভূতাধিবাসঃ
সাক্ষী চেতা কেবলো নির্গুণশ্চ ॥ ৩৬ ॥
একো বশী সর্ব্বভূতান্তরাত্মা-
প্যেকং বীজং নিত্যদা যঃ করোতি।
তং মাং নিত্যং যেঽনুপশ্যন্তি ধীরা-
স্তেষাং শান্তিঃ শাশ্বতী নেতরেষাং ॥ ৩৭ ॥

তদেব প্রতিপাদয়িতুং শ্রুতীঃ শ্লোকতঃ সংগৃহ্ণাতি একোদেব ইতি। স্পষ্টঃ ॥ ৩৬ ॥ এক ইতি। যঃ সৃষ্টেঃ পূর্ব্বং এক এবাসীৎ। আত্মা বা ইদমেক এবাগ্র আসীৎ ইতি শ্রুতেঃ। স এব সৃষ্টেরনন্তরং সর্ব্বেষাং ভূতানাং অন্তরাত্মাপ্যেকং বীজং মায়াখ্যং নিত্যদা করোতি। স্বসত্তানুবিদ্ধতয়া সত্তাবৎ করোতীত্যর্থঃ। তং মাং কর্ত্তারমপ্যকর্ত্তারং যে শাস্ত্রাচার্য্যোপদেশমনুসৃত্য পশ্যন্তি সাক্ষাৎ কুর্ব্বন্তি তেষাং শাশ্বতী শান্তিঃ কৈবল্যরূপা মুক্তিঃ নেতরেষাং ভেদজ্ঞানিনাং ॥ ৩৭ ॥ অগ্নিরিতি। অগ্নির্যথা ভুবনং লোহাদি-

রূপে অবস্থিত, সর্ব্বব্যাপী, সর্ব্বভূতের অন্তরাত্মস্বরূপ, সর্ব্ব বিষয়ের অধ্যক্ষ প্রবর্ত্তয়িতা, যাঁহাতে সর্ব্বভূত অধিবাস করিতেছে, যিনি সাক্ষিস্বরূপ, কেবল, অবিদ্যাবিরহিত এবং নির্গুণ পদার্থ, যিনি সৃষ্টির পূর্ব্বে একাকীই অবস্থিত ছিলেন, এবং সৃষ্টির পরে সর্ব্বপ্রাণীর অন্তরাত্মরূপে বিরাজ করিতেছেন, যিনি মায়াখ্য বীজকে সর্ব্বদা স্বসত্তায় অবভাসিত করেন, এতাদৃশ আমাকে যে ধীরব্যক্তি সর্ব্বদা সাক্ষাৎকার করিতে পারেন, তাঁহার কৈবল্য রূপ মুক্তি

অগ্নির্যথৈকো ভুবনং প্রবিষ্টো
রূপং রূপং প্রতিরূপো বভূব।
একস্তথা সর্ব্বভূতান্তরাত্মা
ন লিপ্যতে লোকদুঃখেন বাহ্যঃ ॥ ৩৮ ॥
বেদেহ যো মাং পুরুষং মহান্ত-
মাদিত্যবর্ণং তমসঃ পরস্তাৎ।
স এব বিদ্বানমৃতোঽত্র ভূয়া-
ন্নান্যঃ পন্থা অয়নায় বিদ্যতে ॥ ৩৯ ॥

দাহ্যং প্রবিষ্টস্তদুপাধিবশাৎ তদ্বচ্চতুষ্কোণদীর্ঘবক্রসরলত্বাদ্যাকারং ভজেদিতি রূপং রূপং প্রতিরূপো বভূবেত্যস্যার্থঃ। তথা এক সর্ব্বভূতান্তরাত্মা তত্তদুপাধিভেদাদ্ভিন্নতয়া প্রতীয়মানোঽপি লোক দুঃখেন ন লিপ্যতে। যতোঽয়ং বাহ্যঃ লোকস্য কল্পিতত্বেন মিথ্যাত্বাৎ তল্লক্ষণজ্ঞ ইত্যর্থঃ ॥ ৩৮ ॥ বেদ ইতি। ইহ সংসারে যঃ বিদ্বান্ জ্ঞানী মাং পুরুষং সর্ব্বান্তর্যামিনং মহান্তং ব্যাপকং আদিত্য-বর্ণং স্বপ্রকাশং তমসঃ প্রকৃতেঃ পরং স্বাত্মত্বেন বেদ স এবাত্র সংসারে অমৃতোমুক্তো ভূয়াৎ ভবতি। স্বাত্মজ্ঞানং বিনা অয়নায়

হইয়া থাকে, কিন্তু যাঁহারা ভেদদর্শী, তাঁহাদের তাদৃশী মুক্তি হইতে পারে না। ৩৬—৩৭ ॥ অগ্নি যেমন লোহাদি দাহ্য পদার্থের সহিত সম্মিলিত হইয়া তত্তদুপাধিবশতঃ চতুষ্কোণ দীর্ঘ বক্রাদি আকার প্রাপ্ত হয়, তদ্রূপ এক সর্ব্বভূতের অন্তরাত্মা তত্তদুপাধি বশতঃ ভিন্নবৎ প্রতীয়মান হইলেও লৌকিক দুঃখদ্বারা বিলিপ্ত হয়েন না। কারণ ইনি বাহ্য অর্থাৎ সর্ব্ব ধর্ম্মাতীত পদার্থ ॥ ৩৮ ॥ যে জ্ঞানী ব্যক্তি আমাকে সর্ব্বান্তর্যামী, পরিব্যাপক, স্বপ্রকাশস্বরূপ, প্রকৃতির

হিরণ্যগর্ভং বিদধামি পূর্ব্বং
বেদাংশ্চ তস্মৈ প্রহিণোমি যোঽহম্।
তং দেবমীড্যং পুরুষং পুরাণং
নিশ্চিত্য মাং মৃত্যুমুখ্যাৎ প্রমুচ্যতে ॥৪০॥
এবং শান্ত্যাদিযুক্তঃ সন্বেত্তি মাং তত্ত্বতস্তু যঃ।
নির্ম্মুক্তদুঃখসন্তানঃ সোঽন্তে ময্যেব লীয়তে ॥ ৪১ ॥

ইতি শ্রীপদ্মপুরাণে শিবগীতাসূপনিষৎসু ব্রহ্মবিদ্যায়াং
যোগশাস্ত্রে শিবরাঘব-সংবাদে উপাসনাজ্ঞান-
ফলং নাম দ্বাদশোঽধ্যায়ঃ ॥ ১২ ॥

মোক্ষায় অন্যঃ পন্থা নাস্তীত্যর্থঃ ॥ ৩৯ ॥ হিরণ্যগর্ভং ব্রহ্মাণং বিদধামি সৃজামি। প্রহিণোম্যুপদিশামি। ঈড্যং বরেণ্যং নিশ্চিত্য স্বাত্মত্বেন জ্ঞাত্বা ॥ ৪০ ॥ উপসংহৃতি এবমিতি। সন্তানং পরম্পরা। লীয়তে উপাধিনাশাৎ মৎস্বরূপোভবতীত্যর্থঃ ॥ ৪১ ॥

ইতি শিবগীতা-টীকায়াং দ্বাদশোঽধ্যায়ঃ ॥ ১২ ॥

অতীত পুরুষ রূপে জানিতে পারেন, অর্থাৎ জীবাত্মার সহিত অভেদে সাক্ষাৎ করিতে পারেন, সেই বিদ্বান্ ব্যক্তি এই সংসারে মুক্ত হইয়া থাকেন। এই প্রকার আত্মজ্ঞান ব্যতীত মুক্তির আর অন্য পন্থা নাই ॥৩৯॥ আমিই হিরণ্যগর্ভ অর্থাৎ ব্রহ্মাকে সৃষ্টি করিয়াছি, এবং আমিই তাঁহাকে বেদোপদেশ করিয়াছি, এতাদৃশ বরণীয় পুরুষ আমাকে যিনি স্বাত্মরূপে নিশ্চয় করিতে পারেন, তিনি মৃত্যুমুখ হইতে বিমুক্ত হয়েন ॥ ৪০ ॥ এইপ্রকারে শান্ত্যাদি গুণসম্পন্ন হইয়া যে ব্যক্তি আমাকে যথার্থরূপে জানিতে পারে সে সমস্ত দুঃখ অর্থাৎ ত্রিবিধ দুঃখ হইতে মুক্ত হইয়া অন্তে আমাতেই লয়প্রাপ্ত হইয়া থাকে ॥ ৪১ ॥

ইতি শিবগীতায় দ্বাদশ অধ্যায় সমাপ্ত।

ত্রয়োদশোঽধ্যায়ঃ।

শ্রীসূত উবাচ।

এবং শ্রুত্বা কৌশলেয়স্তুষ্টো মতিমতাম্বরঃ।
পপ্রচ্ছ গিরিজাকান্তং সুভগং মুক্তিলক্ষণম্ ॥ ১

শ্রীরাম উবাচ।

ভগবন্! করুণাবিষ্টহৃদয়! ত্বং প্রসীদ মে।
স্বরূপলক্ষণং মুক্তেঃ প্রব্রূহি পরমেশ্বর! ॥ ২ ॥

এবমুপাসাবিধিশ্রবণানন্তরং রামঃ কিং পৃষ্টবানিতি বিবক্ষূন্ মুনীন্ প্রতি সূত আহ এবং শ্রুত্বেতি। সুভগং শোভনং। ১। পূর্ব্বাধ্যায়ান্তে সোঽন্তে ময্যেব লীয়ত ইতি সামান্যতোমুক্তিস্বরূপং শ্রুত্বা বিস্তরতঃ শুশ্রূষুরাম উবাচ ভগবন্নিতি। স্বরূপমেব লক্ষণং স্বরূপলক্ষণং যদ্বা স্বরূপং লক্ষলক্ষ ॥ ২ ॥ এবং পৃষ্টঃ শ্রীভগবান্ স্বরূপমুক্তিং বিবক্ষুরাদৌ বিদ্যাকর্ম্মজন্যাঃ সাতিশয়মুক্তীরাহ

সূতবলিলেন,—মতিমান্ গণের শ্রেষ্ঠ রাম এই প্রকার উপাসনা বিধি শ্রবণ করিয়া সন্তুষ্ট হইলেন এবং গিরিজা-বল্লভকে শোভন মুক্তির লক্ষণ বিষয় জিজ্ঞাসা করিলেন। ১ ॥ শ্রীরাম বলিলেন;—হে ভগবন্ করুণাময়চিত্ত পরমেশ্বর! আপনি আমার প্রতি প্রসন্ন হইয়া স্বরূপলক্ষণ মুক্তির বিষয় কীর্ত্তন করুন। ২। ভগবান্ মহেশ্বর বলিলেন,—হে রাঘব! মুক্তি পঞ্চ প্রকার। যথা

শ্রীভগবানুবাচ।

সালোক্যমপি সারূপ্যং সার্ষ্ট্যং সাযুজ্যমেব চ।
কৈবল্যঞ্চেতি তাং বিদ্ধি মুক্তিং রাঘব! পঞ্চধা ॥৩॥
মাং পূজয়তি নিষ্কামঃ সর্ব্বদা জ্ঞানবর্জ্জিতঃ।
স মে লোকং সমাসাদ্য ভুঙ্‌ক্তে ভোগান্
যথেপ্সিতান্ ॥ ৪ ॥

সালোক্যমিতি। সলোকস্য ভাবঃ সালোক্যং একলোকবাস ইতি যাবৎ। সারূপ্যং সমানরূপত্বং সার্ষ্ট্যং সমানৈশ্বর্য্যং ঋষ্টিঃ খড়্গঃ তেন চ ঐশ্বর্য্যং লভ্যতে। সহ যুঙ্‌ক্তে ব্যবহরতীতি সযুক্ সযুজোভাবঃ সাযুজ্যং ভূতাবেশন্যায়েন হিরণ্যগর্ভাদিদেহভোগ ইত্যর্থঃ। তদপ্রাপ্তিরেব সাযুজ্যশব্দার্থ ইত্যপি কেচিৎ। অত্র চতুষ্টয়ে মুক্তি শব্দোগৌণঃ। ইদানীং মুখ্যমুক্তিমাহ কৈবল্য-মিতি। কেবলস্য ভাবঃ কৈবল্যং ইতি গৌণমুখ্যভেদেন পঞ্চধা তাং মুক্তিং বিদ্ধি তত্তচ্ছব্দনির্ব্বচনেনৈব জানীহি। তথা চ পৃথক্ পৃথক্ লক্ষণং ন বক্তব্যমিতি ভাবঃ ॥ ৩ ॥ সালোক্যমুক্তিপ্রাপক মাহ মামিতি। জ্ঞানবর্জ্জিতঃ মৎস্বরূপানভিজ্ঞঃ তথাপি মাং শিবলিঙ্গাদৌ পূজয়তি যঃ স সালোক্যং যাতীত্যর্থঃ ॥ ৪ ॥

সালোক্য, সারূপ্য, সার্ষ্ট্য, সাযুজ্য * এবং কৈবল্য ॥ ৩ ॥ যে ব্যক্তি মৎস্বরূপা-নভিজ্ঞ হইয়া নিষ্কামভাবে আমাকে পূজা করে, সেই ব্যক্তি আমার লোক

* ভগবানের সহিত একলোকে বাস করার নাম, সালোক্য, ভগবানের সমান রূপ প্রাপ্তির নাম সারূপ্য, ভগবানের তুল্য ঐশ্বর্য্যশালী হওয়ার নাম সার্ষ্ট্য এবং ভূত যেমন অন্য মানব শরীরে প্রবেশ করিয়া বিষয় ভোগ করে, তেমনি হিরণ্যগর্ভাদির দেহে প্রবেশ পূর্ব্বক বিষয় ভোগ করার নাম সাযুজ্য।

জ্ঞাত্বা মাং পূজয়েদ্‌যস্তু সর্ব্বকামবিবর্জিতঃ।
ময়া সমানরূপঃ সন্মম লোকে মহীয়তে ॥ ৫ ॥
ইষ্টাপূর্ত্তাদিকর্ম্মাণি মৎপ্রীত্যৈ কুরুতে তু যঃ।
যৎকরোতি যদশ্নাতি যজ্জুহোতি দদাতি যৎ ॥ ৬ ॥
যত্তপস্যতি তৎ সর্ব্বং যঃ করোতি মদর্পণম্।
মল্লোকে স শ্রিয়ং ভুঙ্‌ক্তে মত্তুল্যং প্রাভবং ভজন্॥৭॥
যস্তু শান্ত্যাদিযুক্তঃ সন্মামাত্মত্বেন পশ্যতি।
স জায়তে পরং জ্যোতিরদ্বৈতং ব্রহ্ম কেবলম্।
অতঃ স্বরূপাবস্থানং মুক্তিরিত্যভিধীয়তে ॥ ৮ ॥

জ্ঞাত্বেতি। মৎস্বরূপং জ্ঞাত্বা ঈশ্বরোদয়ালুর্দ্দেবশ্রেষ্ঠইত্যাদ্যেবং জ্ঞাত্বেত্যর্থঃ। সর্ব্বকামৈঃ ক্ষুদ্রকামৈর্ব্বর্জ্জিতঃ ॥ ৫ ॥ সাযুজ্যপ্রাপকং কর্ম্মাহ শ্লোকদ্বয়েন। ময়া তুল্যং প্রাভবং ভোগাদিসামর্থ্যং ন তু জগৎ-কর্ত্তৃত্বাদি। তথাত্বে কেনেশ্বরতাপ্রসক্তিঃ স্যাৎ। অত-এব জগদ্ব্যাপারবর্জ্জমিতি সূত্রং॥ ৬—৭॥ পরমমুক্তিপ্রাপকমাহ

প্রাপ্ত হইয়া অভীপ্সিত বিষয় ভোগ করিয়া থাকে। ৪। যে ব্যক্তি আমার স্বরূপ জানিয়া সর্ব্বকামনা বিবর্জ্জিত ভাবে আমাকে অর্চ্চনা করেন, তিনি আমার সমানরূপ হইয়া আমার লোকে বসতি করিয়া থাকেন॥ ৫। যে ব্যক্তি আমার প্রীতি উদ্দেশ্য করিয়া ইষ্টাপূর্ত্তাদি ক্রিয়ার অনুষ্ঠান করে, এবং যে কিছু ক্রিয়ার অনুষ্ঠান করে, যাহা কিছু ভোজন করে, যাহা কিছু হোম করে, যাহা কিছু দান করে, এবং যে কিছু তপস্যার অনুষ্ঠান করে, তৎসমস্তই আমাতে সমর্পণ করে, সেই মানব আমার তুল্য প্রভুত্ব ভাগী হইয়া আমার লোকে শ্রীভোগ করে। ৬—৭। যিনি শাস্ত্যাদি গুণ যুক্ত হইয়া আমাকে আত্মরূপে সাক্ষাৎকার করেন, তিনি পরমজ্যোতিঃস্বরূপ অদ্বৈত

সত্যং জ্ঞানমনন্তং যদানন্দং ব্রহ্ম কেবলম্।
সর্ব্বধর্ম্মবিহীনঞ্চ মনোবাচামগোচরম্ ॥ ৯ ॥

বস্থিতি। শান্ত্যাদিশব্দেন সাধনচতুষ্টয়ানন্তরং শ্রবণমনন-নিদিধ্যাসনসংযুক্তঃ সন্নিত্যর্থঃ। মামাত্মত্বেন পশ্যতি। ননু প্রত্যক্‌ব্রহ্মণোরন্যোঽন্যতাদাত্ম্যাঙ্গীকারে সতি নাখণ্ডৈক-রসত্বং সিধ্যতি। নীলমুৎপলং ইত্যত্র সত্যপি তাদাত্ম্যে গুণদ্রব্য-কৃতভেদস্যাপি সত্বাৎ। এবং অত্রাপ্যাত্মত্ব ব্রহ্মত্বকৃতো ভেদোঽপি প্রসজ্যেতেতি চেন্ন। গুণদ্রব্যয়োঃ পরস্পরব্যভিচারেণ বৈষম্যাৎ। নীলগুণোমেঘাদাবপি বর্ত্তমান উৎপলং ব্যভিচরতি। উৎপল-দ্রব্যমপি শুক্লরক্তোৎপলয়োর্ব্বর্ত্তমানত্বাৎ নীলগুণং দ্রব্যং ব্যভি-চরতি। অতস্তত্রার্থভেদাৎ নাখণ্ডার্থত্বং। ইহ ত্বাত্মব্রহ্মণোঃ পরস্পর ব্যভিচারাভাবাদেকার্থত্বে সত্যখণ্ডত্বং। তদুক্তং নাত্মতা ব্রহ্ম-ণোঽন্যত্র ব্রহ্মতা নাত্মনোঽন্যতঃ। তাদাত্ম্যমনয়োস্তস্মাৎ নীলোৎ-পলবিলক্ষণং ইতি। এবং মামাত্মত্বেন পশ্যতি সঃ পরব্রহ্মজ্যোতিঃ স্বপ্রকাশমদ্বৈতং দ্বৈতভ্রমরহিতং জায়তে। নহি ভ্রমহেতাব-বিদ্যায়াং নিবৃত্তায়াং নির্হেতুকোভ্রমঃ সম্ভবতি অতঃ স্বরূপেণা-বস্থানং মুক্তিরিত্যর্থঃ। ইয়মেব পরমমুক্তিঃ। ব্রহ্মবিৎ ব্রহ্মৈব ভবতি ইতি শ্রুতেঃ ॥ ৮ ॥ কীদৃশং ব্রহ্ম ভবতীত্যাশঙ্ক্যাহ সত্য-মিতি। উপদেশকালে অতদ্ব্যাবৃত্ত্যর্থং সত্যত্বাদয়োধর্ম্মা ব্রহ্মণি অঙ্গীকৃতাঃ। বস্তুতঃ তস্য জ্ঞানাদিস্বরূপমেব বাচামগোচরং মুখ্যয়া

কেবল ব্রহ্ম রূপে সম্পন্ন হয়েন, তাই বলিয়াছেন ব্রহ্মস্বরূপে অবস্থিতির নামই পরম মুক্তি ॥ ৮ ॥ ইদানীং ব্রহ্ম কীদৃশ বস্তু, তাহা বলিতেছেন।—ব্রহ্ম সত্য, জ্ঞান, অনন্ত ও আনন্দ স্বরূপ। ইনি সর্ব্ব ধর্ম্ম বিহীন এবং মনোবাক্যের অগো-চব পদার্থ। ৯ ॥ ব্রহ্ম ব্যতিরিক্ত সজাতীয় বিজাতীয় অন্য পদার্থের অসম্ভব

সজাতীয়বিজাতীয়পদার্থানামসম্ভবাৎ।
অন্তস্তদ্ব্যতিরিক্তানামদ্বৈতমিতি সংজ্ঞিতম্॥ ১০॥
মত্বা রূপমিদং রাম! শুদ্ধং যদভিধীয়তে।
ময্যেব দৃশ্যতে রূপং জগৎ স্থাবরজঙ্গমম্॥ ১১॥
ব্যোম্নি গন্ধর্ব্বনগরং যথা দৃষ্টং ন দৃশ্যতে।
অনাদ্যবিদ্যয়া বিশ্বং সর্ব্বং ময্যেব কল্প্যতে॥ ১২॥

বৃত্ত্যেতি প্রাক্ প্রপঞ্চিতং॥ ৯॥ সজাতীয়েতি। তদ্ব্যতিরিক্তানাং ব্রহ্মব্যতিরিক্তানামিত্যর্থঃ। সজাতীয়বিজাতীয়পদার্থানাং অসম্ভবাৎ তেষামন্তঃ অভাবস্বরূপমিত্যর্থঃ। অয়মাশয়ঃ। অদ্বৈতমিতি যৎ সংজ্ঞিতং তৎ অন্ত ইত্যন্বয়ঃ। অদ্বৈতমিতি তাবৎ দ্বৈতবিরহরূপং তদ্বিশিষ্টং বা বোধ্যতে। উভথাপি ন বিরোধঃ। ভাবস্বরূপস্যাপি ঘটস্য প্রাগভাবাভাবস্বরূপত্ববৎ ভাবস্বরূপস্যাপি ব্রহ্মণঃ প্রপঞ্চাভাবস্বরূপত্বমিতি। বিশিষ্টত্বপক্ষে নঞ্ভাবেনাদ্বৈতত্বং ব্যাহন্যতে। ভাবাদ্বৈতস্যৈবাঙ্গীকারাৎ॥ ১০॥ যদিদং শুদ্ধরূপমভিধীয়তে শ্রুতিভির্লক্ষণয়েতি শেষঃ। হে রাম! তং মত্বা স্বাত্মত্বেন জ্ঞাত্বা ব্রহ্মৈব ভবতীতি শেষঃ। স্বস্মিন্নধ্যারোপস্যাপবাদমাহ ময্যেবেতি। রূপ্যত ইতি রূপং অবিদ্যাকার্য্যং স্থাবর জঙ্গমাত্মকং জগৎ দৃশ্যতে॥ ১১॥ ব্যোম্নি গন্ধর্ব্বনগরং যথা দৃষ্টমপি ন দৃশ্যতে মিথ্যা প্রতীয়তে তদ্বৎ বিশ্বং ময়ি তিষ্ঠতি॥ ১২॥

বশতঃ ব্রহ্ম অদ্বৈত নামে অভিহিত হয়েন॥ ১০॥ হে রাম! এই যে শুদ্ধ ব্রহ্মস্বরূপ কীর্ত্তন করিলাম, ইহাকে স্বাত্মরূপে জানিয়া জীব মুক্ত হইয়া থাকে। এই শুদ্ধ ব্রহ্মস্বরূপ আমাতেই অবিদ্যা দ্বারা দৃশ্যমান স্থাবর জঙ্গমাত্মক জগৎ পরিলক্ষিত হইয়া থাকে॥ ১১॥ যেমন আকাশে গন্ধর্ব্ব নগর পরিদৃষ্ট

মম স্বরূপজ্ঞানেন যদাঽবিদ্যা প্রণশ্যতি।
তদৈক এব বর্ত্তেঽহং মনোবাচামগোচরঃ ॥ ১৩ ॥
সদৈব পরমানন্দঃ স্বপ্রকাশশ্চিদাত্মনা।
ন কালঃ পঞ্চ ভূতানি ন দিশো বিদিশশ্চ ন ॥ ১৪ ॥
মদন্যন্নাস্তি যৎ কিঞ্চিত্তদা বর্ত্তেঽহমেকলঃ ॥ ১৫ ॥
ন সংদৃশে তিষ্ঠতি মে স্বরূপং
ন চক্ষুষা পশ্যতি মান্তু কশ্চিৎ।

মমেতি। নিরুপাধিমৎস্বরূপজ্ঞানেনেত্যর্থঃ। যদা জীবেশ্বরভেদ-বিধায়িনী অবিদ্যা প্রণশ্যতি তদা এক এবাহং বর্ত্তে। মনোবাচামগোচর মিত্যনেন সর্ব্ববৃত্তিশূন্যতা প্রদর্শিতা ॥ ১৩ ॥ সদেতি। যদ্যপ্যহং সদা পরমানন্দাদিরূপএব তথাপি কালপঞ্চভূতদিগাদি-ভিন্নং সর্ব্বমধিষ্ঠানং সাক্ষাৎকারেণ বাধ্যতে। তদা একএব বর্ত্ততে। অন্যদা তু জড়েন বিশিষ্ট ইতি মোক্ষসংসারদশয়োর্বৈ-লক্ষণ্যোপপত্তিঃ ॥ ১৪—১৫ ॥ নির্গুণং ব্রহ্ম লক্ষণেনোপনিষদ্ভিঃ প্রতিপাদ্যতইত্যাহ ন সংদৃশইতি। কঠশ্রুতিমেব শ্লোকতঃ সং-

হইলে ও পরমার্থতঃ মিথ্যা পদার্থ, তেমনি অনাদি অবিদ্যা বশতঃ আমাতে এই বিশ্ব দৃষ্ট হইলে ও পরমার্থ কল্পে উহা মিথ্যা বস্তু জানিবে ॥ ১২ ॥ যখন আমার শুদ্ধ স্বরূপের জ্ঞান দ্বারা অবিদ্যা বিনষ্ট হইয়া যায়, তখন মনোবাক্যের অবিষয়ীভূত একমাত্র আমিই বর্ত্তমান থাকি ॥ ১৩ ॥ আমি সর্ব্বদাই পরমানন্দ স্বপ্রকাশ চিদ্রূপে অবস্থিত আছি। কাল, পঞ্চভূত, দিক্ বিদিক্ কিছুই আমার স্বরূপ নহে, আমি এতৎ সমস্ত হইতে পৃথক্ ॥ ১৪ ॥ মদ্ব্যতিরিক্ত অন্য কোন বস্তুরই অস্তিত্ব নাই এই প্রকার জ্ঞানের উদয় হইলে, তখন আমি একই বর্ত্তমান থাকি ॥ ১৫ ॥ আমার নীল, পীত, হ্রস্ব দীর্ঘাদি কোন প্রকার

হৃদা মনীষামনসাভিকপ্তং
যে মাং বিদুস্তে হ্যমৃতা ভবন্তি ॥ ১৬ ॥

শ্রীরামউবাচ।

কথং ভগবতো জ্ঞানং শুদ্ধং মর্ত্ত্যস্য জায়তে।
তত্রোপায়ং হর! ব্রূহি ময়ি তেঽনুগ্রহো যদি ॥১৭॥

গৃহ্নাতি। সংদৃশে সম্যগ্দ্রষ্টুং মে মম স্বরূপং নীলপীতহ্রস্বদীর্ঘাদ্যাকারং ন তিষ্ঠতি ন বিদ্যতে। অতএব কশ্চিদপি ব্রহ্মাদি জীবঃ চক্ষুষা মাং ন পশ্যতি। যথা রূপরাহিত্যাচ্চক্ষুরবিষয়ত্বং তথা শব্দাদিরাহিত্যাচ্ছ্রোত্রাদ্যবিষয়ত্বং কঠশ্রুত্যোবোক্তং। অশব্দমস্পর্শমরূপমব্যয়মরসং নিত্যমগন্ধবচ্চ। ইতি। কথং তর্হি দ্রষ্টব্যস্ত্বমিত্যাকাঙ্ক্ষায়ামাহ হৃদেতি। হৃৎস্থা যা মনীষা শ্রবণাত্মিকা তয়া বুদ্ধ্যা। সুপাংসুলুক্ ইতি ডাদেশঃ। মননা মননেন অভিকপ্তং অভিপ্রকাশিতং নিদিধ্যাসিতমিতি যাবৎ। ঈদৃশং মাং বিদুঃ সাক্ষাৎ কুর্ব্বন্তি তে অমৃতা ভবন্তি। তথাচ শব্দাদপ্যপরোক্ষজ্ঞানং ভবতীতি ভাবঃ ॥ ১৬ ॥ এবমুক্তব্রহ্মসাক্ষাৎকারস্য দুঃশকত্ব মাশঙ্কমানঃ পৃচ্ছতি কথমিতি। ভগবতঃ শুদ্ধং নিরুপাধিকং ॥ ১৭ ॥ এবং পৃষ্টোভগবানাহ বিরজ্যেতি। আবিরিঞ্চিপদাৎ ব্রহ্মলোক-

---

আকৃতি নাই, অতএব ব্রহ্মাদি কোন জীবই চক্ষুর্দ্বারা আমাকে দেখিতে পায় না। কিন্তু যিনি হৃদয়স্থ শ্রবণাত্মিকা বুদ্ধি দ্বারা নিদিধ্যাসন পূর্ব্বক আমাকে সাক্ষাৎ করিতে পারেন তিনি অমৃত অর্থাৎ মুক্ত হইয়া থাকেন। ১৬। শ্রীরাম বলিলেন—হে মহেশ্বর! আমার প্রতি অনুগ্রহ করিয়া, মানব কি প্রকারে আপনার শুদ্ধ রূপের জ্ঞান লাভ করিতে পারে, তাহার উপায় কীর্ত্তন করুন। ১৭। শ্রীভগবান্ শিব বলিলেন,—সমস্ত প্রাণী, এমন কি ব্রহ্মলোক পর্য্যন্তেও যিনি

শ্রীভগবানুবাচ।

বিরজ্য সর্ব্বভূতেভ্য আবিরিঞ্চিপদাদপি।
ঘৃণাং বিতত্য সর্ব্বত্র পুত্রমিত্রাদিকেম্বপি ॥ ১৮ ॥
শ্রদ্ধালুর্ম্মোক্ষশাস্ত্রেষু বেদান্তজ্ঞানলিপ্সয়া।
উপায়নকরো ভূত্বা গুরুং ব্রহ্মবিদং ব্রজেৎ ॥ ১৯ ॥
সেবাভিঃ পরিতোষ্যৈনং চিরকালং সমাহিতঃ।
সর্ব্ববেদান্তবাক্যার্থং শৃণুয়াৎ সুসমাহিতঃ ॥ ২০ ॥

মভিব্যাপ্যেত্যর্থঃ। পরীক্ষ্যলোকান্ কর্ম্মচিতান্ ব্রাহ্মণো-নির্ব্বেদমায়ান্নাস্ত্যকৃতঃ কৃতেন ইতি শ্রুতেঃ। ঘৃণাং জুগুপ্সাং ॥ ১৮ ॥ শ্রদ্ধালুরিতি। লিপ্সয়া ইচ্ছয়া শ্রদ্ধালুঃ বিশ্বাসবান্ উপায়নং সমিদাদি তদ্ধ্যুক্তকরঃ। তদ্বিজ্ঞানার্থং স গুরুমেবাধিগচ্ছেৎ সমিৎপাণিঃ শ্রোত্রিয়ং ব্রহ্মনিষ্ঠং ইতি শ্রুতেঃ ॥ ১৯ ॥ সেবাভিরিতি। চিরকালং সেবাভির্জলাহরণবস্ত্রক্ষালনগোরক্ষণ-পাদসম্বাহনাদিরূপাভিরেনং গুরুং পরিতোষ্য তোষং গময়িত্বা সমাহিতোঽপ্রমত্তঃ সর্ব্ববেদান্তবাক্যার্থং অবান্তরতাৎপর্য্যমহাতাৎ-পর্য্যাভ্যাং শৃণুয়াৎ। বাক্যার্থাববোধে গুরুপ্রসাদএব কারণমিতি ভাবঃ। যস্য দেবে পরাভক্তি র্যথা দেবে তথা গুরৌ। তস্যৈতে কথিতাহ্যর্থাঃ প্রকাশন্তে মহাত্মনঃ ইতি শ্রুতেঃ। তদ্বিদ্ধি প্রণি-

---

বিরক্ত হইয়াছেন, এবং পুত্র মিত্রাদি বিষয়ে যাঁহার ঘৃণাভাব সম্পাদিত হইয়াছে, যিনি বেদান্ত জ্ঞান লিপ্সু হইয়া মোক্ষ প্রতিপাদক শাস্ত্রবিষয়ে শ্রদ্ধা-সম্পন্ন, তিনি হস্তে সমিদাদি গ্রহণ পূর্ব্বক ব্রহ্মবিৎ গুরুর শরণাগত হইবেন ॥ ১৮—১৯ ॥ এবং বহুকাল সমাহিত চিত্তে গুরুর সন্তোষ সাধন করিয়া

সর্ব্ববেদান্তবাক্যানা মপি তাৎপর্য্যনিশ্চয়ম্।
শ্রবণং নাম তৎপ্রাহুঃ সর্ব্বে তে ব্রহ্মবাদিনঃ ॥ ২১।
লোহমণ্যাদিদৃষ্টান্তৈর্যুক্তিভির্যদ্বিচিন্তনম্।
তদেব মননং প্রাহুর্ব্বাক্যার্থস্যোপবৃংহণম্ ॥ ২২ ॥
নির্ম্মমো নিরহঙ্কারঃ সমঃ সঙ্গবিবর্জ্জিতঃ।
সদা শান্ত্যাদিযুক্তঃ সন্নাত্মন্যাত্মানমীক্ষতে ॥ ২৩ ॥
যৎ সদা ধ্যানযোগেন তন্নিদিধ্যাসনং স্মৃতম্ ॥ ২৪।

পাতেন পরিপ্রশ্নেন সেবয়া ইতি স্মৃতেশ্চ ॥ ২০ ॥ সর্ব্ববেদান্তেতি। বেদান্তবাক্যানামুপক্রমাদিভিস্তাৎপর্য্যগ্রাহকৈঃ ষড়্ভির্লিঙ্গৈর্বিশুদ্ধে ব্রহ্মণি তাৎপর্য্যনির্ণয়ানুকূলোমানসব্যাপারঃ শ্রবণশব্দার্থঃ। অতএব জ্ঞানবিধিং নিরাকুর্ব্বতামপি শ্রবণবিধ্যভ্যুপগমো ন বিরুধ্যতে। তাৎপর্য্যন্তু তৎপ্রতীতীচ্ছয়োচ্চরিতত্বং প্রতীতিজনকত্বং বা ॥ ২১ ॥ লোহেতি। লোহমণ্যাদিদৃষ্টান্তাঃ শ্রুতিষু প্রসিদ্ধাবেদিতব্যাঃ ॥ ২২ – ২৩ ॥ যৎ সদেতি। ধ্যানযোগেন তদ্রূপেণোপায়েনেত্যর্থঃ। যোগঃ সন্নহনোপায়ধ্যানসঙ্গতিযুক্তিষু ইত্যমরঃ। আত্মনি বুদ্ধাবাত্মানং সচ্চিদানন্দস্বরূপং ঈক্ষতে যত্তদ্ধ্যানং নিদিধ্যাসনং স্মৃতমিত্যর্থঃ। বিজাতীয়বৃত্ত্যভাবেন সজা-

---

অপ্রমত্ত ভাবে সমস্ত বেদান্ত বাক্যার্থ শ্রবণ করিবেন ॥ ২০ ॥ ব্রহ্মবাদিগণ সমস্ত বেদান্ত বাক্যের তাৎপর্য্য নিশ্চয় করার নামই শ্রবণ বলিয়া কীর্ত্তন করিয়া থাকেন ॥ ২১ ॥ লোহ মণি প্রভৃতি সর্ব্ব বেদান্ত প্রসিদ্ধ দৃষ্টান্ত রূপ যুক্তিদ্বারা তত্ত্বমস্যাদি বাক্যার্থের বিচার করার নাম মনন ॥ ২২ ॥ নির্ম্মম, নিরহঙ্কার, সর্ব্ব ভূতে সমভাবাপন্ন, সঙ্গ রহিত, এবং সর্ব্বদা শান্ত্যাদিগুণযুক্ত

সর্ব্বকর্ম্মক্ষয়বশাৎ সাক্ষাৎকারোঽপি চাত্মনঃ।
কস্যচিজ্জায়তে শীঘ্রং চিরকালেন কস্যচিৎ ॥ ২৫ ॥
কূটস্থানীহ কর্ম্মাণি কোটিজন্মার্জ্জিতান্যপি।
জ্ঞানেনৈব বিনশ্যন্তি ন তু কর্ম্মাযুতৈরপি ॥ ২৬ ॥

তীয়বৃত্তিধারণং নিদিধ্যাসনশব্দার্থঃ ॥ ২৪ ॥ কৃতেঽপি নিদিধ্যাসনে প্রতিবন্ধকসদ্ভাবাভ্যাং সাক্ষাৎকারবিলম্বৌ প্রতিপাদয়তি সর্ব্বকর্ম্মেতি। জ্ঞানোৎপত্ত্যা বন্ধককর্ম্মণাং ক্ষয়বশাচ্ছীঘ্রং কস্যচিদাত্মসাক্ষাৎকারোজায়তে। প্রতিবন্ধকসদ্ভাবে তু বিলম্বেনেত্যর্থঃ ॥ ২৫ ॥ কূটস্থানীতি। কূটস্থানি অনারব্ধকার্য্যাণি কোটিজন্মভিরর্জ্জিতান্যপি জ্ঞানেনৈব বিনশ্যন্তি। কর্ম্মণাং শ্রৌতস্মার্ত্তাদীনামযুতৈরপি অনেককর্ম্মানুষ্ঠানৈরপি ন নশ্যন্তীত্যর্থঃ। যথৈধাংসি সমিদ্ধোঽগ্নি র্ভস্মসাৎ কুরুতেঽর্জ্জুন ইতি স্মৃতেঃ। নাভুক্তং ক্ষীয়তে কর্ম্ম কল্পকোটিশতৈরপি ইতিশ্রুতিজ্ঞানাদন্যত্র কর্ম্মক্ষয়াভাবে মানং। অনেন সর্ব্বেষাং সঞ্চিতকর্ম্মাণাং জ্ঞাননাশ্যত্বমুক্তং ॥ ২৬ ॥ জ্ঞানাদূর্দ্ধমিতি। পুণ্যং পুণ্যসাধনং বিহিতং কর্ম্মেত্যর্থঃ। পাপং পাপসাধনং নিষিদ্ধং কর্ম্মেত্যর্থঃ। যজ্জ্ঞানিনাল্পং

হইয়া ধ্যানযোগদ্বারা আত্ম-সাক্ষাৎকার করার নাম নিদিধ্যাসন ॥ ২৩—২৪ ॥ যাঁহার জ্ঞান প্রতি বন্ধক কর্ম্মের সহসা ক্ষয় হয়, তিনি হঠাৎই আত্ম সাক্ষাৎকারে অধিকারী হয়েন, আর যাঁহার শীঘ্র না হয়, তিনি বহুকালে আত্ম সাক্ষাৎকার লাভ করিতে সমর্থ হয়েন ॥ ২৫ ॥ জ্ঞান উৎপন্ন হইলে কোটি জন্মার্জ্জিত কূটস্থ অর্থাৎ যাহার কার্য্য আরব্ধ হয় নাই, তাদৃশ কর্ম্মরাশি বিনষ্ট হইয়া থাকে, কিন্তু জ্ঞান ব্যতীত এই কর্ম্মরাশি বহুসহস্র কর্ম্মের দ্বারা ও বিনষ্ট হইতে পারে না ॥ ২৬ ॥ এক বার জ্ঞান সমুৎপন্ন হইলে তৎপর

জ্ঞানাদূর্দ্ধন্তু যৎ কিঞ্চিৎ পুণ্যং বা পাপমেব বা।
ক্রিয়তে বহু বাল্পম্বা ন তেনায়ং বিলিপ্যতে ॥ ২৭॥
শরীরারম্ভকং যত্তু প্রারব্ধং কর্ম্ম জন্মিনঃ।
তদ্ভোগেনৈব নষ্টং স্যান্ন তু জ্ঞানেন নশ্যতি ॥ ২৮ ॥
নির্ম্মোহো নিরহঙ্কারো নির্লেপঃ সঙ্গবর্জ্জিতঃ।
সর্ব্বভূতেষু চাত্মানং সর্ব্বভূতানি চাত্মনি।
যঃ পশ্যন্ সঞ্চরত্যেষ জীবন্মুক্তোঽভিধীয়তে ॥ ২৯।

বহু বা ক্রিয়তে তেন কর্ম্মণাঽয়ং জ্ঞানী ন লিপ্যতে ॥ ২৭ ॥ শরীরা-রম্ভকমিতি। জন্মিনোদেহিনোঽপি জ্ঞানিনঃ যৎ প্রকৃতশরীরা-রম্ভকং প্রারব্ধং কর্ম্মোচ্যতে। তত্তু ভোগেনৈব নষ্টং স্যাৎ ক্ষীয়ত ইত্যর্থঃ। নতু জ্ঞানেন নশ্যতি অত্র প্রমাণানি। তদধিগম উত্তর-পূর্ব্বাঘয়োরশ্লেষবিনাশৌ তদ্ব্যপদেশাৎ। তস্য তাবদেবচিরং ইতি। যথা পুষ্করপলাশ আপোন শ্লিষ্যং তএবংবিদি পাপকর্ম্ম ন শ্লিষ্যতে। ইতি ॥ ২৮ ॥ নন্বু নিদিধ্যাসনস্যাত্মসাক্ষাৎকারহেতুত্বে শতশোনিদিধ্যাসনানামপি কেষাঞ্চিৎ সাক্ষাৎকারানুপপত্তিঃ কথং সমর্থয়িতব্যেত্যাশঙ্ক্যাহ নির্ম্মোহ ইতি। নির্গতোমোহোঽবিবেকো-যস্মাৎ স তথা বিবেকসম্পন্ন ইত্যর্থঃ। নিরহঙ্কারঃ দেহাধ্যাসর-

পুণ্যই করুক, আর পাপই করুক, উহা বহুই হউক বা অল্পই হউক, তদ্দ্বারা জীব বিলিপ্ত হয় না ॥ ২৭ ॥ প্রাণীর এই দেহারম্ভক যে প্রারব্ধ কর্ম্ম, তাহা একমাত্র ভোগের দ্বারাই বিনষ্ট হইয়া থাকে। তাহা বিনষ্ট করিতে জ্ঞান ও সমর্থ নহে। ২৮ ॥ ইদানীং জীবন্মুক্ত ব্যক্তির অবস্থা বর্ণন করিতেছেন।—যিনি নির্ম্মোহ অর্থাৎ বিবেক সম্পন্ন, নিরহঙ্কার, বিষয়াসক্তিরহিত, স্ত্রীপুত্রাদি বিষয়ে

অহিনির্ল্ব্যয়িনী যদ্বদ্দ্রষ্টুঃ পূর্ব্বং ভয়প্রদা।
ততোহস্য ন ভয়ং কিঞ্চিৎতদ্বদ্দ্রষ্টুরয়ং জনঃ॥ ৩০॥

হিতঃ। নির্লেপ আসক্তিরহিতঃ। সঙ্গঃ স্ত্রীপুত্রাদ্যধ্যাসস্তেন বর্জ্জিতঃ। তদুক্তং বৃহন্নারদীয়ে। যান্যান্ হি কুরুতে জন্তুঃ সম্বন্ধান্ মনসঃ প্রিয়ান্। তএবাস্য নিখন্যন্তে হৃদয়ে শোকশঙ্কবঃ। ইতি। সর্ব্বভূতেষু চাত্মানমনুস্যূতং তথা সর্ব্বভূতানি চাত্মনি অধ্যস্তানি যঃ পশ্যন্ সঞ্চরতি এষজীবন্মুক্ত ইত্যভিধীয়তে। নির্ম্মোহ ইত্যাদিনা নিবৃত্তমায়াবরণ ইত্যর্থঃ সূচিতঃ। সঞ্চরতীতি যাবৎ প্রারব্ধং বিক্ষেপানুবৃত্তিঃ সূচিতা। ভূয়শ্চান্তে বিশ্বমায়ানিবৃত্তিঃ ইতি শ্রুতেঃ॥ ২৯॥ অহিনির্ব্ব্যয়িনীতি। অহেঃ সর্পস্য নির্ব্ব্যয়িনী ত্বক্ কঞ্চুকাপরপর্য্যায়া সা যথা দ্রষ্টুর্জনস্য পূর্ব্বং সর্পশরীরাবস্থানদশায়াং ভয়প্রদাভবতি ততঃ সর্পশরীরত্যাগানন্তরং অস্য দ্রষ্টুস্তস্যাঃ সকাশাৎ কিমপি ভয়ং ন ভবতি তদ্বদয়ং জীবন্মুক্তঃ পূর্ব্বং যেষাং ভয়প্রদ আসীত্তেষামপি সাম্প্রতং ভয়প্রদো নেত্যর্থঃ। তথ্যথা অহিনির্ব্ব্যয়িনী বল্মীকে ইত্যাদি বৃহদারণ্যকশ্রুতেঃ। তদুক্তং স্কান্দে। ত্যক্ত্বা ত্বচং পুনঃ সর্পঃ স্বাত্মত্বেন ন পশ্যতি। তথা বিদ্বান্নদেহাদি মাত্মত্বেনাধ্যবস্যতি। ইতি॥ ৩০॥ বিরজা সর্ব্ব-

সঙ্গ বিবর্জ্জিত হইয়া সর্ব্বভূতেই আত্ম সত্তার অনুভূতি এবং আত্মাতেই সমস্ত ভূতের অনুভূতি করতঃ বিচরণ করেন, তিনি জীবন্মুক্ত বলিয়া অভিহিত হয়েন॥ ২৯॥ যেমন সর্পের কঞ্চুক (ত্বক্) সর্পের গাত্রসংশ্লিষ্টাবস্থায় লোকের ভয়প্রদ হইয়া থাকে, কিন্তু যখন গাত্র হইতে বিশ্লিষ্ট হয়, তখন আর কেহই তাহা দেখিয়া ভীত হয় না তদ্রূপ জীবন্মুক্ত ব্যক্তি ও কাহারই ভয়প্রদ হয় না, অর্থাৎ জীবন্মুক্ত ব্যক্তির দেহাদির সহিত কোনই তাদাত্ম্য ভাব থাকে না, সুতরাং তাঁহার দেহাদি জনিত কোন ভয়ই হওয়া সম্ভবে না॥ ৩০॥ যখন মানবের

যদা সর্ব্বে প্রমুচ্যন্তে কামা যেঽস্য বশংগতাঃ।
অথ মর্ত্ত্যোঽমৃতো ভবত্যেতাবদনুশাসনম্ ॥ ৩১ ॥
মোক্ষস্য ন হি বাসোঽস্তি ন গ্রামান্তরমেব বা।
অজ্ঞানহৃদয়গ্রন্থিনাশো মোক্ষ ইতি স্মৃতঃ ॥ ৩২ ॥

ভূতেভ্যঃ ইত্যারভ্য এতাবৎ পর্য্যন্তং ক্রমিকাণি সাধনান্যুপন্যস্তানি। তেষু বৈরাগ্যাখ্যং সাধনমেব দুর্লভতরং তস্মিন্ সিদ্ধে উত্তরোত্তরসাধনানি জাতপ্রায়াণীত্যাশয়েনাহ যদেতি। বাসনা এব কামশব্দার্থঃ অস্য বশঙ্গতা হৃদি বিদ্যমানাইত্যর্থঃ। অথ বাসনাক্ষয়সমনন্তরমেব মর্ত্যঃ অমৃতোভবতি অনুশাসনং শিক্ষা। কিং বহুনোক্তেন বৈরাগ্যবিধুরস্য বেদান্তপাণ্ডিত্যং বণিগ্বৃত্তিরেবেতি ভাবঃ ॥ ৩১ ॥ বৈরাগ্যপূর্ব্বকং জ্ঞানোৎপত্তৌ সত্যাং ন মোক্ষে বিলম্ব ইত্যাহ মোক্ষস্যেতি। মোক্ষস্য বাসোঽবস্থানং নাস্তি কৈলাসবৈকুণ্ঠাদাবিতি শেষঃ। গ্রামাৎ গ্রামান্তরং প্রতি গমনং যথা তথা মোক্ষস্য গমনং নাস্তি। তর্হিকো নাম মোক্ষ স্তত্রাহ। অজ্ঞানং তৎ কার্য্যং হৃদয়গ্রন্থিরহিতমিতি তাদাত্ম্যাধ্যাসরূপশ্চ। তয়োর্নাশ এব মোক্ষ ইত্যর্থঃ ॥ ৩২ ॥ তত্র দৃষ্টান্তমাহ বৃক্ষাগ্রেতি। যথা বৃক্ষাগ্রাচ্চ্যুতপাদস্য ভূমিপ্রাপ্তৌ ন বিলম্ব-

---

হৃদয়স্থ বাসনারাশি প্রক্ষীণ হইয়া যায়, তখনই মানব অমৃতত্ব প্রাপ্ত হইয়া থাকে, ইহাই শ্রুতির অনুশাসন ॥ ৩১ ॥ প্রত্যেক বস্তুরই যেমন একএকটি নির্দ্দিষ্ট আবাস থাকে, তেমনি মোক্ষের কৈলাস বৈকুণ্ঠাদি কোন নির্দ্দিষ্ট বসতি স্থান নাই, অথবা মোক্ষ গ্রাম হইতে কোন গ্রামে ও গমন করে না। কেবল মাত্র অজ্ঞান জনিত হৃদয় গ্রন্থির বিনাশই মোক্ষ বলিয়া কথিত হইয়াছে ॥৩২ ॥ যেমন বৃক্ষাগ্র হইতে পদচ্যুত হইলে সেই ব্যক্তি নিশ্চয়ই অধো ভূমিতে

ব্রহ্মাগ্রচ্যুতপাদো যঃ স তদৈব পতত্যধঃ।
তদ্বজ্জ্ঞানবতো মুক্তির্জায়তে নিশ্চিতাপি তু ॥ ৩৩॥
তীর্থে চাণ্ডালগেহে বা যদি বা নষ্টচেতনঃ।
পরিত্যজন্দেহমেবং জ্ঞানাদেব বিমুচ্যতে ॥ ৩৪ ॥
সংবীতো যেন কেনাশ্নন্ ভক্ষ্যং বাঽভক্ষ্যমেব বা।
শয়ানো যত্র কুত্রাপি সর্ব্বাত্মা মুচ্যতেঽত্র সঃ ॥৩৫ ॥

তথা জ্ঞানিনোমুক্তাবপি ন বিলম্ব ইতি ভাবঃ ॥ ৩৩ ॥ তীর্থ ইতি। তীর্থে বা ভবতু চাণ্ডালগেহে বা উভয়থাপ্যবিশেষ ইতি ভাবঃ। তথা যদিবা নষ্টচেতনঃ ব্রহ্মাকারবৃত্তিশূন্যঃ যদিবা তদ্বান্ দেহং পরিত্যজন্ এবং যেন কেনাপি প্রকারেণ জীবন্মুক্তশ্চরমদেহপাতা-নন্তরং ব্রহ্মৈব ভবতীতি ভাবঃ। আবরণস্য তু পূর্ব্বমেব নিবৃ-ত্তত্বাৎ। বিক্ষেপস্য তু দেহপাতাবধিকত্বাচ্চ তস্য তাবদেব চিরং ইত্যাদি শ্রুতেশ্চ তীর্থাদিমরণং পুণ্যসাধনং চাণ্ডালগেহাদিমরণং পাপসাধনমিতি ব্যবস্থেয় মজ্ঞজনবিষয়িণ্যেব ন জ্ঞানিবিষয়িণীতি দিক্ ॥ ৩৪ ॥ জীবন্মুক্তস্য স্থিতিমাহ সম্বীত ইতি। যেন কেনো-ত্তমেনাধমেন বা বস্ত্রেণ সম্বীতঃ সম্বৃতঃ তথা ভক্ষ্যমভক্ষ্যম্বা অশ্নন্ যত্র কুত্রাপি বা শয়ানঃ স জীবন্মুক্তঃ। অত্র প্রারব্ধক্ষয়ে

পতিত হইবে, সেই প্রকার জ্ঞানবান্ ব্যক্তির ও মুক্তি নিশ্চয়ই হইবে ॥ ৩৩ ॥ জীবন্মুক্ত ব্যক্তি তীর্থেই মৃত হউন, আর চাণ্ডাল গৃহেই মৃত হউন অথবা ব্রহ্মাকার বৃত্তিশূন্য হইয়াই মৃত্যুদশা প্রাপ্ত হউন কিম্বা ব্রহ্মাকার বৃত্তিসম্পন্ন অবস্থায়ই দেহত্যাগ করুন, সর্ব্বাবস্থাতেই জ্ঞানবান্ মুক্তি ভাগী হইবেন ॥ ৩৪ ॥ সর্ব্বাত্মা জীবন্মুক্ত মানব উত্তম অধম যে কোন প্রকার বস্ত্রদ্বারাই সম্বৃত হউন

ক্ষীরাদুদ্ধৃতমাজ্যং যৎ ক্ষিপ্তং পয়সি তৎপুনঃ।
ন তেনৈবৈকতাং যাতি সংসারে জ্ঞানবাংস্তথা ॥৩৬॥
নিত্যং পঠতি যোঽধ্যায়মিমং রাম! শৃণোতি বা।
স মুচ্যতে দেহবন্ধাদনায়াসেন রাঘব! ॥ ৩৭ ॥
ততঃ সংশয়চিত্তস্ত্বং নিত্যং পঠ মহীপতে!।
অনায়াসেন তেনৈব সর্ব্বথা মোক্ষমাপ্স্যসি ॥ ৩৮ ॥

ইতি শ্রীপদ্মপুরাণে শিবগীতাসূপনিষৎসু ব্রহ্মবিদ্যায়াং
যোগশাস্ত্রে শিবরাঘবসংবাদে মুক্তিকথনং
নাম ত্রয়োদশোঽধ্যায়ঃ ॥ ১৩ ॥

সতি মুচ্যতে। ইদং লোকদৃষ্ট্যোক্তং। যতোঽসৌ সর্ব্বাত্মা প্রপঞ্চাধিষ্ঠানং তস্য মোক্ষ ইত্যুপচারমাত্রমিতি ভাবঃ ॥ ৩৫ ॥ জীবন্মুক্তাবস্থায়াং বাধিতানুবৃত্ত্যা দেহাদিসংসারং পশ্যন্নপি পূর্ব্ববত্তেন ন লিপ্যত ইত্যস্মিন্নর্থে লৌকিকং দৃষ্টান্তমাহ ক্ষীরাদিতি ॥ ৩৬—৩৭ ॥ তত ইতি। অসম্ভাবনাদিভিঃ সন্দিহানচিত্তস্ত্বং নিত্যমিমং মোক্ষসাধনীভূতক্রমমনুষ্ঠাতুমসমর্থশ্চেত্তর্হি ইমমধ্যায়ং নিত্যং পঠ তেনৈব মোক্ষং প্রাপ্স্যসি। কালান্তরেণোক্তসাধন-

না কেন, ভক্ষ্যাভক্ষ্য যাহাই আহার করুন না কেন, এবং যে কোন স্থানেই শয়ান থাকুন না কেন প্রারব্ধ কর্ম্মের ক্ষয় হইলেই মুক্ত হইয়া থাকেন। ৩৫ ॥ যেমন দুগ্ধ হইতে ঘৃতকে একবার পৃথক্ করিতে পারিলে আর তাহাতে মিলিত হয় না, সেই প্রকার যে ব্যক্তি দেহাদি হইতে আত্মাকে একবার পৃথক্ করিতে পারিয়াছেন, সেই জ্ঞানবান্ ব্যক্তি আর সংসারে বিলিপ্ত হয়েন না ॥ ৩৬ ॥ হে রঘূত্তম রাম! যে ব্যক্তি নিত্য এই অধ্যায়টী পাঠ বা শ্রবণ করে, সেই ব্যক্তি অনায়াসে দেহ বন্ধন হইতে বিমুক্ত হয়। ৩৭। হে মহীপতে! তুমি

চতুর্দ্দশোঽধ্যায়ঃ।

শ্রীরাম উবাচ।

ভগবন্! যদি তে রূপং সচ্চিদানন্দবিগ্রহম্।
নিশ্চলং নিষ্ক্রিয়ং শান্তং নিরবদ্যং নিরঞ্জনম্॥ ১॥

সম্পন্নঃ সন্নিত্যর্থঃ। রামং নিমিত্তীকৃত্য লোকানুগ্রহার্থ ময়ং গীতোপদেশো ন তু রামং প্রতি তস্য ব্রহ্মরূপত্বাদিতি হৃদয়ং॥ ৩৮॥

ইতি শিবগীতা-টীকায়াং ত্রয়োদশোঽধ্যায়ঃ॥ ১৩॥

এবং মহতা প্রবন্ধেন ব্রহ্মসাক্ষাৎকারসাধনানিপ্রতিপাদিতানি তানি শ্রুত্বা পুনরুপায়ান্তরমাকাঙ্ক্ষমাণঃ শ্রীরাম আহ ভগবন্নিতি। যদীত্যস্য যদ্যপীত্যর্থঃ। হে ভগবন্! তে রূপং সচ্চিদানন্দাত্মকং নিষ্কলং অবয়বরহিতং নিষ্ক্রিয়ং উৎক্ষেপণাদিপঞ্চবিধকর্ম্মরহিতং অতএব শান্তং নিস্তরঙ্গসমুদ্রসদৃশং নিরবদ্যং নির্দ্দোষং অপাপবিদ্ধং ইতি শ্রুতেঃ। নিরঞ্জনং নিঃসঙ্গং॥ ১॥ সর্ব্বধর্ম্মবিহীনং ধর্ম্ম-

---

মসম্ভাবনাদি দ্বারা সন্দিগ্ধচিত্ত হইয়াছ, অতএব তুমি নিত্য ইহা পাঠ কর, তাহা হইলে অনায়াসে মোক্ষ প্রাপ্ত হইবে॥ ৩৮॥

ইতি শিবগীতায় ত্রয়োদশ অধ্যায় সমাপ্ত।

শ্রীরাম বলিলেন, ভগবন্ শঙ্কর! আপনি যদি সচ্চিদানন্দ মূর্ত্তি, অবয়বরহিত, নিষ্ক্রিয়, নিস্তরঙ্গসমুদ্রসদৃশ প্রশান্ত, নির্দ্দোষ, নিঃসঙ্গ, সর্ব্বধর্ম্মবিহীন, মন বাক্যের অগোচর, সর্ব্বত্র অনুস্যূত হইয়া প্রকাশমান রূপে অবস্থিত, আত্মবিদ্যা ও তপস্যাগম্য, উপনিষদাবলীর তাৎপর্য্যবিষয়ীভূত, অপরি

সর্ব্বধর্ম্মবিহীনঞ্চ মনোবাচামগোচরম্।
সর্ব্বব্যাপিতয়াত্মানমীক্ষতে সর্ব্বতঃ স্থিতম্ ॥ ২ ॥
আত্মবিদ্যাতপোমূলং তদ্ব্রহ্মোপনিষৎ পরম্।
অমূর্ত্তং সর্ব্বভূতাত্মাকারং কারণকারণম্ ॥ ৩ ॥
যত্তদদ্রেশ্যমগ্রাহ্যং তদ্‌গ্রাহ্যং বা কথং ভবেৎ।
অত্রোপায়মজানানস্তেন ভিন্নোঽস্মি শঙ্কর! ॥ ৪ ॥

ধর্ম্মিকল্পনায়া অবিদ্যামূলকত্বাৎ। অতএব মনোবাচা মগোচরং সর্ব্বতঃ স্থিতং আত্মানং বিশ্বভূতং ত্বাং প্রতি যথাবৎ ঈক্ষতে প্রকাশতে। সর্ব্বব্যাপিতয়া সর্ব্বত্রানুস্যূততয়েত্যর্থঃ। তব মায়োপহিতত্বেঽপ্যনাবৃতস্বরূপত্বাদিতিভাবঃ ॥ ২ ॥ অনাবৃতস্বরূপস্য বিশ্বীভূতস্যেশ্বরস্য তব যৎ সর্ব্বদা প্রত্যক্ষং তৎ বস্তু কীদৃশং তদাহ আত্মেতি। আত্মবিদ্যা চ তপশ্চ তদুভয়ং মূলং সাধনং যস্মিন্ তৎ। সর্ব্বেষাং জীবানাং পরোক্ষত্বাৎ ব্রহ্ম নিরতিশয়বৃদ্ধিমৎ। উপনিষদাং পরং মহাতাৎপর্য্যবিষয়ীভূতং অমূর্ত্তং অপরিচ্ছিন্নং সর্ব্বে ভূতাত্মানো জীবা আকারা অংশা ইবাংশা যস্য তত্তথা। তদনুপ্রবিশ্য সচ্চ ত্যচ্চা ভবৎ ইতি শ্রুতেঃ। সর্ব্বেষাং কারণানাং মায়াদীনাং অপি কারণং সত্তাপ্রদত্বাৎ ॥ ৩ ॥ যত্তদিতি। যদ্ব্রহ্ম অদ্রেশ্যং অদৃশ্যমিত্যর্থঃ তথা অগ্রাহ্যং দুর্ব্বিজ্ঞেয়ং এতাদৃশং তৎ কথং বা গ্রাহ্যং ভবেৎ তব তু বিশ্বরূপস্যানাবৃতস্বরূপত্বাৎ। তদ্ব্রহ্ম প্রত্যক্ষমেব সদাস্তি। অত্রাতিসূক্ষ্মে দুর্ব্বিজ্ঞেয়ে ব্রহ্মণি কথং চিত্তং

ছিন্ন, সর্ব্ব ভূতাত্মস্বরূপ, মায়াদির সত্তাপ্রদ অর্থাৎ প্রকাশক, অদৃশ্য এবং দুর্ব্বিজ্ঞেয় স্বরূপ হয়েন, তাহা হইলে কেমন করিয়া গ্রাহ্য হইবেন অর্থাৎ

শ্রীশিবউবাচ।

শৃণু রাজন্ ! প্রবক্ষ্যামি তত্রোপায়ং মহাভুজ ! ।
সগুণোপাসনাভিস্তু চিত্তৈকাগ্র্যং বিধায় চ ।
স্থূলসৌরাম্ভিকান্যায়াত্তত্র চিত্তং প্রবর্ত্তয়েৎ ॥ ৫ ॥

প্রবর্ত্তব্যমিতি উপায়মজানানঃ তেন কারণেন ভিন্নোঽস্মি অবিদ্যা-প্রযুক্তভেদবান্ সন্ ব্যাকুলস্তিষ্ঠামীতি ভাবঃ ॥ ৪ ॥ তত্রোপায়ং বিবক্ষুঃ শিবঃ আহ শৃণ্বিতি। সগুণস্য মমোপাসনাভিরারাধনাভি স্তত্র দুর্ব্বিজ্ঞেয়বস্তুনি স্থূলসৌরাম্ভিকান্যায়েন চিত্তং প্রবর্ত্তয়েদিত্যন্বয়ঃ। সুরস্মৈমে সৌরা মরীচয়স্তেম্বধ্যস্তং স্বস্তঃ সৌরাম্ভঃ তস্যাখ্যানং সৌরাম্ভিকা। তৎ করোতীতি আখ্যানার্থকণিজন্তাৎ ধাত্বর্থনির্দ্দেশে ণ্বুচ্ ইক্ষুভক্ষিকেত্যাদিবৎ। উক্তন্যায়স্থিত্থং। যথা তৃষার্ত্তং দৃষ্ট্বা প্রথমং মৃগজলমিদমেব জলমিতি দর্শয়িত্বা তাবদ্দূরং প্রতারণয়া নীত্বা পশ্চাৎ বাস্তবং জলমঙ্গুলিনির্দ্দেশেনোপদিশতি।

আমরা কি প্রকারে এতাদৃশ দুর্ব্বিজ্ঞেয় ভবদীয় স্বরূপে চিত্ত সমাহিত করিব? ইহার কোনই উপায় স্থির করিতে না পারিয়া ব্যাকুল হইয়াছি ॥ ১—৪ ॥ শ্রীশিব বলিলেন,—হে মহাবাহো রাম! তোমার পৃষ্ট বিষয়ের উপায় বলিতেছি শ্রবণ কর,। প্রথমতঃ সগুণোপাসনা দ্বারা চিত্তের একাগ্রতা সাধন করতঃ স্থূলসৌরাম্ভিকান্যায় * অনুসারে পূর্ব্ব বর্ণিত আমার নির্গুণ স্বরূপে চিত্ত

* জলাশয় পর্য্যন্ত গমন করিতে অসমর্থ তৃষার্ত্ত ব্যক্তিকে মরীচিকাই জল রূপে দর্শন করাইয়া দূরে লইয়া যায়, তৎপর জলাশয় নিকটবর্ত্তী হইলে প্রকৃত জল দর্শন করাইয়া থাকে। ইহাকে স্থূল সৌরাম্ভিকা ন্যায় বলে। এখানে ও প্রথমতঃ সংসারমুক্তি অভীপ্সু মানবকে সগুণ উপাসনায় আরূঢ় করাইয়া চিত্ত শুদ্ধ হইলে পরে নির্গুণোপাসনায় প্রবৃত্ত করাইবে ইহা বুঝানের নিমিত্তই উক্ত ন্যায়ের অবতারণা করিলেন।

তস্মিন্নন্নময়ে পিণ্ডে স্থূলদেহে তনূভৃতাম্।
জন্মব্যাধিজরামৃত্যুনিলয়ে বর্ত্ততে দৃঢ়া।
আত্মবুদ্ধিরহংমানাৎ কদাচিন্নৈব হীয়তে ॥ ৬ ॥
আত্মা ন জায়তে নিত্যো ম্রিয়তে বা কথঞ্চন ॥ ৭ ॥
যৎজায়তেঽস্তি বিপরিণমতে বর্দ্ধতেঽপিচ।
ক্ষীয়তে নশ্যতীত্যেতে ষড়্ভাবা বপুষঃ স্মৃতাঃ ॥৮ ॥

এতৎ সজাতীয়াঃ শাখাচন্দ্রস্থূলারুন্ধতীত্যাদয়োঽপি জ্ঞেয়াঃ। অতোনির্গুণে চিত্তপ্রণিধানার্থং সগুণোপাস্তিঃ প্রথমং কর্ত্তব্যা। তদুক্তং। নির্ব্বিশেষং পরংব্রহ্ম সাক্ষাৎকর্ত্তুমনীশ্বরাঃ। যে মন্দাস্তেঽনুকম্প্যন্তে সবিশেষনিরূপণৈঃ ॥ বশীকৃতে মনস্তেষাং সগুণব্রহ্মশীলনাৎ। তদেবাবির্ভবেৎ সাক্ষাৎ অপেতোপাধিকল্পনাৎ ॥ ইতি ॥ ৫ ॥ উপক্রান্তন্যায়েন পঞ্চকোশান্ ক্রমেণ নিরাকর্ত্তুং প্রতিজানীতে তস্মিন্নিতি। তস্মিন্ স্থূলদেহস্বরূপে অন্নবিকারত্বাদন্নময়ে পিণ্ডে জন্মব্যাধ্যাদীনাং নিলয়ে তনূভৃতাং দেহিনাং অহংমানাদন্তঃকরণতাদাত্ম্যাধ্যাসাৎ আত্মবুদ্ধি র্দৃঢ়াস্তি সা কদাপি ন হীয়তে ॥ ৬ ॥ আত্মা কীদৃশ ইত্যাকাঙ্ক্ষায়ামাহ আত্মেতি। উভয়ত্র হেতুর্নিত্য ইতি ॥ ৭ ॥ দেহঃ কীদৃক্ ইত্যা-

---

প্রবৃত্ত করিবে ॥ ৫ ॥ শরীরিগণের অন্ন-বিকারময়, জন্ম, ব্যাধি, জরা ও মৃত্যুর আলয় স্বরূপ এই স্থূলদেহের সহিত অন্তঃকরণের তাদাত্ম্যাধ্যাসবশতঃ এই দেহে সর্ব্বদাই আত্মবুদ্ধি সুদৃঢ়রূপে বিদ্যমান রহিয়াছে, এই বুদ্ধির কখনই হীনতা হয় না ॥ ৬ ॥ বাস্তবিক পক্ষে এই দেহ আত্মা নহে, আত্মা জন্ম বিনাশ রহিত নিত্য পদার্থ, আর এই দেহ জন্ম, বিদ্যমানতা, বিপরিণাম, বৃদ্ধি, ক্ষয়, বিনাশ

আত্মনো ন বিকারিত্বং ঘটস্থনভসো যথা।
এবমাত্মাঽবপুস্তস্মাদিতি সংচিন্তয়েদ্বুধঃ ॥ ৯ ॥
মূষানিক্ষিপ্তহেমাভঃ কোশঃ প্রাণময়োভবেৎ।
ক্ষুৎপীপাসাপরাভূতো নায়মাত্মা জড়ো যতঃ ॥ ১০॥

কাঙ্ক্ষায়ামাহ যদিতি। এতে ষড়্ভাবা বিকারা ইত্যর্থঃ। বপুষোদেহস্যৈব নাত্মনঃ ॥ ৮ ॥ তত্র দৃষ্টান্তঃ যথা বিকারিত্বং ঘটস্যৈব ন তদবচ্ছিন্নস্য নভসঃ এবমাত্মবপুষোঃ পরস্পরং বৈধর্ম্ম্যে সতি অবিদ্যয়া তাদাত্ম্যাপন্নোঽহমিতি দেহমেবাত্মেতি অজ্ঞোমন্যতে। বিবেকী তু আত্মা অবপুরিতি বিচার্য্য তস্মাদন্যমাত্মানং প্রাণময়ং চিন্তয়েৎ ॥ ৯ ॥ এবং প্রাগুক্তবৈধর্ম্ম্যবলেনান্নময়স্যানাত্মত্বে নির্ণীতে তত আন্তরঃ প্রাণময় আত্মত্বেন নোপদেষ্টব্য ইত্যাশয়েনাহ মূষেতি। মূষায়াং নিক্ষিপ্তং হেম যথা তদাকারং তৎসংশ্লিষ্টং ততোঽভ্যর্হিতঞ্চ তথেতি ভাবঃ। অন্নময়স্যান্তরঃ প্রাণময়ঃ কোশোঽস্তি। অত্র ব্রহ্মভাবনাকর্ত্তব্যত্বাদুপাসনং ভবতি। ইদং সর্ব্বকোশানাং সমানং। তত্তদুপাসনফলং ব্রহ্মবল্ল্যাং স্ফুটমভিহিতং। ততঃ শুদ্ধচিত্ত এবং বিচারয়তি। অয়ং প্রাণময়ঃ কোশোনাত্মা যতোঽয়ং জড়ঃ ক্ষুৎপিপাসাভ্যাং ব্যাকুলশ্চ ॥ ১০ ॥ চিদ্রূপ

এই ষড়্ভাববিকার বিশিষ্ট অতএব দেহ আত্মা হইতে পারে না ॥ ৭—৮ ॥ ঘটের বিকার হইলে ও যেমন তৎস্থ আকাশের বিকৃতি হয় না, তেমনি দেহের বিকার হইলে ও আত্মার বিকার হয় না অতএব বিবেকী ব্যক্তি আত্মাকে দেহ হইতে ভিন্ন রূপে চিন্তা করিবেন ॥ ৯ ॥ যেমন মূষা (স্বর্ণদ্রবকরার পাত্র) নিক্ষিপ্ত স্বর্ণ তৎসংশ্লিষ্ট থাকিয়া ও তাহা হইতে বিবিক্তবস্তু, তেমনি আত্মা প্রাণময় কোশ সংশ্লিষ্ট হইয়া ও তাহা হইতে পৃথক পদার্থ, কারণ প্রাণময় কোশ ক্ষুৎপিপাসা অভিভূত জড় পদার্থ, কিন্তু আত্মা তাদৃশ নহে ॥১০॥ আত্মা

চিদ্রূপ আত্মা যেনৈব স্বদেহমভিপশ্যতি।
আত্মৈব হি পরং ব্রহ্ম নির্লেপঃ সুখনীরধিঃ ॥ ১১ ॥
ন তদশ্নাতি কিঞ্চৈতত্তদ্‌যদশ্নাতি কিঞ্চন ॥ ১২ ॥
ততঃ প্রাণময়ে কোশে কোশোঽস্ত্যেব মনোময়ঃ।
স সংকল্পবিকল্পাত্মা বুদ্ধীন্দ্রিয়সমাযুতঃ ॥ ১৩ ॥

চিদি। চিদ্রূপোজ্ঞানস্বরূপঃ। যেনাত্মনৈব স্বদেহং পশ্যতি স আত্মৈব পরং ব্রহ্ম। স কীদৃশঃ নির্লেপঃ দুঃখলেপরহিতঃ। অতএব সুখনীরধিরানন্দসমুদ্রঃ ॥ ১১ ॥ ন তদিতি। তৎ অজ্ঞানং কর্ত্তৃ এতদ্ব্রহ্ম নাশ্নাতি ন কবলীকরোতি বশীকরোতীতি যাবৎ। কিঞ্চ তদ্ব্রহ্ম কিঞ্চ ন যদজ্ঞানং অশ্নাতি স্বসত্তাকবলিতং করোতীত্যর্থঃ। এতাদৃশং ব্রহ্মপ্রাণময়ঃ কোশঃ কথং স্যাদিতি ভাবঃ। তদুক্তং শঙ্করভগবৎপাদৈঃ। অন্নপ্রাণমনোময়বিজ্ঞানানন্দপঞ্চকোশানাং। একৈকান্তরভাজাং ভজতি বিবেকাংশতানাত্মা। বপুরিদমন্নময়াখ্যঃ কোশোঽনাত্মা ঘটপ্রায়ঃ। প্রাগুৎপত্তেঃ পশ্চাৎ তদভাবস্যাপি দৃশ্যমানত্বাৎ। কোশঃ প্রাণময়োঽয়ং বায়ুবিশেষো বপুষ্যবচ্ছিন্নঃ। অস্য কথমাত্মতা স্যাৎ ক্ষুত্তৃষ্ণাভ্যামুপেযুষঃ পীড়াং ইতি॥ ১২ ॥ মনোময়কোশমাহ তত ইতি। স মনোময়ঃ সংকল্পবিকল্পস্বরূপ ইত্যর্থঃ। অন্যৎ স্পষ্টং। কুরুতে বপুষ্যহন্তাং

চিৎস্বরূপ, তদ্দ্বারাই স্বদেহের প্রকাশ হইয়া থাকে, এই আত্মাই নির্লেপ সুখসাগর পরম ব্রহ্ম পদার্থ ॥ ১১ ॥ পূর্ব্বোক্ত প্রাণময় কোশে অজ্ঞান বর্ত্তমান আছে, ইহা ব্রহ্মকে বশীকৃত করিতে পারে না অথচ তিনি অজ্ঞানকে স্বসত্তায় প্রকাশিত করিতেছেন। অতএব এতাদৃশ ব্রহ্ম কেমন করিয়া প্রাণময় কোশ হইবেন ॥ ১২ ॥ এই প্রাণময় কোশের অন্তরেই মনোময় কোশ বিদ্য-

অতোঽন্তঃকরণাধ্যাসাদধ্যাসিত্বেন চাত্মনঃ।
ভোক্তৃত্বং সাক্ষিতা চেতি দ্বৈধং তস্যোপপদ্যতে॥২৫॥
আতপশ্চাপি তচ্ছায়া তৎপ্রকাশে বিরাজতে।
একো ভোজয়িতা তত্র ভুঙ্‌ক্তেঽন্যঃ কর্ম্মণঃ
ফলম্‌ ॥ ২৬ ॥

সাক্ষিত্বং প্রাগুক্তং ব্যাকুপ্যেতেত্যাশঙ্ক্যাহ দ্রষ্টেতি। অন্তঃকরণাদীনাং ইন্দ্রিয়াণাং তথা তত্তদ্‌বৃত্তীনাং অনুভবস্মৃতিরূপাণাং স জীবো দ্রষ্টা সাক্ষীত্যর্থঃ। অন্তঃকরণাধ্যাসাৎ অধ্যাসবত্ত্বেন সাক্ষিণোঽপ্যাত্মনোভোক্তৃত্বং সাক্ষিতা চ দ্বৈধং দ্বৈবিধ্যং তস্য জীবস্যোপপদ্যতে। অন্তঃকরণস্যোপাধিত্বে সাক্ষিত্বং বিশেষণত্বে ভোক্তৃত্বঞ্চেতি। বিম্বস্য তু সাক্ষিত্বমেব। তস্যাপি অবিদ্যা বিশেষণত্বে কর্ত্তব্যং তথাপ্যনাবৃতত্বাৎ সাক্ষ্যেবেত্যুচ্যত ইতি ভাবঃ ॥ ২৫ ॥ আতপ ইতি। আতপ ইবাতপঃ অনাবৃতবিম্বস্বরূপং ছায়েব ছায়া আবৃতপ্রতিবিম্বস্বরূপং ইত্যুভয়ং কল্পিতভেদঃ। তৎপ্রকাশে তস্মিন্নেব ব্রহ্মাত্মকে প্রকাশে বিরাজতে প্রকাশতে। তত্রান্যো জীবোদুঃখসুখাদিকর্ম্মফলভোক্তা। এক ঈশ্বরোভোজয়িতা। এতেন ঋতং পিবন্তৌ সুকৃতস্য লোকে গুহাং প্রবিষ্টৌ পরমে পরার্দ্ধে। ছায়াতপাবিতি পিবদপিবতোঃ পিবচ্ছব্দোগৌণঃ। ছত্রাছত্রিশব্দবৎ। বস্তুতস্তু জীবেশ্বরব্রহ্মণামৈক্যমেব। ভেদবিধায়িণ্যা অবিদ্যায়া মিথ্যাত্বাৎ। তদুক্তং। বিভেদজনকেঽজ্ঞানে

সহিত আত্মার অধ্যাস বশতঃ ভোক্তৃত্ব ও সাক্ষিত্ব প্রতিপন্ন হইয়া থাকে ॥ ২৫ ॥ এক ব্রহ্মতেই আতপ—অনাবৃত বিম্বস্বরূপ অর্থাৎ ঈশ্বরত্ব এবং ছায়া-আবৃত প্রতিবিম্বস্বরূপ অর্থাৎ জীবত্ব প্রকাশ পাইতেছে, তন্মধ্যে যিনি ঈশ্বর,

ক্ষেত্রজ্ঞং রথিনং বিদ্ধি শরীরং রথমেব তু।
বুদ্ধিন্তু সারথিং বিদ্ধি প্রগ্রহন্তু তু মনস্তথা॥ ২৭॥
ইন্দ্রিয়াণি হয়ান্বিদ্ধি বিষয়াস্তেষু গোচরাঃ।
ইন্দ্রিয়ৈর্ম্মনসা যুক্তং ভোক্তারং বিদ্ধি পূরুষম্॥২৮॥
এবং শান্ত্যাদিযুক্তঃ সন্নুপাস্তে যঃ সদা দ্বিজঃ।
উদ্ঘাট্যোদ্ঘাট্যৈকমেকং যথৈব কদলীতরোঃ॥২৯

নাশমাত্যন্তিকং গতে। তদা জীবেশয়োর্ভেদমসন্তং কঃ করিষ্যতি॥ ইতি। তত্র কো মোহঃ কঃ শোক একত্বমনুপশ্যত ইত্যাদিশ্রুতে-রিতি দিক্॥ ২৬॥ কঠবল্লীমর্থতঃ সংগৃহ্লাতি ক্ষেত্রজ্ঞমিতি। প্রগ্রহং রসনারূপং মনোবুদ্ধিঞ্চ সারথিং॥ ২৭॥ তেষশ্বেষু সংক্র-মিতুং প্রবৃত্তেষু বিষয়াঃ শব্দাদয়ঃ গোচরাঃ সঞ্চরণপ্রদেশা ভব-ন্তীতি বিদ্ধি। তথা চ পূর্ব্বোক্তৈরিন্দ্রিয়ৈর্ম্মনসা যুক্তং পূরুষমাত্মানং ভোক্তারং বিদ্ধি অন্যথা অভোক্তারং বিদ্ধীতি ভাবঃ। তথা চ ন্যায়ঃ। যথা চ তক্ষোভয়থা ইতি॥ ২৮॥ অতএবাকর্ত্রাত্মস্বরূপ-লাভায় পঞ্চকোশনিরাসপূর্ব্বকমাত্মোপাসনং দৃষ্টান্তেনোপপাদয়তি

তিনি সুখাদি ভোগ করাইয়া থাকেন, আর জীব সুখাদি ভোগ করে॥ ২৬॥ ইদানীং কঠবল্লীয় উপনিষদর্থ সংগ্রহ করিয়া বলিতেছেন। ক্ষেত্রজ্ঞকে (জীবকে) রথী এবং শরীরকে রথ বলিয়া জানিবে। বুদ্ধি এই রথের সারথি, মন প্রগ্রহ (লাগাম) ইন্দ্রিয়গণ অশ্ব, শব্দাদি বিষয় অশ্বের গন্তব্য স্থান এবং ইন্দ্রিয় ও মন সংযুক্ত পুরুষ বা আত্মাকে ভোক্তা বলিয়া জানিবে॥ ২৭—২৮॥ যিনি শান্ত্যাদিগুণযুক্ত হইয়া এই প্রকারে উপাসনা করেন, তিনি, যেমন কদলী-তরুর এক একটী বল্কল উদ্ঘাটিত করিতে করিতে পরে সারভাগ লাভ করিতে পারা যায়, তেমনি পূর্ব্বোক্ত পঞ্চ কোশের অভ্যন্তরে মনকে প্রবিষ্ট

বল্কলানি ততঃ পশ্চাল্লভতে সারমুত্তমম্ ।
তথৈব পঞ্চকোশেষু মনঃ সংক্রাময়ন্ ক্রমাৎ ॥ ৩০ ॥
তেষাং মধ্যে ততঃ সারমাত্মানমপি বিন্দতি ॥ ৩১ ॥
এবং মনঃ সমাধায় সংযতো মনসি দ্বিজঃ ।
অথ প্রবর্ত্তয়েচ্চিত্তং নিরাকারে পরাত্মনি ॥ ৩২ ॥

এবমিতি। উদ্ঘাট্যেতি। যথা কদলীতরোরেকৈকং যথা তথা বল্কলানি উদ্ঘাট্যোদ্ঘাট্য ততঃ পশ্চাৎ সারং লভতে তথা পঞ্চসু কোশেষেকমেকং নিরাকৃত্য অপরস্মিন্ অপরস্মিন্ ক্রমান্মনঃ সংক্রাময়ন্ তেষাং মধ্যে সারভূতমাত্মানং বিন্দতি প্রাপ্নোতি। অপি শব্দাৎ যোবেদ নিহিতং গুহায়াং ইতি শ্রুতির্দর্শিতা ভবতীতি ভাবঃ। নম্বানন্দময়স্য কথং কোশত্বং কোশস্যাবিদ্যাকার্য্যত্বাৎ আনন্দময়স্ত ব্রহ্মেতি চেন্ন। আনন্দময়স্য ব্রহ্ম পুচ্ছং প্রতিষ্ঠেতি বাক্যার্থভূতসর্ব্বাধারব্রহ্মপ্রতিপত্ত্যুপায়তয়ৈব শ্রুতৌ প্রতি-পাদিতত্বাৎ। আনন্দময়োঽভ্যাসাদিত্যধিকরণে ভাষ্যকারৈরিত্থং সিদ্ধান্তিতত্বাচ্চ ॥ ২৯—৩১ ॥ তদেবং পঞ্চকোশানতিক্রম্যানন্দ-ময়াদপ্যান্তরং ব্রহ্ম পুচ্ছং প্রতিষ্ঠা ইতি শ্রুত্যা স্বপ্রাধান্যেন নির্দ্দিষ্টং বাস্তবস্বরূপমাহ এবং মন ইতি। এবমুক্তরীত্যা পঞ্চস্বপি কোশেষু নিরাকৃতেষু তদধিষ্ঠানে ব্রহ্মণি মনঃ সমাধায় মননেন স্থিরীকৃত্য। অথানন্তরং দ্বিজঃ নিরাকারে পরমাত্মনি নিদিধ্যাসনেন চিত্তং প্রবর্ত্তয়েৎ। কীদৃশোদ্বিজঃ মনসি সংযতঃ মনোনিগ্রহবানিত্যর্থঃ ॥

করিয়া ক্রমে এক একটীর বিবেক করিতে করিতে পঞ্চ কোশের সারভূত আত্মাকে লাভ করিতে পারেন ॥ ২৯—৩১ ॥ এই প্রকারে মনের সমাধান অভ্যাস করতঃ সংযতচিত্ত হইয়া নিরাকার পরমাত্মায় চিত্ত সংস্থাপিত করিবে

ততো মনঃ প্রগৃহ্লাতি পরাত্মানং হি কেবলং।
যত্তদদ্রেশ্যমগ্রাহ্যমস্থূলাদ্যুক্তিগোচরম্ ॥ ৩৩ ॥

শ্রীরাম উবাচ।

ভগবন্! শ্রবণে নৈব প্রবর্ত্তন্তে জনাঃ কথম্।
বেদশাস্ত্রার্থসম্পন্না যজ্বানঃ সত্যবাদিনঃ ॥ ৩৪ ॥
শৃণ্বন্তোঽপি তথাত্মানং জানতে নৈব কেচন।
জ্ঞাত্বাপি মন্যতে মিথ্যা কিমেতত্তব মায়য়া ॥৩৫ ॥

শ্রীশিবউবাচ।

এবমেব মহাবাহো! নাত্র কার্য্যা বিচারণা।
দৈবী হ্যেষা গুণময়ী মম মায়া দুরত্যয়া ॥ ৩৬ ॥

৩২ ॥ তত ইতি। মনঃ কেবলং পরমাত্মানং প্রগৃহ্নাতি বৃত্ত্যাভি ব্যাপ্নোতীত্যর্থঃ। কীদৃশং অদ্রেশ্যাদিশ্রুতিতাৎপর্য্যবিষয়ীভূত মিত্যর্থঃ ॥ ৩৩ ॥ এবং পঞ্চকোশবিবরণেনাদ্বয়ব্রহ্মপ্রাপ্তিং শ্রুত্বা চমৎকৃতোরামঃ ভগবন্তমাহ ভগবন্নিতি। শ্রবণে জনা নৈব প্রবর্ত্তন্ত এতৎকথং ॥ ৩৪ ॥ কেচন শৃণ্বন্তোঽপি ন জানতে। কেচন

॥ ৩২ ॥ তখন মন কেবল মাত্র অদৃশ্য, অগম্য, অস্থূল ও বাক্যের অগোচর পরমাত্মারই অনুভূতি করিতে থাকে ॥ ৩৩ ॥ শ্রীরাম জিজ্ঞাসা করিলেন,—ভগবন্। সমস্ত মানবগণ বেদশাস্ত্রার্থসম্পন্ন, যাজ্ঞিক ও সত্যবাদী হইয়া শ্রবণ বিষয়ে কেন প্রবৃত্ত হয় না? কেহ কেহ শ্রবণ করিয়া ও আত্মাকে জানিতে পারে না কেন? এবং কেহ কেহ জানিয়া ও আপনার মায়া বশতঃ মিথ্যা বলিয়া মনে করে কেন? (এই বিষয় আপনি বলুন) ॥৩৪—৩৫॥ শ্রীশিব বলিলেন,—হে মহাবাহো। তুমি যাহা জিজ্ঞাসা করিলে, তাহা ঠিক, ইহাতে আর

মামেব যে প্রপদ্যন্তে মায়ামেতাং তরন্তি তে।
অভক্তা যে মহাবাহো! মম শ্রদ্ধাবিবর্জ্জিতাঃ ॥ ৩৭॥
ফলং কাময়মানাস্তে চৈহিকামুষ্মিকাদিকং।
ক্ষয়ি স্বল্পং সাতিশয়ং ততঃ কর্ম্মফলং মতম্ ॥ ৩৮ ॥
তদবিজ্ঞায় কর্ম্মাণি যে কুর্ব্বন্তি নরাধমাঃ।
মাতুঃ পতন্তি তে গর্ভে মৃত্যোর্ব্বক্ত্রে পুনঃপুনঃ॥৩৯॥
নানাযোনিষু জাতস্য দেহিনো যস্য কস্যচিৎ।
কোটিজন্মার্জ্জিতৈঃ পুণ্যৈর্ম্ময়ি ভক্তিঃ প্রজায়তে॥৪০॥
স এব লভতে জ্ঞানং মদ্ভক্তঃ শ্রদ্ধয়ান্বিতঃ।
নান্যকর্ম্মাণি কুর্ব্বাণো জন্মকোটিশতৈরপি ॥ ৪১ ॥

পরোক্ষতয়াত্মানং জ্ঞাত্বাপি মিথ্যাভূতমেতন্মন্বতে নাদ্রিয়ন্ত ইত্যর্থঃ ॥ ৩৫—৪০ ॥ স এবেতি। নান্যকর্ম্মাণীতি। কাম্যনিষিদ্ধানি কর্ম্মাণি। এবং বহুজন্মসুকৃতয়া মদ্ভক্ত্যা জ্ঞানং প্রাপ্যত ইতি

বিচার করিতে হইবে না। আমার দৈবী ত্রিগুণাত্মিকা এই যে দুরধিগম্যা মায়া আছে, (ইহাই এতৎসমস্তের কারণ) যাহারা আমাকে প্রাপ্ত হইতে পারে, তাহারাই এই মায়াকে উত্তীর্ণ করিতে সমর্থ। হে মহাবাহো। যাহারা আমার প্রতি অভক্ত ও শ্রদ্ধাবিবর্জ্জিত, তাঁহারা কেবল মাত্র ঐহিক ও পারত্রিক ফল কামনা করিয়া থাকে। ঐ ফল ক্ষয়ি অল্প ও সাতিশয় অর্থাৎ স্বর্গাদি প্রাপক ॥ ৩৬—৩৮ ॥ যে নরাধম পুরুষ কর্ম্মের এতাদৃশ ফলের বিষয় না জানিয়া কর্ম্মানুষ্ঠান করে, তাহারা পুনঃ পুনঃ জন্ম মৃত্যুর বশবর্ত্তী হয় ॥ ৩৯ ॥ এই প্রকারে নানা যোনিতে বারম্বার জন্ম লাভ করিয়া কোটি জন্মার্জ্জিত পুণ্যফলে আমাতে ভক্তি সম্পন্ন হয় ॥ ৪০॥ এবং আমাতে সুদৃঢ়া ভক্তি ও

ততঃ সর্ব্বং পরিত্যজ্য মদ্ভক্তিং সমুদাহর ॥ ৪২ ॥
সর্ব্বধর্ম্মান্ পরিত্যজ্য মামেকং শরণং ব্রজ।
অহং ত্বাং সর্ব্বপাপেভ্যো মোক্ষয়িষ্যামি মা শুচঃ॥৪৩॥

